


ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৭০ তম বছর


অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com




JAGARAN ■ 6 April, 2024 ■ আগরতলা ৬ এপ্রিল ২০২৪ ইং ■ ২৩ চৈত্র, ১৪৩০ বঙ্গাব্দ, শনিবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা

### বিলোনীয়ায় 'শক্তিস্বরূপা' সমাবেশে

## মাতৃশক্তির স্বতঃস্ফূর্ততা বিজেপির জয়কে আরও সুদৃঢ় করবে ঃ মুখ্যমন্ত্রী



**নিজস্ব প্রতিনিধি, বিলোনিয়া, ৫ এপ্রিল।।** কংগ্রেস ও কমিউনিস্টের আমলে ত্রিপুরায় রাজনৈতিক হিংসা ও সন্ত্রাস বেশি হত। কিন্তু ২০২৩ সালে বিজেপি সরকার দেখিয়েছে রাজ্যে কিভাবে গণতন্ত্র রক্ষা করতে হয়। আজ দক্ষিণ ত্রিপুরা জেলার বিলোনীয়ায় "শক্তিস্বরূপা" সমাবেশে এমনটাই দাবি করেছেন মুখ্যমন্ত্রী অধ্যাপক (ডাঃ) মানিক সাহা।

এদিন তিনি বলেন ,আজ জনসমাবেশে মাতৃশক্তির এই স্বতঃস্ফূর্ততা বিজেপির জয়ের সংকল্পকে আরও সুদৃঢ় করবে।

এদিন তিনি বলেন, কংগ্রেসের আমলে দেশবাসী কখনো ইমার্জেন্সির কথা ভুলে নি। ইমার্জেন্সির সময় সাংবাদিক থেকে শুরু করে নেতা নেতৃত্বরা যারা প্রতিবাদী হয়েছিলেন তাঁদের জেলে দেওয়া হয়েছিল। কিন্তু হাস্যকর ব্যাপার আজ কংগ্রেসের দাবি করছে দেশে গণতন্ত্র নেই।

এদিন তিনি জোর গলায় বলেন, যেই রাজ্যে সিপিমের রাজত্ব ছিল সেই রাজ্যেই গণতন্ত্রের খুন হয়েছে। কিন্তু সন্ত্রাসের দিকে সিপিআইএমের কার্বন কপি তৃণমূল কংগ্রেস। তার উদাহরণ হল পশ্চিমবঙ্গ।

তাঁর কথায়, সংবিধানের ৩৭০ নম্বর ধারাকে অবলুপ্ত করে জম্মু ও কাশ্মীরের সমস্যার সমাধান করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। যা এর আগে কোনো প্রধানমন্ত্রী করে দেখাতে পারেননি। এই কারণেই ৩৭০ নম্বরকে সম্মান জানানোর জন্য আসন্ন লোকসভা নির্বাচন ৩৭০ নম্বরকেই ভারতীয় জনতা পার্টির একক লক্ষ্যমাত্রা হিসেবে স্থির করেছে। আর জোট শরিকদের মিলিয়ে সেই লক্ষ্যমাত্রা ৪০০ এর উপরে গিয়ে দাঁড়িয়েছে।

## বিদ্যুৎ মন্ত্রীর নাম ও ছবি দিয়ে ভুয়ো ফেইসবুক একাউন্ট

### সতর্ক থাকার বার্তা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৫ এপ্রিল ।।** বিদ্যুৎ মন্ত্রী রতন লাল নাথ নাম ও ছবি দিয়ে ভুয়ো ফেইসবুক একাউন্ট খুলে সামাজিক মাধ্যমে আর্থিক সুবিধা চাওয়া হচ্ছে। সামাজিক মাধ্যমে এই কথা নিজেই জানিয়েছেন মন্ত্রী। পাশাপাশি তিনি রাজ্যের জনগনকে প্রতারকদের থেকে সতর্ক থাকার বার্তাও দিয়েছিলেন। পাশাপাশি তিনি আরও জানিয়েছেন, এর বিরোধে আইনী ব্যবস্থা নেওয়া হচ্ছে। সাইবার ক্রাইম সংক্রান্ত ঘটনার সংখ্যা বৃদ্ধি পাওয়ায় চিন্তিত রাজ্যের জনগন। বিভিন্নভাবে এই সাইবার ক্রাইমের মাধ্যমে প্রতারিত হচ্ছেন যুবসমাজও। প্রায়শই এই ধরনের খবর উঠে আসছে। সাইবার ক্রাইম ব্রাঞ্চ আরো সক্রিয় হয়ে রাজ্যে সাইবার ক্রাইম রুখতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করুক, তবে সাধারন জনগন ও অভিভাবক মহল কিছুটা শান্তির নিশ্বাস নিতে পারবেন বলে আশা ব্যক্ত করেছেন।

### 'লো ভোটার ট্রান আউট' শীর্ষক সম্মেলন

## ভোটকেন্দ্রে ভোটারদের উপস্থিতি বাড়ানোর উপর কমিশনের গুরুত্বারোপ

**নয়াদিল্লি, ৫ এপ্রিল ।।** প্রথমবারের মতো, ভারতের নির্বাচন কমিশন ২০২৪ সালে ভোটারদের উপস্থিতি বাড়ানোর জন্য নির্বাচিত জেলাগুলির মিউনিসিপ্যাল কমিশনার এবং ডিইওদের সাথে " লো ভোটার ট্রানআউট' - বিষয়ে এক সম্মেলনের আয়োজন করেছে। ২৬৬ টি শহুরে এবং গ্রামীণ এলাকায় রেকর্ড সংখ্যক ভোটদানের নির্দেশ দিয়েছেন ভারতের নির্বাচন কমিশনার।

সিইসি রাজীব কুমার পৌর কমিশনার এবং জেলা নির্বাচন কর্মকর্তাদের এমন একটি নির্দেশ দিয়েছেন যেন প্রতিটি এলাকায় ভোটাররা নির্বাচনে স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণের জন্য আগ্রহী হয়, এই বিষয়টি নিশ্চিত করার জন্য। চলমান সাধারণ নির্বাচন ২০২৪-এর ভোটগ্রহণের আগে, ভারতের নির্বাচন কমিশন পূর্ববর্তী সাধারণ নির্বাচনে ভোট প্রদানে অংশগ্রহণের হার কম থাকায় এবারে সংসদীয় নির্বাচনী এলাকায় ভোটারদের ভোটদান বাড়ানোর প্রচেষ্টাকে ত্বরান্বিত করেছে।

আজ শুক্রবার নয়াদিল্লির নির্বাচন সদনে অনুষ্ঠিত হয়েছে দিনব্যাপী " লো ভোটার ট্রান আউট, শীর্ষক এক সম্মেলন। সেখানে ভোটদানের মাত্রা বৃদ্ধি করার বিষয়ে যাবতীয় আলোচনা করেছেন নেতৃত্বরা। প্রধান শহরগুলির মিউনিসিপ্যাল কমিশনার এবং বিহার এবং উত্তরপ্রদেশের নির্বাচিত জেলা নির্বাচন অফিসাররা ভোটারদের অংশগ্রহণ বাড়ানোর জন্য একসঙ্গে আলোচনা করেছেন।

এদিনের সম্মেলনের সভাপতিত্ব করেন প্রধান নির্বাচন কমিশনার শ্রী রাজীব কুমার এবং নির্বাচন কমিশনার শ্রী জ্ঞানেশ কুমার এবং শ্রী সুখবীর সিং সাধু। এ উপলক্ষে কমিশনের পক্ষ থেকে ভোটারদের উদাসীনতা সংক্রান্ত একটি পুস্তিকা প্রকাশ করা হয়। বিহার, উত্তরপ্রদেশ, দিল্লির এনসিটি, মহারাষ্ট্র, উত্তরাখণ্ড, তেলেঙ্গানা, গুজরাট, পাঞ্জাব, রাজস্থান, এবং ঝাড়খণ্ডের মতো ১১টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে ২০১৯ সালের লোকসভার সাধারণ নির্বাচনে জাতীয় গড় ৬৭.৪০ শতাংশের ১ চেয়ে কম ভোটার ছিল। ৯টি রাজ্যজুড়ে মোট ৫০টি গ্রামীণ পিসিগুলির মধ্যে কম ভোটার উপস্থিতি চিহ্নিত করা হয়েছে জাতীয় গড় অনুযায়ী ২০১৯ সালে।

তাই ভোটদানের মাত্রা বৃদ্ধি করতে বুথস্তর থেকে বিভিন্ন ব্যবস্থা গ্রহন করার পাশাপাশি ভোটারদের উৎসাহিত করার ☞ ৬ এর পাতায় দেখুন

### চন্দ্রপুরে নির্বাচনী সভা থেকে

## মানিক সরকারকে বিজেপিতে যোগদান করার আমন্ত্রন জানালেন বিপ্লব



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৫ এপ্রিল ।।** প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকারকে বিজেপি দলে যোগদান করার আহ্বান জানালেন প্রাক্তন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। আজ ৬ আগরতলা বিধানসভা কেন্দ্রের চন্দ্রপুরে এক নির্বাচনী জনসভায় বক্তব্যে, কংগ্রেস সিপিএম এর বিরুদ্ধে তির্যক আক্রমণ করেন তিনি। বিপ্লব কুমার দেব আশা ব্যক্ত করেন সমগ্র জীবন যাদের বিরুদ্ধে রাজনীতি করে এসেছেন, যাদের নীতি আদর্শের বিরোধ করে এসেছেন, সেই কংগ্রেসের সঙ্গে উঠতে বসতে পারবেন না মানিক সরকার। তার জন্যই এখনো পর্যন্ত তাদের কোন যৌথ কর্মসূচিতে মানিক সরকারকে দেখা যায়নি। কংগ্রেসে সিপিএম জোটের বিরোধ জানিয়ে প্রাক্তন কংগ্রেস বিধায়ক দিলীপ মুহুরী বড় মাত্রায় কর্মী সমর্থকদের নিয়ে বিজেপিতে যোগদান করেন।

এদিনের সভায় বক্তব্য রাখতে গিয়ে বিপ্লব কুমার দেব বলেন, চরম অস্তিত্ব সংকটে কমিউনিস্টরা আগামী দিনে শুধুমাত্রই দলটাকে টিকিয়ে ☞ ৬ এর পাতায় দেখুন

## লক্ষ্মী সিং'র মৃত্যুতে মুখ্যমন্ত্রীর শোক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৫ এপ্রিল ।।** ত্রিপুরা রাজ্যের প্রথম মুখ্যমী স্বর্গীয় শচীন্দ্রলাল সিংহের সহধর্মিনী লক্ষী সিংহের প্রয়াণে মুখ্যমী প্রফেসর (ডা.) মানিক সাহা গভীর শোক প্রকাশ করেছেন। এক শোকবার্তায় মুখ্যমী বলেন, 'রাজ্যের প্রথম মুখ্যমী স্বর্গীয় শচীন্দ্রলাল সিংহের সহধর্মিনী লক্ষী সিংহের প্রয়াণে আমি অত্যন্ত শোকাহত।' শোকবার্তায় মুখ্যমী প্রয়াত লক্ষী সিংহের বিদেহী আত্মার স্‌গতি কামনা করেন ও শোকসন্তপ্ত পরিবার পরিজনদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

## কৈলাসহরে বিদ্যুৎ অফিস ঘেরাও করল এলাকাবাসী

**নিজস্ব প্রতিনিধি, কৈলাসহর, ৫ এপ্রিল।।** বেসরকারি বিদ্যুৎ সরবরাহকারী সংস্থা সাইকম্পিউটার লিমিটেডের বিরুদ্ধে একের পর এক অভিযোগ আসতে শুরু করেছে। তারা ভোক্তাদের নিয়মিত পরিষেবা প্রদানে সম্পূর্ণ ব্যর্থতার পরিচয় দিচ্ছে বলে অভিযোগ। নিজেদের ব্যর্থতা ঢাকতে তারা সময় সময় তাদের কৌশল পরিবর্তন করে চলেছে বলেও ভোক্তাদের তরফে অভিযোগ। ধাতুছড়া এলাকায় বিদ্যুতের সমস্যা নিয়ে এলাকাবাসীরা কৈলাসহরের বেসরকারি বিদ্যুৎ সংস্থা সাই কম্পিউটার লিমিটেডের অফিস ঘেরাও করে বিক্ষোভ প্রদর্শন করে। এলাকাবাসীরা জানায়, গত ছয়দিন ধরে ওই এলাকার সম্পূর্ণরূপে বিদ্যুৎ পরিষেবা বন্ধ রয়েছে। এলাকাবাসীরা কৈলাসহরের বেসরকারি বিদ্যুৎ সংস্থা সাই কম্পিউটার লিমিটেডকে জানানোর পর উনারা যাচ্ছি ,যাব বলে শুধু মিথ্যা প্রতিশ্রুতি দিয়ে যাচ্ছে। বৃহস্পতিবার সন্ধ্যা সাতটা নাগাদ এলাকাবাসীরা একত্রিত হয়ে কৈলাসহরের বেসরকারি বিদ্যুৎ সংস্থা সাই কম্পিউটার লিমিটেডের অফিসে আসলে অফিসে থাকা কর্মীরা বলে আধ ঘন্টার ভেতরে তোমাদের এলাকায় বিদ্যুৎ পরিষেবার স্বাভাবিক হবে। কিন্তু সন্ধ্যা গড়িয়ে রাত্রি হয়ে গেলেও ওই এলাকায় বিদ্যুৎ পরিষেবার স্বাভাবিক হয় নি। শুক্রবার সকাল বেলা এলাকাবাসীরা বিদ্যুৎ অফিস ঘেরাও করে বিক্ষোভ প্রদর্শন করে। ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে আসে কৈলাসহর থানার পুলিশ ও টিএসআর বাহিনী। অন্যদিকে কৈলাসহরের বেসরকারি বিদ্যুৎ সংস্থা সাই কম্পিউটার লিমিটেডের কর্মীরা জানায় যে ধাতুছড়া এলাকার বিদ্যুৎ পরিষেবা স্বাভাবিক হয়ে গেছে। সাই কম্পিউটার সংস্থার দাবি অনেকেই বিদ্যুতের বিল সময়মতো মিটিয়ে না দেওয়ায় বিদ্যুৎ সংযোগ ছিন্ন করে দেওয়া হয়েছে। অবশ্য বিষয়টি নিয়ে ভোক্তা এবং বিদ্যুৎ সরবরাহকারী সংস্থার মধ্যে রীতিমতো বিভ্রান্তির সৃষ্টি হয়েছে।

## পূর্ব আসনে ৯ প্রার্থীর মনোনয়ন বৈধ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৫ এপ্রিল ।।** পূর্ব ত্রিপুরা লোকসভা আসনে আজ মনোনয়নপত্র পরীক্ষা শেষে সবকয়জন প্রার্থীর মনোনয়নপত্র বৈধ বলে বিবেচিত হয়উ উল্লেখ্য এই নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার জন্য মোট ৯ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছিলেন। বৈধ প্রার্থীরা হলেন বিজেপির কৃতি দেবী দেববর্মণ, সিপিআই(এম)-র রাজেন্দ্র রিয়াং, আই এন পি টি শিব চন্দ্র দেববর্মা। তাছাড়া নির্দল প্রার্থীরা হলেন কৃষ্ণ মোহন জমাতিয়া, দর্শন কুমার রিয়াং, কল্প মোহন ত্রিপুরা, শত্রুঘ্ন জমাতিয়া, সন্তুজয় ত্রিপুরা ও অর্চনা ওরাং। এই নির্বাচনে মনোনয়নপত্র প্রত্যাহারের শেষদিন আগামী ৮ই এপ্রিল। রাজ্য নির্বাচন দপ্তর সূত্রে এখবর জানা গেছে।

## রামনগরে বাম প্রার্থীর পদযাত্রা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৫ এপ্রিল।।** রামনগর কেন্দ্রের উপ নির্বাচনে ইন্ডি জোটের সিপিএম প্রার্থী রতন দাস রাজধানীর দশমীঘাট এলাকায় ভোট প্রচারে পদযাত্রা করেন।

প্রচারে বের হয়ে সাংবাদিকদের মুখোমুখি হয়ে রতন দাস বলেন, মানুষের বিপুল সাড়া পাচ্ছেন। শাসক দলকে হারাতে জনগণ তৈরি রয়েছে।

এদিন তিনি বলেন, নরেন্দ্র মোদীর নেতৃত্বাধীন সরকার সমাজের ☞ ৬ এর পাতায় দেখুন

## ভোট প্রচারে রাজ্যে আসছে মোদী, শাহ সহ একঝাঁক নেতা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৫ এপ্রিল।।** আসন্ন লোকসভা নির্বাচন ও রামনগর উপনির্বাচনকে সামনে রেখে ত্রিপুরায় ভোট প্রচারে আসতে চলেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, সর্বভারতীয় বিজেপি সভাপতি জেপি নাড্ডা সহ নেতৃত্বরা। আজ বিজেপির তরফ থেকে তালিকা প্রকাশ করে এই সংবাদ জানিয়েছে।

তাছাড়া রাজ্যে প্রচারে থাকছেন প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং, কেন্দ্রীয় ভূতল পরিবহণ ও মহাসড়ক দফতরের মন্ত্রী নীতিন গডকড়ি, কেন্দ্রীয় আয়ুষ মন্ত্রী সর্বানন্দ সানোয়াল,কেন্দ্রীয় মন্ত্রী অর্জুন মুন্ডা, কেন্দ্রীয় মন্ত্রী স্মৃতি ইরানি, উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ,মন্ত্রী কিরণ রিজ্জু, অসমের মুখ্যমন্ত্রী ড় হিমন্ত বিশ্ব শর্মা, ত্রিপুরার মুখ্যমন্ত্রী অধ্যাপক ☞ ৬ এর পাতায় দেখুন

## কংগ্রেসের নির্বাচনী ইস্তেহার প্রকাশ

**নয়াদিল্লি, ৫ এপ্রিল (হি. স.) ।।** লোকসভা নির্বাচনের ইস্তেহার প্রকাশ করেছে কংগ্রেস। শুক্রবার দিল্লিতে এআইসিসি সদর দফতরে ২০২৪ সালের লোকসভা নির্বাচনের জন্য কংগ্রেস তার ইস্তেহার প্রকাশ করেছে। এদিন এই ইস্তেহার প্রকাশ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দলের সভাপতি মল্লিকার্জুন খাড়গে, রাহুল গান্ধী, সোনিয়া গান্ধী। লোকসভা নির্বাচন শুরু হতে আর মাত্র কয়েকদিন বাকি রয়েছে। ১৯ এপ্রিল প্রথম দফার ভোট হওয়ার কথা।

কংগ্রেস তার ইস্তেহারে বলেছে যে এই দলটি জাতি ও বর্ণ এবং তাঁদের আর্থ-সামাজিক অবস্থান জানার জন্য দেশব্যাপী জনগণনা করবে। এসসি, এসটি এবং ওবিসিদের জন্য সংরক্ষণের শতাংশের ঊর্ধসীমা বাড়ানোর জন্য একটি সংবিধান সংশোধনীও পাস করবে। জাতীয় সামাজিক সহায়তা কর্মসূচির আওতায় প্রবীণ নাগরিক, বিধবা এবং প্রতিবন্ধী ব্যক্তিদের পেনশন বাড়িয়ে মাসে ১০০০ টাকা করবে বলে তাদের ইস্তাহারে জানিয়েছে কংগ্রেস।




## গাড়ির ধাক্কায় গুরুতর আহত ৩

**নিজস্ব প্রতিনিধি, কৈলাসহর, ৫ এপ্রিল ।।** পথ দুর্ঘটনা নিত্যদিনের বিষয় হয়ে দাঁড়িয়েছে। প্রতিদিন এই দুর্ঘটনায় প্রাণহানি এবং জখম হওয়ার খবর পাওয়া যাচ্ছে। বাড়ি থেকে পরিবারের কোনো সদস্য বের হয়ে গিয়ে বাড়িতে ফিরে না আসা পর্যন্ত পরিবারের লোকজনরা নিশ্চিত হতে পারছেন না। ঊনকোটি জেলা কৈলাসহর আরজিএম হাসপাতালের সামনে একটি বাইক ও একটি স্কুটির মধ্যে সংঘর্ষে গুরুতরভাবে আহত হয় দুজন।

জানা যায় ,ফুলতলী এলাকার বাসিন্দা টুটন মালাকার তাঁর স্ত্রী ও দেড় বছরের একটি ছেলেকে নিয়ে ব্যক্তিগত কাজে এসেছিল। কাজ শেষ ☞ ৬ এর পাতায় দেখুন

### ভোটের মুখে পুলিশের বড় সাফল্য

## ২০০ কোটি টাকার নেশার সামগ্রী উদ্ধার করল আসাম পুলিশ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৫ এপ্রিল ।।** প্রতিবেশী রাজ্য আসামের শিলচরে প্রায় দু কোটি টাকার নেশা সামগ্রী উদ্ধার করেছে অসম পুলিশ। একটি বিলাসবহুল গাড়িও আটক করা হয়েছে। মাদক পাচার চক্রের এক ব্যক্তিকে জালে তুলেছে পুলিশ। তার বিরুদ্ধে নির্দিষ্ট ধারায় মামলা গৃহীত হয়েছে। এই চক্রে জড়িত অন্যান্যদের আটক করতে পুলিশের তৎপরতা অব্যাহত রয়েছে।

উত্তর পূর্বাঞ্চলের মধ্যে মাদক বিরোধী অভিযানে সাফল্য পাওয়ার ক্ষেত্রে রেকর্ড করল আসামের কাছার জেলার পুলিশ। কাছার জেলার পুলিশ সুপারের নেতৃত্বে স্পেশাল টাস্ক ফোর্স বৃহস্পতিবার রাতে ২১কেজি হেরোইন উদ্ধার করেছে। উদ্ধারকৃত হেরোইনের বাজার মূল্য ২০০ কোটি টাকা। উত্তর পূর্বাঞ্চলের ইতিহাসে এত বিশাল পরিমাণ ব্রাউন সুগার জাতীয় নেশা সামগ্রী ইতিপূর্বে কোনদিন আটক হয়নি বলে তথ্যবিজ্ঞ মহলের দাবি।

গোপন খবরের ভিত্তিত্বে এসপি কাছাড়ের নেতৃত্বে পুলিশের স্পেশাল টাস্ক ফোর্স বৃহস্পতিবার রাতে সড়কে ওৎপেতে বসে এ সাফল্য পায়। আটককৃত হেরোইনের ওজন প্রায় একুশ কেজি। এই মাদক পাচার কান্ডে জড়িত থাকার অভিযোগে এক জনকে আটক করেছে পুলিশ।

এক আধিকারিক জানান গোপন খবর ছিল পড়শী রাজ্য থেকে শিলচর হয়ে বিপুল পরিমান ড্রাগস অন্য রাজ্যে পাচার হবে। এমন খবরে গত কয়েকদিন ধরে তৎপর হয়ে উঠে পুলিশ। বৃহস্পতিবার রাতে বিলাসবহুল একটি গাড়িতে বিভিন্ন সাবানের প্যাকেটে হেরোইনের স্পাউচ পাচারের চেষ্টা হচ্ছিল। শিলচরে আসতেই গাড়িটি আটক করে পুলিশ। গাড়িতে তল্লাশি চালিয়ে প্রায় দুক্রশ দশ কোটি টাকার পিউর হেরোইন উদ্ধার হয়। পরে গাড়ি সহ মাদক সামগ্রী পুলিশ বাজেয়াপ্ত করে। পুলিশ সুপার জানান উদ্ধার করা ব্রাউন সুগার গুলো পিউর ব্রাউন সুগার। এগুলির সাথে অন্যান্য কেমিক্যাল মিশিয়ে সম ☞ ৬ এর পাতায় দেখুন

জাগরণ আগরতলা ▫ বর্ষ-৭০ ▫ সংখ্যা ১৭৭ ▫ ৬ এপ্রিল ২০২৪ ইং ▫ ২৩ চৈত্র ▫ শনিবার ▫ ১৪৩০ বঙ্গাব্দ

## রেপোরেট অপরিবর্তিত

টানা সাতবার রেপো রেট অপরিবর্তিত রাখিল রিজার্ভ ব্যাংক অফ ইন্ডিয়া (আরবিআই)। রিজার্ভ ব্যাংকের মানিটরি পলিসি কমিটির বৈঠক শেষে একথা জানানো হয়। রিজার্ভ ব্যাংকের আর্থিক নীতি কমিটি ২০২৪-২৫ সালের জন্য পূর্ববর্তী সুদের হার অপরিবর্তিত রাখিবার সিদ্ধান্ত নেয়। এদিন সকালে সিদ্ধান্তের কথা ঘোষণা করেন আরবিআই গভর্নর শক্তিকান্ত দাস।মুদ্রাস্ফীতির মোকাবিলা করিতে গত বছর কয়েক দফায় বিপুল হারে রেপো রেট বাড়াইয়াছে আরবিআই। ২০২২ সালের মে মাস থেকে ২০২৩ সাল পর্যন্ত ২৫০ বেসিস পয়েন্ট বাড়িয়াছে রেপো রেট। ২০২২ সালে রেপো রেট লাগাতার বাড়িবারর ফলে সামগ্রিকভাবে ব্যবসায়ী থেকে ঋণগ্রহীতা সাধারণ মানুষ, সকলকেই সমস্যায় পড়িতে হইয়াছে। তবে ২০২৩-২৪ অর্থবর্ষে একবারও রেপো রেট বাড়ানো হয়নি। এবার ২০২৪-২৫ অর্থবর্ষের শুরুতেও সুদের হার অপরিবর্তিত রাখারই সিদ্ধান্ত নিল আরবিআই।

রেপোরেট অপরিবর্তিত রাখল রিজার্ভ ব্যাঙ্ক। বাড়ছে না গাড়ি-বাড়ির ইএমআই। মনিটারি পলিসি মিটিংয়ের পর রিজার্ভ ব্যাঙ্কের গভর্নর জানাইয়াছেন চলতি অর্থবর্ষে এবার আর রেপোরেট বাড়াইতেছে না রিজার্ভ ব্যাঙ্ক।সামনেই লোকসভা নির্বাচন। সেকারণেই রিজার্ভ ব্যাঙ্ক এই সিদ্ধান্ত নিয়াছে বলিয়াছে মনে করিতেছে ওয়াকিবহাল মহল। এই সময় রেপোরেট বাড়াইলে সাধারণ মানুষের উপরে চাপ পড়িবে। সেকারণেই রেপোরেট ৬.৫ শতাংশতেই বহাল রাখিবার সিদ্ধান্তে সহমত হইয়াছে রিজার্ভ ব্যাঙ্কের মনিটারি পলিসি কমিটি। চলতি আর্থিক বর্ষে এটাই ছিল প্রথম বৈঠক কমিটির। রেপোরেট অপরিবর্তিত রাখিবার পাশাপাশি ২০২৫ অর্থবর্ষের সম্ভাব্য জিডিপি গ্রোথও জানাইয়াছেন রিজার্ভ ব্যাঙ্কের গভর্নর। ২০২৫ অর্থবর্ষে জি ডি পি বৃদ্ধির সম্ভাব্য পরিমাণ ৭ শতাংশ রাখা হইয়াছে। এদিকে মুদ্রাস্ফীতি অনেকটাই নিয়ন্ত্রণে আনা গিয়াছে । তিন দিন ধরিয়া বৈঠকের পর এই সিদ্ধান্তের কথা ঘোষণা করেছে রিজার্ভ ব্যাংক অফ ইন্ডিয়া।গত তিনদিন ধরিয়া বৈঠক করছিল রিজার্ভ ব্যাঙ্কের মনিটরি পলিসি কমিটির ৬ সদস্য তিন দিন ধরিয়া বৈঠকে রেপোরেট অপরিবর্তিত রাখিবার সিদ্ধান্তে সিলমোহর দিয়াছিল। তারপরেই এই সিদ্ধান্ত নেওয়া হয়। এই নিয়ে সপ্তমবার রেপোরেট অপরিবর্তিত রাখিল রিজার্ভ ব্যাঙ্ক। মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে ২০২২ সালে পর পর ৮ বার রেপোরেট বাড়াইয়াছিল রিজার্ভ ব্যাঙ্ক। কিন্তু ২০২৩ সালে তেমন কোনও পরিবর্তন আনা হয়নি রেপোরেটে। এবারও ২০২৪ সালের অর্থবর্ষের প্রথম মনিটারি পলিসি মিটিংয়েও রেপোরেট অপরিবর্তিত রাখিল রিজার্ভ ব্যাঙ্ক।মুদ্রাস্ফীতি নিয়ে যে তোলপাড় শুরু হয়েছিল গোটা দেশে। রিজার্ভ ব্যাঙ্কের গভর্নর শক্তিকান্ত দাস গতবারই দাবি করেছিলেন অনেকটাই নিয়ন্ত্রণে আনা গিয়াছে মুদ্রাস্ফীতি। এবার তিনি মুদ্রাস্ফীতির হার ৪ শতাংশ বলিয়া জানাইয়াছেন। অর্থাৎ ২০২৪-২৫ অর্থবর্ষে মুদ্রাস্ফীতি ৪.৫ শতাংশ রাখা হইয়াছে।রিজার্ভ ব্যাঙ্ক রেপোরট অপরিবর্তিত রাখায় মধ্যবিত্ত নাগরিকদের সুবিধা হইল। ঘাড়ের উপরে অতিরিক্ত ঋণের বোঝা আর চাপিবে না। এতে অর্থনীতি সচল হইবে বলিয়াও মনে করা হইতেছে। লোকসভা ভোটের পর নতুন সরকার গঠিত হইলে ফের বাজেট পেশ করা হইবে। তখন অগাস্ট মাসে ফের রেপোরেট ঘোষণা করা

হইতে পারে বলিয়া মনে করিতেছেন অর্থনীতিবিদরা। এবার লোকসভা ভোটের কথা মাথায় রাখিয়াই রেপোরেট অপরিবর্তিত রাখা হইয়াছে।

## নির্দল প্রার্থী হিসেবে মনোনয়ন জমা দিলেন পাপ্পু যাদব

পূর্ণিয়া, ৫ এপ্রিল (হি. স.) : শুক্রবার পূর্ণিয়া থেকে নির্দল প্রার্থী হিসেবে মনোনয়ন জমা দিলেন পাপ্পু যাদব। পূর্ণিয়া থেকে ভোটে লড়বেন বিহারের সাংসদ রাজেশ রঞ্জন ওরফে পাপ্পু যাদব।

কংগ্রেস তাঁকে টিকিট দেয়নি। পাপ্পু যাদব এবার নির্দল প্রার্থী হয়ে ভোটে লড়বেন। এদিন তিনি নিজের মনোনয়ন জমা দেন। আরজেডি-র সঙ্গে আসনরফা সেরে ফেলেছে কংগ্রেস। সেখানে পূর্ণিয়া আসনটি কংগ্রেস আরজেডিকে ছেড়েছে। বিহারে ৪০ টি আসনের লড়াইতে ২৬ টি আসনে লড়বে আরজেডি। কংগ্রেস লড়ছে ৯ টি আসনে। এদিন মনোয়ন জমার সময় চোখে জল দেখা গেল পাপ্পু যাদবের। তিনি বলেন, শেষ পর্যন্ত তিনি কংগ্রেসের সঙ্গে থাকার চেষ্টা করেছিলেন। তবে তাঁকে সেই সুযোগ না দেওয়ার জন্য নির্দল হয়েই ভোটে লড়বেন তিনি।

## ময়নায় বিজেপি নেতা খুনের ঘটনায় এনআইএ তদন্তের নির্দেশ কলকাতা হাইকোর্টের

কলকাতা, ৫ এপ্রিল (হি. স.) : পূর্ব মেদিনীপুরের ময়নায় নিহত বিজেপি নেতা বিজয়কৃষ্ণ ভুঁইঞার খুনে এনআইএ তদন্তের নির্দেশ দিল কলকাতা হাইকোর্ট। হাইকোর্টের নির্দেশ কার্যকর করতে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকে একের পর আইনজীবীরা চিঠি পাঠালেও সেটা কার্যকরে কেন্দ্র কোনো পদক্ষেপ না করায় শুক্রবার শুনানির সময়ে কিছুটা বিরক্ত হন হাইকোর্টের বিচারপতি জয় সেনগুপ্ত। বিচারপতি জয় সেনগুপ্তর নির্দেশ, ১৫ দিনের মধ্যে তদন্তের দায়িত্ব নিতে হবে এনআইএ-কে। নির্দেশ কার্যকরের কথা জানিয়ে রিপোর্ট দিতে হবে ২৪ এপ্রিল।

বিচারপতির বক্তব্য, “এটা দুর্ভাগ্যের যে হাইকোর্টের নির্দেশ কার্যকর করতে কোনওরকম পদক্ষেপ করতে আগ্রহ দেখায়নি স্বরাষ্ট্র মন্ত্রক। শুধু কেন্দ্রের আইনজীবীরা নন, এএসজি গত ফেব্রুয়ারি নিজে চিঠি লিখে নির্দেশ কার্যকরের জন্য সুপারিশ করেছেন। তারপরেও কোন উদ্যোগ দেখা যায়নি স্বরাষ্ট্র মন্ত্রকের?” প্রশ্ন করেন বিচারপতি।

প্রসঙ্গত, গত বছর মে মাসে পূর্ব মেদিনীপুরের ময়নায় খুন হন বিজেপির বুথ সভাপতি বিজয়কৃষ্ণ ভুঁইঞা। প্রথমে বিজেপি নেতা খুনের মামলায় এসডিপিও-কে তদন্তের নির্দেশ দিয়েছিলেন উচ্চ আদালতের বিচারপতি রাজাশেখর মান্থা। ঘটনাস্থল থেকে বোমা পাওয়ার কথা স্বীকার করেছিল রাজ্য। কিন্তু চার্জশিটে সে কথা উল্লেখ ছিল না। একই সঙ্গে একাধিক অভিযুক্তদের নামও বাদ দেওয়ার অভিযোগ ওঠে পুলিশের বিরুদ্ধে। তারপরই সেই মামলায় এনআইএ-কে যুক্ত করে হাইকোর্ট। বিচারপতি জয় সেনগুপ্ত গত ফেব্রুয়ারি মাসে এই নির্দেশ দেন। কিন্তু হাইকোর্টের নির্দেশের পরও হাইকোর্টে এএসজি উপস্থিত হওয়ায় কেন্দ্রের ভূমিকায় বিরক্ত হন বিচারপতি।

## তিহাড় জেলে গিয়ে কবিতাকে জেরা করতে পারবে সিবিআই

নয়াদিল্লি, ৫ এপ্রিল (হি. স.) : তিহাড় জেলে গিয়ে কে কবিতাকে জেরা করতে পারে সিবিআই। দিল্লি হাইকোর্টের তরফে শুক্রবার এই নির্দেশ দেওয়া হয়েছে।

জানা গেছে, আবগারি দুর্নীতি মামলায় এবার বিআরএস নেত্রী কে কবিতাকে তিহাড় জেলে গিয়েও সিবিআই জেরা করতে পারবে।

উল্লেখ্য, দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালের গ্রেফতারের আগেই আবগারি দুর্নীতি মামলায় গ্রেফতার হন কবিতা। তিনি জামিনের আবেদন করলেও জামিন মেলেনি তাঁর।

# কৃত্রিম মেধার সময়ের বহু দূরে দাঁড়িয়ে রয়েছে মানিক চক্রবর্তীর গল্প-উপন্যাস

**বিশ্বদীপ দে**

‘কত কবি মরে গেল, চুপিচুপি একা একা’— শুধুই কি কবি? তাহলে রতন ভট্টাচার্য, সমীর চৌধুরী, সোমনাথ ভট্টাচার্যরা হারিয়ে গেলেন কীভাবে? বাংলা সাহিত্যের শক্তিশালী অথচ বিস্মৃত গদ্যকারদের এই তালিকার অন্যতম নাম মানিক চক্রবর্তী। পাঠকের ‘উইশ ফুলফিলমেন্ট’-এর দায় থেকে নিজেকে মুক্ত করে যে গল্প-উপন্যাস তিনি লিখেছিলেন, তা অবশ্য ‘বাজার’কে তোয়াক্কা না করেই লেখা। নিজের লেখাকে তিনি বলতেন ‘ইনস্ট্যান্ট রাইটিং’। তিনি কবিতাও লিখেছেন। যা ‘অ্যান্টি পোয়েট্রি’। ‘পনেরো হাজার শব্দে গণেশ-পরিবার’ নামের আশ্চর্য উপন্যাসটির কথা মাঝে মাঝে শোনা গেলেও মানিকের সামগ্রিক লেখালেখি বহুদিনই পাঠকের নাগালের বাইরে। এমনকী, উল্লিখিত উপন্যাসটিও। কয়েক বছর আগে প্রকাশিত হয়েছিল তাঁর নির্বাচিত কবিতা ও গদ্যের দু’টি ছোট সংকলন। এবার ‘ধানসিড়ি’ প্রকাশ করেছে ‘রচনা সংগ্রহ’। যেহেতু এটা প্রথম পর্ব হিসেবে প্রকাশিত, আশা করা যায় বাকি লেখাগুলিও ধীরে ধীরে পর্বাকারে প্রকাশিত হবে। নতুন করে মানিক চক্রবর্তীর সঙ্গে সঙ্গে পরিচয় ঘটবে এ যুগের পাঠক, এমনকী লেখকদেরও!

প্রথম পর্বের সবচেয়ে বড় আকর্ষণ নিঃসন্দেহে ‘পনেরো হাজার শব্দে’। গণেশ, তার স্ত্রী নমিতা, ভাই ধনেশ এবং পুত্র শংকর এদের নিয়েই গণেশ পরিবার। গণেশ আর্জেন্টিনার সমর্থক। ‘নীল আর সাদা ডোরাকাটা জামা এবং কালো প্যান্ট পরে যারা ফুটবল খেলে।’ নিজের প্রাত্যহিকতা থেকে ক্রমশ বিচ্ছিন্ন হয়ে পড়া একজন মানুষ আর্জেন্টিনা নামের এক সুদূর দেশের সঙ্গে জড়িয়ে পড়ে। আসলে কলেজ জীবন তার পেনফ্রেন্ড ছিল সেদেশের এক যুবতী মার্তা মিলেসি। ‘প্রাণোচ্ছল যুবতীর বন্ধুত্ব পেয়ে যেন গোটা দেশটাই গিলে খেয়ে ফেলতে চাইল রাতারাতি, যতই অসম্ভব তা হোক না কেন!’ অল্প বয়সের পত্রমিতালির সেই ঝোঁক নির্মাণ করে দিয়েছিল গণেশের জীবনটাই। মার্তা মিলেসির চিঠি আসা বন্ধ হয়ে গেলেও এক কাল্পনিক রেখা টেনে নিজেকে লাতিন আমেরিকার সঙ্গে জুড়তে গিয়ে চারপাশ থেকে বিচ্ছিন্ন হয়ে যায় গণেশ। চিরকালের মতো। সে কি আসলে নিঃসঙ্গতার সুড়ঙ্গ দিয়ে নিজের কাছেই পৌঁছতে চায়? তার সম্পর্কে স্ত্রী নমিতার বিশ্লেষণ— ‘তুমি যেন একটা কচ্ছপের মতো, যাকে দেখে ঠিক বোঝা যায় না কিছু ভাবছে, না কি না ভাবছে’ ভাষা ও বর্ণনায় এমন নিপুণ, তীব্র লক্ষ্যভেদী অথচ স্বল্পায়তন আখ্যানের সম্ভবত বাংলা সাহিত্যে কোনও পূর্ব বা উত্তরসূরি নেই।

বইয়ে উপন্যাসটি ছাড়াও তাঁর গল্পগ্রন্থ ‘দয়ার আগে কি পরে’ এবং বেশ কিছু অগ্রন্থিত গল্প রয়েছে। মানিক চক্রবর্তীর গদ্যে বারবার এক বিস্ফোরণের সম্ভাবনা তৈরি হয়। যেন সলতের আগুন দ্রুত ধাবমান সম্ভাব্য পরিণতির দিকে। এক চাপা শ্বাসের মতো গল্পের চলন কিন্তু শেষ পর্যন্ত পাঠককে কেবল সম্ভাবনার (নাকি আশঙ্কা) দিকেই এগিয়ে দেয়। ‘কিছু একটা হবে’ থেকে শুরু হয়ে শেষ পর্যন্ত কিছুই ঘটে না সেই অর্থে। অথবা যা ঘটে, তা নাটকীয় নয় বলেই পাঠকের অন্তর্মহলে তা ‘ঘটনা’ বলেই চিহ্নিত হতে চায় না সহজে। অন্তত যতক্ষণ না পাঠক তাঁর লেখার সঙ্গে অভ্যস্ত হয়ে ওঠেন।

যেমন ‘রুদ্ধ সংবাদ’। নিজের দাদা রমেশ সিঁড়ি দিয়ে পড়ে যাচ্ছে বুঝেও বাড়ি থেকে অবলীলায় বেরিয়ে আসে অশোক। সে কিন্তু জানে ‘থার্ড স্ট্রোক, এবং মৃত্যু।’ রমেশের ছেলে গোপি ও বউমা কী ভাববে, তারা কীভাবে শশব্যস্ত হবে— এমন পরিস্থিতিতে সেসব সে ভাবতে থাকে বাড়ির উলটো দিকের এক চায়ের দোকানে বসে। ‘দু-এক সেকেন্ড থেকে গেলেই হত। ইচ্ছে করে অশোক থেকে গেল না।’ এই আশ্চর্য নির্লিপ্তির সামনে পাঠক কার্যতই চমকে ওঠে। কেন অশোক এমন করল, তা বুঝতে গল্পটির সঙ্গে এগিয়ে যেতে হবে। তার উৎকণ্ঠা, এই বুঝি গোপি এল খবর দিতে! ধীরে ধীরে উন্মোচিত হতে থাকে তার মনোজগৎ। কিন্তু শেষ পর্যন্ত কোনও ‘নাটক’ তৈরি হয় না। যেমন ‘উচ্চ-মাধ্যমিক মেয়ে’। ষোড়শি মিলি আচমকাই যেন বদলে গিয়েছে। কিশোরী মেয়েকে নিয়ে অনিল অথবা জুঁই দু’জনেই উৎকণ্ঠায় ভুগতে থাকে। তারপর ধীরে ধীরে মেয়েকে স্বাভাবিক করে তোলার লড়াই চালায় তারা। অনিল বুঝে পায় না, কী হয়েছে মিলির। ‘মিলির কোনও গোপন বেদনা? যৌনবেদনা? উন্মেষের প্রথম ঊষাতে জীবনসঙ্গী বা দেহসঙ্গী হিসেবে কাউকে পাবার তীব্র আকাঙ্ক্ষাজনিত মনোকষ্ট, তা থেকে উদাস হয়ে যাওয়া ধীরে-ধীরে?’ বহুদিন পরে মিলিকে নিয়ে স্কুলে যাচ্ছে অনিল। বাবা ও মেয়ের সেই যাত্রাই ফুটে উঠেছে গল্পজুড়ে। এখানেও পাঠককে শেষপর্যন্ত মুখোমুখি হতে হয় সলতের ধাবমান আগুনের। কিন্তু সম্ভাব্য বিস্ফোরণ তথা কোনও নাটককে সমাপ্তি চান না বলেই মানিক লেখাটিকে নিয়ে যান ভিন্নতর সমাপ্তির দিকে। আসলে ‘ইনস্ট্যান্ট রাইটিং’ ছিল মানিকের লিখনরীতি। তাঁর উদ্দেশ্যই ছিল এইভাবে অগোছালো কথনের ভিতর দিয়ে এক দুনিয়া নির্মাণ। এই ঘটনাহীনতা, এই নির্লিপ্তির ভিতর দিয়েই তিনি সেই দুনিয়াকে রক্তমাংসের করে তোলেন।

মানিকের ‘শীতের রাতে শোওয়া’ এক নির্মম আখ্যান। দিবাকর আর তার পিসি একসঙ্গে থাকে। এই পিসি কিন্তু তার রক্তমাংসের কেউ হন না। বয়সে বছর দশেকের বড় এই মহিলার সঙ্গে আসলে এক গোপন যৌন সম্পর্কের খতিয়ান রচনা করে চলেছে দিবাকর। এই যৌনতা ঠিক স্বাভাবিক নয়। বরং তা এক রুক্ষ, গা শিরশিরে চাপা দীর্ঘশ্বাসের মতো বয়ে যায় বাড়ি জুড়ে। অন্যদিকে পিসির মেয়ে চন্দনা, যাকে বিয়ে করতে চেয়েছিল দিবাকর। সেই চন্দনার সাধে গিয়ে দিবাকরের যে অভিজ্ঞতা হয়, সেই নিষ্ঠুরতাকে নির্মাণ করতে তীব্র অথচ সপাট এক ভাষা ব্যবহার করেছেন মানিক।

আবার ‘দয়ার আগে কি পরে’ গল্পে মিহির ও হরবিলাসের সম্পর্ক নিছক মনিব-ভৃত্যের সম্পর্কের মতো নয়। অসংখ্য সবুজের মধ্যে দাঁড়িয়ে থাকা এক সবুজ বাড়িতে থাকে তারা। ‘পুরো ব্যাপারটার মধ্যে বেশ একটা অসৎ ভাব রয়েছে। মিহির এ-বাড়িতে থাকে।’ এই বাড়িতেই এসে উপস্থিত হয় একটি মেয়ে। সে মিহিরের সহকর্মী। এই গাছগাছালির ভিতরে এক অচেনা পরিবারের এক রাতের অতিথি সে। ‘ওপরে অসংখ্য নক্ষত্র, রেলওয়ে লাইনটা অনেক উঁচু হয়ে এখান থেকেই দূরে-দূরে সরে যাচ্ছে, রাত আটটা-টাটটা হবে এবং শীত খুব একটা বেশি না— এরকম পরিবেশে যেন কিছু একটা ঘটনা ঘটতে যাচ্ছে।’ অর্থাৎ এখানেও সেই বিস্ফোরণের আশঙ্কার ভিতর দিয়ে গদ্যের চলন। শেষে গল্প যেখানে দাঁড়ায়, তা আপাতভাবে রোমাঞ্চকর নয়। কিন্তু এই গল্পের এর চেয়ে অবধারিত সমাপ্তি হয়তো হতেই পারত না। তা এক অব্যর্থ গন্তব্যে গিয়ে থরথর করে কাঁপতে থাকে লক্ষ্যবিদ্ধ ছুরির মতো। মানিক চক্রবর্তীর গল্পের চরিত্ররা অনেক সময়ই হেরে যাওয়া মানুষ। ‘ভোরবেলার কাঁচা রক্ত’ গল্পে দিলীপ দুই দেওয়ালে দুই বউদির ছবি লাগানোর মধ্য দিয়ে আসলে কী চাইছে? সে নির্মাণ করতে চায় এক ফ্রেম। যেখানে ঢুকে সে স্তব্ধ হয়ে যাবে। আবার ‘রুনুর নখ সাতদিনে কতটা বড়ো হয়েছে’ গল্পে রুনু ব্রতীনের মৃত্যুর পর নতুন জীবন শুরু করতে চায় শুভর সঙ্গে। আর এই পরিস্থিতিতে বারবার তার নজরে পড়ে নিজের নখের দিকে। ‘হঠাৎ, হঠাৎই তবু আঙুলগুলোর দিকে নজর পড়ে। চিলতে-চিলতে নখ— ভাবে, কেটে নিতে হবে। যা হোক সময় করে কেটে সমান করে নিতে হবে।’ কিন্তু শেষ পর্যন্ত নখ কেটে ওঠার সময় রুনুর হয়নি। এই গল্পের শেষে এক চরম বেদনার মুহূর্ত রয়েছে। সেই মুহূর্ত পেরিয়ে রুনু শেষ পর্যন্ত কোথায় পৌঁছয়? কোথাও কি পৌঁছতে পারি আমরা? মানিকের জগৎ আমাদের সেই ব্যর্থতাকেই নির্মাণ করতে থাকে সুচারু ভঙ্গিতে।

চেনা ছক ভেঙে ‘খুচরো নৈতিকতা’র বাইরে নিজের গল্পকে দাঁড় করাতে চেয়েছিলেন মানিক। গত শতকের নয়ের দশকের একেবারে গোড়ায় তাঁর মৃত্যু। এই আলোছায়া মাখা ভার্চুয়াল সত্তার জীবনে, কৃত্রিম মেধার সময়ের বহু দূরে দাঁড়িয়ে রয়েছে তাঁর গল্প-উপন্যাস। কিন্তু যেভাবে তিনি মানুষের একাকিত্ব, তাঁর হেরে যাওয়া কিংবা মেনে নেওয়ার ব্যর্থতাকে এঁকেছেন, তা কিন্তু আধুনিক। এই সময়ের বুকেও সেই গদ্যের নিজস্ব চলন জারি থাকে। শেষের পরও।

# রবীন্দ্রনাথের উপলব্ধি, মানুষকে ত্যাগ করা মানুষের ধর্ম নয়

**অভীক ঘোষ**

বসন্তোৎসবে শান্তিনিকেতনে বহু মানুষের সমাগম হয়। বিশ্বভারতী উৎসবের আয়োজন না করলেও দোলের দিনে শান্তিনিকেতনে আসাটা অনেক মানুষের কাছে যে কোনও কারণেই হোক, একটা আকর্ষণীয় ব্যাপার মনে হয়। সপ্তাহান্তের ছুটির সঙ্গে তারিখের সমাপতন হলে সেই সমাগম আরও বেশি। স্থানীয় বহু মানুষের উপার্জনের সুযোগ ঘটায় তাঁরা খুশি হন। যাঁদের সেই প্রয়োজন নেই, শান্তিনিকেতনের তেমন অধিবাসীরা নানান কারণেই নানারকম অসুবিধার সম্মুখীন হয়ে বিরক্ত বোধ করেন। এবার সেই যুগপৎ উচ্ছ্বাস-বিরক্তির দিনগুলিতে রবীন্দ্রনাথের যে অভিভাষণটির কথা মনে হচ্ছিল, তার শিরোনাম ‘অন্তর বাহির’।

শুরুতে বলছেন, ‘আমরা মানুষ, মানুষের মধ্যে জন্মেছি। এই মানুষের সঙ্গে নানাপ্রকার মেলবার জন্যে, তাদের সঙ্গে নানাপ্রকার আবশ্যকের ও আনন্দের আদানপ্রদান চালাবার জন্যে আমাদের অনেকগুলি প্রবৃত্তি আছে।’ আমরা যখন সংসারে থাকি, এই প্রবৃত্তিগুলি আমাদের দৈনন্দিন জীবনে নানা দিকে নানারকম ভাবে মানুষের সঙ্গ বা সংসর্গের উত্তেজনায় নিজেকে জড়িয়ে রাখে। নানারকম দেখাশোনা, মেলামেশা, হাসিগল্প, আমন্ত্রণ-নিমন্ত্রণের মধ্যে এই প্রবৃত্তি নিজেকে প্রয়োগ করতেই থাকে, বিরামের কথা ভাবতেই পারে না। লোক, লৌকিকতার বিচিত্র কৃত্রিম খেলায় মনকে মাতিয়ে রাখে এই প্রবৃত্তি, মনকে শান্ত করার সমস্ত প্রয়োজন, সুযোগ, সম্ভাবনা, জীবন থেকে হারিয়ে যেতে থাকে। সমস্ত উদ্যম তখন নতুন নতুন সামাজিক আমোদের সন্ধানে আর সৃষ্টিতে মেতে থাকে। এই প্রবৃত্তি নিয়মিত ইন্ধন আর চর্চায় যখন লাগামছাড়া বেড়ে ওঠে, তখন দিনরাত নতুন নতুন সমাজবিলাসের উন্মাদনায় উন্মত্ত হয়ে ওঠে জীবন, জীবনের পথ চলার জন্য আর কোনও লক্ষ্য স্থির করার উপায় থাকে না।

মানুষের প্রতি মানুষের যে স্বাভাবিক প্রেম, এই চাঞ্চল্য আর উদ্যমের পিছনে সেই প্রেমই যে প্রাণিত করে তা নয়। রবীন্দ্রনাথ বলছেন, ‘সামাজিক এবং প্রেমিক একই লোক নয়— অনেক সময় তার বিপরীতই দেখতে পাই। অনেক সময় লক্ষ্য করা যায় সামাজিক ব্যক্তির মনে গভীরতর প্রেম ও দয়ার স্থান নেই।’ অমিতব্যয়ী মানুষ যেমন অন্যের দুঃখ দূর করার জন্যই দান করেন, এমন নাই হতে পারে। নানারকম ভাবে খরচ করার খেলায় তাকে মাতিয়ে রাখে তার খরচের প্রবৃত্তি। দান আর ব্যয়ের পার্থক্যের কথা মনে করেছেন রবীন্দ্রনাথ। ‘আমরা মানুষের জন্যে যা দান করি তা একদিকে খরচ হয়ে অন্য দিকে মঙ্গলে পূর্ণ হয়ে ওঠে, কিন্তু মানুষের কাছে যা ব্যয় করি তা কেবলমাত্রই খরচ। তাতে দেখতে পাই আমাদের গভীরতর চিত্ত কেবলই নিঃস্ব হতে থাকে, সে ভরে ওঠে না। তার শক্তি হ্রাস হয়, তার ক্লান্তি আসে, অবসাদ আসে--- নিজের রিক্ততা ও ব্যর্থতার ধিক্কারকে ভুলিয়ে রাখবার জন্যে কেবলই তাকে নূতন নূতন কৃত্রিমতা রচনা করে চলতে হয়, কোথাও থামতে গেলেই তার প্রাণ বেরিয়ে যায়।’

এইজন্য সাধক মানুষেরা, যাঁরা নিজের সমস্ত শক্তিকে পরমার্থ লাভের জন্যই প্রয়োগ করতে চান, তাঁরা অনেক সময় লোকালয় ছেড়ে নির্জন পর্বতে চলে যান। শক্তির অপব্যয় তাঁরা এড়াতে চান। কিন্তু রবীন্দ্রনাথের স্পষ্ট উপলব্ধি, মানুষকে একেবারে ত্যাগ করে যাওয়া, মানুষের ধর্ম নয়। তাছাড়া, নির্জনতা বাইরে বাইরে খুঁজে পাওয়া নাই যেতে পারে। আরও বড় কথা হল, এই নির্জনতা আসলে আছে আমাদের অন্তরের মধ্যেই। অন্তরের মধ্যে এই নির্জনতা না থাকলে, কোনও পর্বতগুহা, সমুদ্রতীরে তাকে আমরা পেতে পারি না।

রবীন্দ্রনাথের পরামর্শ, অন্তরের সেই নিভৃত আশ্রয়টিকে চিনে নেওয়ার কাজে মন দিতে হবে। অন্তরের সেই নিভৃত আশ্রমে যাতায়াত বাড়িয়ে, নিয়মিত যাতায়াতের পথটি সহজ করে তুলতে হবে।

মানুষকে ছেড়ে যাওয়ার পথটিকে রবীন্দ্রনাথ মনে করছেন, ‘রোগের চেয়ে চিকিৎসাকে গুরুতর করে তোলা।’ সেইজন্য অনেক ধর্মলুব্ধ মানুষ মনে করেন, মনুষ্যত্বকে আনন্দহীন শুকনো করে তোলাই সিদ্ধিলাভের লক্ষণ। আমার নিজের খুব প্রিয় রবীন্দ্রনাথের পরামর্শটি, ‘মানুষকে সম্পূর্ণ সহজ হতে হবে; উদ্দামভাবে বেহিসাবি হলেও চলবে না, কৃপণভাবে হিসাবি হলেও চলবে না। এই মাঝখানের রাস্তায় দাঁড়াবার উপায় হচ্ছে--- বাহিরের লোকালয়ের মধ্যে থেকেও অন্তরের নিভৃত নিকেতনের মধ্যে নিজের প্রতিষ্ঠা রক্ষা করা। বাহিরই আমাদের একমাত্র নয় অন্তরেই আমাদের গোড়াকার আশ্রয় রয়েছে তা বারংবার সকল আলাপের মধ্যে, আমোদের মধ্যে, কাজের মধ্যে অনুভব করতে হবে। সেই নিভৃত ভিতরের পথটিকে এমনি সরল করে তুলতে হবে যে, যখন-তখন ঘোরতর কাজকর্মের গোলযোগেও ধাঁ করে সেইখানে একবার ঘুরে আসা কিছুই শক্ত হবে না।’

এই ধাঁ করে ঘুরে আসার সাধনা জীবনে সহজ হয়ে উঠুক, এই প্রার্থনা। সমস্ত কলরবের মধ্যে সেই চিরস্থায়ী অবকাশটিকে যেন সঙ্গে রাখতে পারি। ‘এই অবকাশ তো কেবল শূন্যতা নয়। তা স্নেহে প্রেমে আনন্দে কল্যাণে পরিপূর্ণ। সেই অবকাশটিই হচ্ছেন তিনি যাঁর দ্বারা উপনিষৎ জগতের সমস্ত কিছুকেই আচ্ছন্ন দেখতে বলেছেন। ঈশাবাস্যমিদং সর্বং যৎকিঞ্চ জগত্যাং জগৎ।’

# সাহিত্য সম্রাট বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

**এসডি সুব্রত**

বাংলা সাহিত্যের এক অনন্য সাধারণ প্রতিভার অধিকারী সাহিত্য সম্রাট বঙ্কিম চন্দ্র চট্টোপাধ্যায়। তার অসাধারণ প্রতিভার স্পর্শে জাতি নবচেতনায় নতুন আদর্শে অনুপ্রাণিত হয়, বাংলা ভাষা ও সাহিত্য তার সীমানা পেরিয়ে বৃহত্তর আঙিনায় প্রবেশ করে।

১৮৩৮ খ্রিস্টাব্দের ২৬ জুন উত্তর ২৪ পরগনার কাঁঠালপাড়া গ্রামে বঙ্কিম চন্দ্র চট্টোপাধ্যায় জন্মগ্রহণ করেন। পিতার নাম যাদব চন্দ্র চট্টোপাধ্যায়। বঙ্কিম চন্দ্র ছিলেন খুব মেধাবী ছাত্র। কলকাতা বিশ্ববিদ্যালয়ের তিনি প্রথম স্নাতক। সরকারি চাকরিতে যোগদান করে তিনি ডেপুটি ম্যাজিস্ট্রেট পদে উন্নীত হন। ন্যায় বিচারক হিসাবে স্বাধীনচেতা বঙ্কিমের খ্যাতি ছড়িয়ে পড়ে। ইংরেজ সরকার কর্তৃক তিনি রায় বাহাদুর উপাধিতে ভূষিত হন।


ঈশ্বরচন্দ্র গুপ্তের সংবাদ প্রভাকর পত্রিকায় বঙ্কিম চন্দ্রের সাহিত্য সাধনার সূত্রপাত হয়। ললিতা ও মানস কাব্য কীর্তি তার প্রথম সাহিত্যিক নিদর্শন। মধুসূদনের মতো প্রথম বয়সে বঙ্কিম চন্দ্র ও ইংরেজির মোহে বিভ্রান্ত হয়ে ইংরেজি ভাষায় জধলসড়যধহ’ং রিভব উপন্যাস রচনা করেন। কিন্তু অচিরেই তার মোহভঙ্গ ঘটে। মাতৃভাষায় তিনি ফিরে এলেন। তার প্রতিভার ছোঁয়ায় বাংলা সাহিত্য অনন্য উচ্চতায় পৌঁছে। ‘বঙ্গদর্শনে’র পাতায় বঙ্কিম চন্দ্রের প্রথম উপন্যাস ‘দুর্গেশনন্দিনী যে নতুন ধারার সূচনা করল, তা দেশবাসীকে বিস্ময়াভিভূত করে তুলল। গুরুগম্ভীর ও প্রাণস্পর্শী কবিত্বময় ভাষা, বর্ণনার চাতুর্য, ঐতিহাসিক ঘটনা ও রোমান্সের আশ্চর্য বিন্যাসে ‘দুর্গেশনন্দিনী’ এক নতুন অধ্যায়ের সূচনা করল। এর পর আসল কাব্য উপন্যাস ‘কপালকুণ্ডলা’। তরঙ্গমুখর নির্জন সমুদ্র তীরে সন্ধ্যালোকে উদাসী সুন্দরী কপালকুণ্ডলার যে বাণীমূর্তি এঁকেছেন, রোমান্স হিসাবে তা ভারতীয় সাহিত্যে শুধু নয়, বিশ্বসাহিত্যে বিরল। এরপর একে একে রচিত হলো, মৃণালিনী’, যুগোলাঙ্গুরীয়’, ‘চন্দ্রশেখর’, ‘রাজসিংহ’, ‘আনন্দমঠ’, ‘দেবী চৌধুরানী’, ‘সীতারাম’, বিষবৃক্ষ, ‘কৃষ্ণকান্তের উইল’, ‘রজনী’ ও ‘রাধারানী’। এসব উপন্যাসে বাংলা



সাহিত্যে স্থায়ী সম্পদ রূপে পরিগণিত হলো। আনন্দমঠে উত্তরবঙ্গের সন্ন্যাসী বিদ্রোহকে গৌরবান্বিত ভূমিকায় স্থাপন করে তিনি যে দেশাত্মবোধের বাণী উচ্চারণ করলেন, তাতে সমগ্র ভারতবাসী উজ্জীবিত হয়। এর অগ্নিগর্ভ স্বাদেশিকতা বিপ্লবীদের মনে উদ্দীপনার সঞ্চার করে। বঙ্কিম চন্দ্র সমালোচনা সাহিত্যেও সফলতা অর্জন করেন। লোকরহস্য, ‘বিজ্ঞানরহস্য’, ‘কমলাকান্তের দপ্তর’, ‘সাম্য’, ‘মুচিরামগড়ের জীবন চরিত’, ‘কৃষ্ণচরিত্র’ ‘ধর্মতত্ত্ব, অনুশীলন’, ‘বিবিধ প্রবন্ধ প্রভৃতি বিচিত্র স্বাদের প্রবন্ধ তার লেখনী থেকে বেরিয়ে আসে। ‘বিবিধ প্রবন্ধ, ‘কৃষ্ণচরিত্র’ ও ‘গীতা’ প্রভৃতি মননসমৃদ্ধ রচনা। কমলাকান্তের দপ্তর বাংলা সাহিত্যের এক অনন্য রচনা। তার রচনাসমূহ প্রজ্ঞায় ও মননে বাংলা সাহিত্যের সম্পদ হয়ে আছে। সভ্যতা, দর্শন-বিজ্ঞান, ধর্মতত্ত্ব, অর্থনীতি, সমাজতত্ত্ব, ইতিহাস-সঙ্গীত-শিল্প ও সাহিত্য প্রভৃতি বিভিন্ন বিষয় ভাবনা এসব প্রবন্ধের উপজীব্য হয়েছে। শুধু ঔপন্যাসিক হিসাবে নয় সমালোচক হিসাবেও বঙ্কিম চন্দ্র অদ্বিতীয়। একই সঙ্গে উপন্যাস মৌলিক ও মনন দীপ্ত সমালোচনা সাহিত্য বঙ্কিম চন্দ্রের হাত থেকে বেরিয়ে আসে। তাই রবীন্দ্রনাথ তাকে সাহিত্যের সব্যসাচী আখ্যায় ভূষিত করেন। একদিকে তিনি সৃষ্টি করেছেন অন্যদিকে সাহিত্যের অবাঞ্ছিত জঞ্জাল পরিষ্কার করেছেন। আমাদের জীবনের ত্রুটি-বিচ্যুতিও অসঙ্গতির প্রতি তিনি দৃষ্টিপাত করেছেন এবং তা অপসারণের পথ নির্দেশ করেছেন। তিনি নতুন পথের দিশারী, নতুন যুগের উদগাতা। জাতির আশা আকাঙ্ক্ষা তার সৃষ্টিতে মূর্ত হয়েছে। জাতীয়তার তথা জাতীয় সাহিত্যের প্রথম অঙ্কুর বঙ্গদর্শনে আত্মপ্রকাশ করে। এই জাতীয় সাহিত্যের কর্ণধার বঙ্কিম চন্দ্র। জীবনে সত্য ও সুন্দরের যে আদর্শ তিনি প্রতিষ্ঠা করেছেন, তা বঙ্কিম চন্দ্রের মতো লোকোত্তর প্রতিভার পক্ষেই সম্ভব। বঙ্কিমের শেষ উপন্যাস ‘সীতারাম’। এই উপন্যাসে ফকির চাঁদশাহ সীতারামের উদ্দেশে বলছেন, ‘বাবা! শুনিতে পাই, তুমি হিন্দুরাজ্য স্থাপন করিতে আসিয়াছ, কিন্তু অত দেশাচারের বশীভূত হইলে, তোমার হিন্দুরাজ্য সংস্থাপন করা হইবে না। তুমি যদি হিন্দু মুসলমান সমান না দেখ, তবে এই হিন্দু মুসলমানের দেশে তুমি রাজ্য রক্ষা করিতে পারিবে না। তোমার রাজ্যও ধর্মরাজ্য না হইয়া পাপের রাজ্য হইবে।’ ১৮৭২ খ্রিস্টাব্দে বঙ্কিম চন্দ্র প্রকাশ করেন বঙ্গদর্শন নামের সাময়িক পত্রিকা। বঙ্গদর্শন বাংলা সাহিত্য সৃষ্টি এবং সাহিত্য সমালোচনা উভয়ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। ১৮৯৪ খ্রিস্টাব্দের ৮ এপ্রিল সাহিত্য সম্রাট বঙ্কিম চন্দ্রের ইহলোক ত্যাগ করেন।

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।

# সেবক-রংপো রেল প্রকল্প পরিদর্শন করলেন রেলওয়ে বোর্ডের চেয়ারপার্সন ও চিফ এগজিকিউটিভ অফিসার জয়া বার্মা সিনহা



মালিগাঁও, ০৫ এপ্রিল, ২০২৪: রেলওয়ে বোর্ডের চেয়ারপার্সন ও চিফ এগজিকিউটিভ অফিসার (সিইও) শ্রীমতি জয়া বার্মা সিনহা আজ নির্মীয়মাণ সেবক-রংপো রেল প্রকল্প (এসআরআরপি)-এর বিস্তৃত পরিদর্শন করেন। এই পরিদর্শনের সময় তাঁর সাথে ছিলেন উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের জেনারেল ম্যানেজার শ্রী চেতন কুমার শ্রীবাস্তব, উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে/নির্মাণ-এর জেনারেল ম্যানেজার শ্রী সতীশ কুমার পাণ্ডে এবং বরিষ্ঠ রেলওয়ে ও নির্মাণ আধিকারিকরা।

সেবক-রংপো নতুন রেল সংযোগী প্রকল্পটি ভারতের অন্যতম একটি মর্যাদাপূর্ণ নির্মীয়মাণ জাতীয় প্রকল্প এবং, যার লক্ষ্য হলো বর্তমানে সড়ক নির্ভরশীলতা সিকিম রাজ্যকে দেশের রেলওয়ের ম্যাপের সাথে সংযুক্ত করা। রেলওয়ে বোর্ডের চেয়ারপার্সন ও সিইও এই প্রকল্পের কাজের অগ্রগতি খতিয়ে দেখেন এবং টানেল নং. টি-১ এবং টি-৮-এর লাইনিং কাজ পরিদর্শন করেন। এছাড়াও, রেলওয়ে বোর্ডের চেয়ারপার্সন ও সিইও প্রকল্পটির টানেল নং. টি-৭ পরিদর্শন করেন। উল্লেখযোগ্য যে, ভারতীয় রেলওয়ে নেটওয়ার্কের মধ্যে প্রথম ভূগর্ভস্থ রেলওয়ে স্টেশন অর্থাৎ তিস্তা বাজার স্টেশন এই টানেলে রয়েছে, যা দেশের রেলওয়ে পরিকাঠামোর উন্নতির এক অগ্রণী পদক্ষেপ হিসেবে চিহ্নিত হয়েছে। এছাড়াও তিনি তিস্তা ব্রিজ ও সেবক স্টেশন নির্মাণ কাজও পরিদর্শন করেন।

পরে তিনি সেবক-রংপো নতুন রেল সংযোগী প্রকল্পটির সমস্ত বিষয় নিয়ে ইন্ডিয়ান রেলওয়ে কনস্ট্রাকশন অর্গানাইজেশন (ইরকন)-এর আধিকারিকদের সাথে সংক্ষিপ্ত আলোচনায় মিলিত হন।

রেলওয়ে বোর্ডের চেয়ারপার্সন ও সিইও টানেল নির্মাণের ক্ষেত্রে সুরক্ষা ও স্থায়িত্বের উপর গুরুত্ব দেন, যা বাধাহীন সংযোগ ব্যবস্থা নিশ্চিত করার জন্য অতি গুরুত্বপূর্ণ। এই প্রকল্পটি সম্পূর্ণ হয়ে গেলে সিকিম রাজ্য প্রথমবারের জন্য রেলওয়ের মাধ্যমে সংযুক্ত হবে। এই প্রকল্পে ১৪টি টানেল (মোট ৩৮.৫৩ কিমি), ০৫টি রেলওয়ে স্টেশন এবং ১৩টি মেজর ব্রিজের নির্মাণ অন্তর্ভুক্ত রয়েছে।

## নম্বরপ্লেটবিহীন পরিত্যক্ত গাড়ি ঘিরে শোরগোল আলিপুরদুয়ারে

রাঙ্গালিবাজনা, ৫ এপ্রিল (হি. স.) : আলিপুরদুয়ারের মাদারিহাটের বীরপাড়া ব্লকের রাঙ্গালিবাজনা গ্রাম পঞ্চায়েতের মোক্তারপুরে নম্বর প্লেটবিহীন পরিত্যক্ত গাড়ি ঘিরে শোরগোল।

স্থানীয় সূত্রে জানা গিয়েছে, বৃহস্পতিবার সন্ধ্যা ৬টা নাগাদ ৪৮ নম্বর এশিয়ান হাইওয়ে থেকে দক্ষিণ দিকে প্রায় দেড় কিলোমিটার রাস্তা ধরে মোক্তারপুরে ঢোকে কয়েকজন ব্যক্তি। এলাকার এক ব্যক্তির বাড়ির বাইরে ট্রাক্টর রাখার শেডঘরে গাড়িটি রেখে দক্ষিণ দিকে এগিয়ে যান তাঁরা। শুক্রবার সকাল পর্যন্ত গাড়িটি কেউ নিতে না আসায় স্থানীয়রা পুলিশে খবর দেন।

মাদারিহাট থানা সূত্রের খবর, দিল্লি থেকে একটি গাড়ি চুরির খবর পেয়ে রাঙ্গালিবাজনার টোল ট্যাক্স প্লাজায় ওঁত পেতে ছিল পুলিশ। তবে কোনও গাড়ি উদ্ধার করা সম্ভব হয়নি। এই গাড়িটি উদ্ধার করে থানায় নিয়ে যাওয়া হয়েছে। প্রাথমিক তদন্তে পুলিশের অনুমান, গাড়িটি কোনও জায়গা থেকে চুরি করে এনেছিল দুষ্কৃতীরা। পরে সেটি ফেলে পালিয়েছে। ঘটনার তদন্ত শুরু করা হয়েছে বলে জানান মাদারিহাট থানার ওসি মিংমা শেরপা।

## বাড়ছে না বাড়ি-গাড়ির ইএমআই, রেপোরেট অপরিবর্তিত রিজার্ভ ব্যাঙ্কের

নয়াদিল্লি, ৫ এপ্রিল (হি. স.) : রেপোরেট অপরিবর্তিত রাখল রিজার্ভ ব্যাঙ্ক। বাড়ছে না বাড়ি-গাড়ির ইএমআই। মনিটারি পলিসি মিটিংয়ের পর সাংবাদিক বৈঠক করে রিজার্ভ ব্যাঙ্কের গভর্নর শক্তিকান্ত দাস শুক্রবার একথা জানিয়েছেন। তিনি জানান, চলতি অর্থবর্ষে এবার আর রেপোরেট বাড়াচ্ছে না রিজার্ভ ব্যাঙ্ক। সামনেই লোকসভা নির্বাচন সেকারণেই রিজার্ভ ব্যাঙ্ক এই সিদ্ধান্ত নিয়েছে বলে মনে করছে ওয়াকিবহাল মহল।

এই সময় রেপোরেট বাড়ালে সাধারণ মানুষের উপরে চাপ পড়বে। সেকারণেই রেপোরেট ৬.৫ শতাংশতেই বহাল রাখার সিদ্ধান্তে সহমত হয়েছে রিজার্ভ ব্যাঙ্কের মনিটারি পলিসি কমিটি। চলতি আর্থিক বর্ষে এটাই ছিল প্রথম বৈঠক কমিটির। রেপোরেট অপরিবর্তিত রাখার পাশাপাশি ২০২৫ অর্থবর্ষের সম্ভাব্য জিডিপি গ্রোথও জানিয়েছেন রিজার্ভ ব্যাঙ্কের গভর্নর। ২০২৫ অর্থবর্ষে জিডিপি বৃদ্ধির সম্ভাব্য পরিমাণ ৭ শতাংশ রাখা হয়েছে। এদিকে মুদ্রাস্ফীতি অনেকটাই নিয়ন্ত্রণে আনা গিয়েছে বলে দাবি করা হয়েছে। তিন দিন ধরে বৈঠকের পর এই সিদ্ধান্তের কথা ঘোষণা করেছে আরবিয়াই।

## ৭ এপ্রিল বিহারের নওয়াদায় প্রধানমন্ত্রীর নির্বাচনী জনসভা

পাটনা, ৫ এপ্রিল (হি. স.) : আগামী ৭ এপ্রিল বিহারের নওয়াদায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নির্বাচনী জনসভায় ভাষণ দেবেন। ৯ এপ্রিল ঔরঙ্গাবাদে নির্বাচনী জনসভায় ভাষণ দেবেন বিজেপির বর্ষীয়ান নেতা ও কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। শুক্রবার সাংবাদিকদের এই তথ্য জানিয়েছেন বিহারের বিজেপি সভাপতি ও উপমুখ্যমন্ত্রী সম্রাট চৌধুরী।

চৌধুরী আরও জানিয়েছেন, ঔরঙ্গাবাদে জনসভার পরে শাহ পাটনায় ফিরে আসবেন এবং দলের প্রধান আধিকারিদের সঙ্গে নির্বাচনী কৌশল নিয়ে আলোচনা করবেন। উল্লেখ্য, গত ৪ এপ্রিল প্রধানমন্ত্রী জামুইয়ে একটি নির্বাচনী জনসভায় ভাষণ দেন।

## অসুস্থ বসিরহাটের বিজেপি প্রার্থী রেখা পাত্র, ভর্তি বেসরকারি হাসপাতালে

কলকাতা, ৫ এপ্রিল (হি. স.) : ফের অসুস্থ বসিরহাটের বিজেপি প্রার্থী রেখা পাত্র। শুক্রবার তাঁকে ভর্তি করা হল কলকাতার এক বেসরকারি হাসপাতালে। হাসপাতাল সূত্রে জানা গেছে, ডিহাইড্রেশনের কারণেই তিনি অসুস্থ।

ফলে হাসপাতাল থেকে না ফেরা পর্যন্ত তাঁকে ছাড়াই কর্মসূচি চালাবে তাঁর দলের কর্মীরা।

বর্তমানে তিনি কলকাতায় থাকলেও নিয়মিত তিনি প্রচার করছেন বসিরহাটে। স্বাভাবিকভাবেই এদিনও দিনভর সন্দেশখালিতে তাঁর একাধিক কর্মসূচি ছিল।

কিন্তু আচমকা অসুস্থ হয়ে পড়েন তিনি। যদিও এর আগেও একবার ডিহাইড্রেশনের কারণে তাঁকে হাসপাতালে ভর্তি থাকতে হয়েছে। এদিন ফের একবার একই কারণে ভর্তি হতে হল হাসপাতালে। এদিন ভোরে পরিস্থিতি জটিল হওয়ার কারণে কলকাতার বেসরকারি হাসপাতালে তাঁকে ভর্তি করা হয়। আপাতত তিনি হাসপাতালে চিকিৎসাধীন।সুস্থ হয়েই ফের প্রচারে যোগ দেবেন বলে জানালেন রেখার স্বামী।

## জলপাইগুড়ির সভা থেকে ফের মোদীকে নিশানা মমতার

জলপাইগুড়ি, ৫ এপ্রিল (হি. স.) : জলপাইগুড়ির ঝড় নিয়ে কথা বলেননি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তা নিয়ে তাঁকে কটাক্ষ করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। শুক্রবার জলপাইগুড়ির এবিপিসি মাঠে সভায় মমতা বলেন, 'এই তো মোদী এসেছিলেন! কিন্তু একটি কথাও বলেননি জলপাইগুড়ির ঝড় নিয়ে। কী করে বলবেন। সময় ছিল না। এখানকার মানুষকে তিনি ভুলে গিয়েছেন।'

জলপাইগুড়ির ঝড়ে আক্রান্তদের টাকা দিয়ে সাহায্য করতে না পারায় আফশোস করলেন মমতা। বললেন, 'ঝড়ের টাকা দিতে পারছি না কমিশন অনুমতি দিচ্ছে না বলে। টাকা রেডি আছে। কমিশন বললেই দিয়ে দেব। কিন্তু বিজেপি তা করতে দেবে না।'

মোদির গ্যারান্টি প্রসঙ্গে মমতার বক্তব্য, 'মোদী তো গ্যারান্টির কথা বলেন। জলপাইগুড়িতে যারা ঘর হারিয়েছে, তাদের জন্য গ্যারান্টি কোথায়। ঝড়ের সময় তোমরা আসবে না, আর গ্যারান্টির দাবি করবে। মনে রাখবেন গ্যারান্টি যদি কারও কাজ করে, তবে সেটা আমাদের গ্যারান্টি। জলপাইগুড়িতে প্রচুর উন্নয়নের কাজ আমরা করেছি। বিজেপির গ্যারান্টি জিরো। সব কাজ আমরা করি, ওরা শুধু এসে ভাষণ দেন।'

## ফিফা ব্যাঙ্কিংয়ে পতনের পরেও সুনীলদের হেড স্যারের চাকরি থাকছে জুন পর্যন্ত

নয়াদিল্লি, ৫ এপ্রিল (হি.স.) : সম্প্রতি ফিফা বিশ্বকাপের কোয়ালিফাইং ম্যাচে আফগানিস্তানের বিরুদ্ধে ব্যর্থতার পর ফিফা ক্রমতালিকায় পতন হয়েছে ভারতের। তারপরেও আগামী জুন মাস পর্যন্ত সুনীলদের কোচ ইগর স্টিম্যাচের চাকরি থাকছে। সদ্য ফিফা যে ক্রমতালিকা প্রকাশ হয়েছে তাতে দেখা যাচ্ছে, চার ধাপ নেমে গেছে ভারতীয় দল। এই মুহূর্তে ভারতের অবস্থান ১১৭ থেকে হয়েছে ১২১। এরপরেও এআইএফএফ থেকে সিদ্ধান্ত নেওয়া হয়েছে ২০২৬ ফিফা বিশ্বকাপ কোয়ালিফায়ারের দ্বিতীয় রাউন্ডের শেষ দুটি ম্যাচ পর্যন্ত ভারতীয় দলের কোচের দায়িত্বে থাকছেন স্টিম্যাচ।

তবে কোচ নিজেও জানিয়েছেন জুনে শেষ দুটি ম্যাচে সাফল্য না এলে তিনি সরে যাবেন। সূত্রের খবর, এই মুহূর্তে নয়া চুক্তি অনুযায়ী ইগর স্টিম্যাচের সঙ্গে চুক্তি রয়েছে ২০২৬ সাল পর্যন্ত। অর্থাৎ চুক্তির আগে ইগর স্টিম্যাচকে বরখাস্ত করতে হলে তাঁকে এই সময়কালের বেতন বাবদ ছয় কোটি টাকা দিতে হবে। এই কথা মাথায় রেখে এআইএফএফ বিষয়টি নিয়ে ধীরে ধীরে এগোতে চাইছে।

## মুখতারের শেষকৃত্যের অনুষ্ঠানে ছেলে আব্বাস থাকতে পারবে কিনা শুনানি হবে সুপ্রিম কোর্টে

নয়াদিল্লি, ৫ এপ্রিল (হি. স.) : সদ্য প্রয়াত হয়েছেন গ্যাংস্টার তথা রাজনীতিক মুখতার আনসারি। তাঁর বড় ছেলে আব্বাস আনসারি জেলবন্দি। বাবার শেষকৃত্যে থাকতে পারননি তিনি। কিন্তু তাঁর স্মরণে ফাতিহা অনুষ্ঠানে যাতে আব্বাস উপস্থিত থাকতে পারে, সেইজন্য সম্প্রতি সুপ্রিম কোর্টে আবেদন করেছিল আনসারি পরিবার।শুক্রবার শীর্ষ আদালতের তরফে নোটিশ জারি করে জানানো হল এই মামলার পরবর্তী শুনানি আগামী ৯ এপ্রিল। বুধবার ১০ এপ্রিল অনুষ্ঠিত হবে ফাতিহা অনুষ্ঠান, তার ঠিক একদিন আগে মঙ্গলবার রায় দিতে পারে শীর্ষ আদালত।

## আবারও ভূমিকম্প হিমাচলে, শুক্রবার দুপুরে ভূকম্পন চাম্বায়

চাম্বা, ৫ এপ্রিল (হি. স.): শুক্রবার ভূমিকম্পে কেঁপে উঠল হিমাচল প্রদেশ।

এদিন দুপুরে হিমাচল প্রদেশের চাম্বায় ৫.৩ মাত্রার কম্পন অনুভূত হয়। যার জেরে গোটা এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়ে।

চাম্বায় ভূমিকম্প হতেই সেই কম্পন অনুভূত হয় মানালিতেও। পাশাপাশি চণ্ডীগড় এর বেশ কিছু অংশ, পঞ্জাব, হরিয়ানাতেও ভূমিকম্প অনুভূত হয় বলে খবর।

তবে শেষ খবর পাওয়া পর্যন্ত, এই কম্পনের জেরে ক্ষয়ক্ষতি হয়নি বলেই জানা যাচ্ছে। উল্লেখ্য, বৃহস্পতিবার রাতেই ভূমিকম্প অনুভূত হয়েছিল হিমাচল প্রদেশের চাম্বায়।

## কোচবিহারের সভা থেকে অভিজিৎ গঙ্গোপাধ্যায়কে আক্রমণ মুখ্যমন্ত্রীর

কোচবিহার, ৫ এপ্রিল (হি. স.) : "আপনি অনেকের চাকরি খেয়েছেন, এবার আপনার চাকরি খাবে জনগণ।" কোচবিহারের সভা থেকে প্রাক্তন বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়কে এভাবেই সরাসরিই আক্রমণ করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

শুক্রবার কোচবিহারের প্রার্থী প্রকাশচিক বরাইকের সমর্থনে সভা করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বৃহস্পতিবারই নিশীথ প্রামাণিকের সমর্থনে বঙ্গে সভা করে যান প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। দুর্নীতি ইস্যুতে বঙ্গ সরকারকে বিঁধেছেন মোদী। আর ঠিক তার পরদিনই পাল্টা দিলেন মুখ্যমন্ত্রী। মুখ খুললেন বিজেপি শাসিত রাজ্যগুলির দুর্নীতি প্রসঙ্গে। সেক্ষেত্রে কথা বলতে গিয়ে মুখ্যমন্ত্রীর কথায় উঠে আসে চাকরিতে নিয়োগ দুর্নীতি প্রসঙ্গও। তখনই নাম না করে প্রাক্তন অভিজিৎ গঙ্গোপাধ্যায় প্রসঙ্গে মুখ খোলেন তিনি।

মুখ্যমন্ত্রী বলেন, "দেখলেন না একজন বিচারপতি চেয়ারে বসে কী করলেন, তারপর তৃণমূলের বিরুদ্ধে গালাগালি দিয়ে বেড়াচ্ছে। আমি ওর বিরুদ্ধে এক জন ছাত্রনেতাকে দাঁড় করিয়েছি। দেবাংশু ছুটিয়ে বেড়াক।" অভিজিতের নাম না করে তিনি বলেন, "আপনি বিচার দিয়ে অনেক ছেলেমেয়ের চাকরি খেয়েছেন। এবার আপনার বিচার করুক জনগণ। এবার জনগণ আপনার চাকরি খাবে, বিচার দিয়ে। এটা জনগণের আদালত।"

## কেন্দ্রের অনুদান নিয়ে জনগণকে বিভ্রান্ত করছে তৃণমূল: দিলীপ ঘোষ

কলকাতা, ৫ এপ্রিল (হি. স.): লোকসভা ভোটের মুখে আবারও বিস্ফোরক বিজেপির দিলীপ ঘোষ। শুক্রবার কেন্দ্রীয় অনুদান নিয়ে রাজ্যকে তীব্র কটাক্ষ করেন তিনি। এদিন দিলীপ ঘোষ বলেন, জনগণকে বিভ্রান্ত করার জন্য তৃণমূল সরকার বারবার মিথ্যা কথা বলছে। কেন্দ্র কর্তৃক প্রদত্ত অনুদান সম্পর্কিত মিথ্যা পরিসংখ্যান তুলে ধরেছে এই সরকার। আমি বলছি, কেন্দ্রীয় সরকার কী করছে, কী দিচ্ছে, রাজ্য সরকার কতটা পেয়েছে? আজ সবকিছু জনসম্মুখে রয়েছে। তিনি এও বলেন, সিএজি ২২৯ কোটি টাকার কেলেঙ্কারি ফাঁস করেছে, যার উত্তর এখনও রাজ্য সরকার দিতে পারেনি। এটা গরিব মানুষের টাকা। উল্লেখ্য, বাংলার আবাস যোজনা থেকে শুরু করে ১০০ দিনের টাকা কেন্দ্র আটকে রেখেছে বলে অভিযোগ তুলেছে তৃণমূল সরকার। বৃহস্পতিবার কোচবিহারে ভোটপ্রচারে এসে তৃণমূল সরকারকে এবিষয়ে তুলোধনা করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। মোদী বলেন, 'বাংলাকে রেকর্ড টাকা দিয়েছি, তাও তৃণমূল উন্নয়নে বাধা দেয়।'

## প্রাক্তন উপপ্রধানমন্ত্রী জগজীবন রাম ''বাবুজি''কে জন্মবার্ষিকীতে শ্রদ্ধা নিবেদন মোহন যাদবের

ভোপাল, ৫ এপ্রিল (হি. স.) : মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী মোহন যাদব প্রাক্তন উপ-প্রধানমন্ত্রী জগজীবন রাম ''বাবুজি''-কে তাঁর জন্মবার্ষিকীতে শ্রদ্ধা জানিয়েছেন। শুক্রবার দলিত নেতা ও প্রাক্তন উপপ্রধানমন্ত্রী জগজীবন রাম ''বাবুজি''র জন্মবার্ষিকী। তিনি ১৯০৮ সালের ৫ এপ্রিল বিহারের শাহাবাদ জেলার একটি ছোট গ্রাম চাঁদোয়াতে জন্মগ্রহণ করেছিলেন। বাবু জগজীবন রামকে তাঁর জন্মবার্ষিকীতে স্মরণ করছে দেশ। এই উপলক্ষে মুখ্যমন্ত্রী মোহন যাদব তাঁকে স্মরণ করে শ্রদ্ধা জানিয়েছেন।

## কংগ্রেস জনগণের বিশ্বাস পুরোপুরি হারিয়ে ফেলেছে : বিষ্ণু দেও সাহ

রায়পুর, ৫ এপ্রিল (হি. স.) : কংগ্রেস জনগণের বিশ্বাস পুরোপুরি হারিয়ে ফেলেছে, শুক্রবার এই মন্তব্য করেন ছত্তিশগড়ের মুখ্যমন্ত্রী বিষ্ণু দেও সাই। তিনি এদিন সাংবাদিকদের মুখোমুখি হয়ে একথা বলেন। তিনি এদিন সাংবাদিকদের উদ্দেশে আরও বলেন, আপনারা সবাই কি মনে করেন কংগ্রেস সরকার গঠন করতে পারবে? ছত্তিশগড়ে ২০১৮ সালের বিধানসভা নির্বাচনে কংগ্রেস ৩৬টি প্রতিশ্রুতি দিয়েছিল, শুধু তাই নয় তাঁরা ৫ বছর সরকার চালানোর সুযোগও পেয়েছিল। কোনওটাই তাঁরা কাজে লাগাতে পারেনি। কংগ্রেস জনগণের বিশ্বাস সম্পূর্ণভাবে হারিয়ে ফেলেছে। এই দল একটি ডুবন্ত জাহাজ।'

## অযোধ্যার রামমন্দির নিয়ে কর্মীদের ''''চুপ'''' থাকার নির্দেশ কংগ্রেসের, দাবি মোদীর

চুরু, ৫ এপ্রিল (হি. স.): লোকসভা নির্বাচনের আগে প্রায় গোটা দেশ জুড়ে প্রচার শুরু করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। শুক্রবার লোকসভা ভোটের প্রচারে রাজস্থানে হাজির হন মোদী। রাজস্থানের সেই জনসভা থেকে ফের কংগ্রেসের বিরুদ্ধে তোপ দাগেন মোদী।

এদিন নরেন্দ্র মোদী বলেন, তিনি জানতে পেরেছেন যে, সম্প্রতি কংগ্রেস একটি অ্যাডভাইসরি জারি করেছে, যেখানে অযোধ্যার রাম মন্দির নিয়ে আলোচনা হলে, সেখানে যেন কংগ্রেসের কর্মী, সমর্থকরা যেন অংশ না নেন। জনসভা থেকেই কংগ্রেসের বিরুদ্ধে তীব্র কটাক্ষ করেন নরেন্দ্র মোদী।

## ছত্তিশগড়ের রায়পুরে তীব্র গরমে বিদ্যুৎ সরবারহ সংস্থায় আগুন

রায়পুর, ৫ এপ্রিল (হি. স.): শুক্রবার প্রচণ্ড গরমে ছত্তিশগড়ের রায়পুরের একটি বিদ্যুৎ সরবরাহ সংস্থায় আগুন ধরে যায়।

জানা গেছে, ছত্তিশগড়ের রায়পুরের কোটা এলাকার একটি বিদ্যুৎ সরবারহের কোম্পানিতে আগুন লেগে দাউ দাউ করে জ্বলতে শুরু করে। খবর পেতেই সেখানে পুলিশ এবং দমকল বাহিনী হাজির হয়ে যায়। তবে ওই বিদ্যুৎ সরবরাহ সংস্থায় আগুনের জেরে কেউ হতাহত হয়েছেন কি না, সে বিষয়ে এখনও কিছু জানা যায়নি।

## কোলাঘাটে তপ্ত গরমে নির্বাচনী প্রচার বিজেপি প্রার্থী অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের

পূর্ব মেদিনীপুর, ৫ এপ্রিল (হি. স.) : পূর্ব মেদিনীপুরে প্রবল গরম। তবু গরমকে তোয়াক্কা না করেই দিনভর প্রচারে রয়েছেন অভিজিত গঙ্গোপাধ্যায়।

শুক্রবার সকাল থেকে কোলাঘাট অঞ্চলে প্রচার করলেন বিজেপি প্রার্থী। বিপুল সংখ্যক বিজেপি কর্মী সমর্থকদের মিছিল দেখা যায় তাঁকে ঘিরে। কোনও রকম মান অভিমান নয়। সকলে মিলে একসঙ্গে কাজ করার আহ্বান জানান তমলুকের বিজেপি প্রার্থী। যারা মান অভিমান করে দূরে সরে গিয়েছেন, তাদের সঙ্গে আসতে আহ্বান জানালেন অভিজিত গঙ্গোপাধ্যায়। নির্বাচনে একসঙ্গে কাজ করতে হবে। বুথে বুথে কাজ শুরু করে দেওয়ার আহ্বান জানালেন তিনি।

প্রার্থী হওয়ার আগে থেকেই পূর্ব মেদিনীপুরে পৌঁছে গিয়েছিলেন কলকাতা হাইকোর্টের প্রাক্তন বিচারপতি।

এরপর তমলুক কেন্দ্রে বিজেপির পক্ষ থেকে অভিজিত গঙ্গোপাধ্যায়কে প্রার্থী করা হয়। তারপর থেকে প্রচার করছেন অভিজিত গঙ্গোপাধ্যায়। কর্মী সভা চলছে নিয়মিত। তৃণমূল কংগ্রেসকে বিভিন্ন সময় আক্রমণ করছেন। রাজ্যের শাসক দলের দুর্নীতি নিয়ে রীতিমতো সমালোচনায় মুখর তিনি।

## পাঠ্য পুস্তকে এল মোহনবাগান, ইস্টবেঙ্গল, মহমেডান

কলকাতা, ৫ এপ্রিল (হি.স.) : উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদ একাদশ শ্রেণির পাঠ্য পুস্তকে নিয়ে এল মোহনবাগান, ইস্টবেঙ্গল, মহমেডানকে। এনিয়ে উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদের সচিব প্রিয়দর্শিনী মল্লিক জানিয়েছেন, ''শরীরচর্চার সঙ্গে ফুটবল জড়িত। তাই শরীরচর্চার পরিকাঠামোর সঙ্গে তিন প্রধানের যোগ রয়েছে। তাই আমরা এই তিন ক্লাবকে একাদশ শ্রেণির পাঠ্যপুস্তকের সঙ্গে যুক্ত করার এই সিদ্ধান্ত নিয়েছি।" এই পাঠ্য পুস্তকে থাকছে বাংলা ফুটবলের সোনার দিন গুলো নিয়ে লেখা, কলকাতা ফুটবলে প্রধানের নানান ইতিহাস নিয়ে লেখা। তাছাড়া আইএসএল ও আই লিগে তিন প্রধানের সাফল্য।

এই সব নিয়ে এবার একাদশ শ্রেণির পাঠ্যপুস্তাকে উপহার দিতে চলেছে রাজ্যের উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদ। অর্থাৎ ''স্বাস্থ্য ও শরীর শিক্ষা'' বিষয়ের পাঠ্যক্রমে আনা হল তিন প্রধানকে। শুক্রবার সরকারিভাবে এনিয়ে ঘোষণা করেছে উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদ।

## হয় বিজেপি, নয় জেল: অতিশীর মন্তব্যের জেরে নোটিস নির্বাচন কমিশনের

নয়াদিল্লি, ৫ এপ্রিল (হি. স.) : বিজেপিতে যোগ না দিলে গ্রেফতার হতে হবে। দিন কয়েক আগে আম আদমি পার্টির মন্ত্রী অতিশীর করা এই মন্তব্যের জেরে এবার তাঁকে নোটিস ধরাল নির্বাচন কমিশন। শুক্রবার মন্ত্রী অতিশীকে নিজের করা মন্তব্যের জন্যে নোটিস পাঠিয়েছে নির্বাচন কমিশন। জানানো হয়েছে, সোমবার ৮ এপ্রিল দুপুর ১২ টার মধ্যে মন্ত্রীকে মন্তব্যের ব্যাখা দিয়ে রিপোর্ট জমা দিতে হবে কমিশনের কাছে। দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালের গ্রেফতারির পর থেকেই বিজেপি সরকারের উপর বেজায় চটেছে বিরোধী দলগুলো। গত ২ এপ্রিল সাংবাদিক বৈঠক ডেকে মোদী সরকারের বিরুদ্ধে তীব্র আক্রমণ শানিয়ে অতিশী বলেন, ভোটের আগে আপের চারজন শীর্ষ নেতাকে গ্রেফতার করা হবে। বিজেপিতে যোগ না দিলে তিনি, সৌরভ ভরদ্বাজ, দুর্গেশ পাঠক এবং রাঘভ চাড্ডা গ্রেফতার হবেন।

ভোটের মুখে বিজেপির বিরুদ্ধে অপ্রমাণিত অভিযোগ তুলে আদর্শ আচরণবিধি লঙ্ঘন করেছেন আম আদমি পার্টির মন্ত্রী অতিশী, সেই অভিযোগে তাঁকে নিজের মন্তব্য ব্যাখার জন্যে নোটিস পাঠিয়েছে নির্বাচন কমিশন।

## রাম ভজন গাইলেন ফারুক আবদুল্লা

নয়াদিল্লি, ৫ এপ্রিল (হি. স.): জম্মু ও কাশ্মীরের প্রাক্তন মুখ্যমন্ত্রী ফারুক আবদুল্লার গলায় রামের ভজন। তাঁকে গাইতে শোনা গেল রাম ভজন। শুক্রবার এমনই ভিডিও ভাইরাল হয় সোশ্যাল মিডিয়ায়। সেখানে দেখা যাচ্ছে, একটি ঘরোয়া অনুষ্ঠানে রাম ভজন গাইছেন তিনি। যা দেখে জোর চর্চা শুরু হয়ে গেছে।

প্রসঙ্গত, আসন্ন লোকসভা নির্বাচনে শারীরিক অসুস্থতার কারণে লড়বেন না ন্যাশনাল কনফারেন্সের সভাপতি ফারুক। তবে তাঁর ছেলে ওমর আবদুল্লা শ্রীনগর থেকে দাঁড়াবেন বলে জানা গেছে।

## অতিশীর অভিযোগ ভিত্তিহীন, সরব মনোজ তিওয়ারি

নয়াদিল্লি, ৫ এপ্রিল (হি. স.) : আম আদমি পার্টির নেত্রী অতিশীকে শুক্রবার নির্বাচন কমিশনের পাঠানো নোটিশের বিষয়ে এবার মুখ খুললেন দিল্লির বিজেপি নেতা মনোজ তিওয়ারি।

মনোজ তিওয়ারি বলেন, অতিশীর সমস্ত অভিযোগ ভিত্তিহীন। আমরা সতর্ক করেছিলাম কিন্তু তিনি ক্ষমা চাননি। আমরা এই বিষয়টি নিয়ে নির্বাচন কমিশনে অভিযোগ করি। সেই অভিযোগের ভিত্তিতে নির্বাচন কমিশন অতিশীকে একটি নোটিশ পাঠিয়েছে। অতিশী-সহ আম আদমি পার্টির নেতৃত্ব বিজেপির ভাবমূর্তি নষ্ট করার চেষ্টা করছেন বলেও অভিযোগ করেন মনোজ তিওয়ারি।

উল্লেখ্য, অতিশী এর আগে বলেছিলেন, ভোটের আগে আম আদমি পার্টির চারজন শীর্ষ নেতাকে গ্রেফতার করা হবে। বিজেপিতে যোগ না দিলে তিনি, সৌরভ ভরদ্বাজ, দুর্গেশ পাঠক এবং রাঘভ চাড্ডা গ্রেফতার হবেন। ভোটের মুখে বিজেপির বিরুদ্ধে অপ্রমাণিত অভিযোগ তুলে আদর্শ আচরণবিধি লঙ্ঘন করেছেন আম আদমি পার্টির মন্ত্রী অতিশী, সেই অভিযোগে তাঁকে নিজের মন্তব্য ব্যাখার জন্যে নোটিস পাঠিয়েছে নির্বাচন কমিশন।

# কাজের সন্ধান

## অনলাইনে আবেদনের মাধ্যমে রেল মন্ত্রকে ৭ শতাধিক এপ্রেন্টিস, পরীক্ষা ছাড়াই নিয়োগ

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।।** সারা দেশ জুড়ে ভারতীয় রেলে এপ্রেন্টিস নিয়োগের জন্য অনলাইনে অথবা ডাকযোগে দরখাস্ত পাঠাতে বলা হয়েছে। কেন্দ্রীয় রেল মন্ত্রকের অধীনে দক্ষিন পূর্ব মধ্য রেলেও এধরনের এপ্রেন্টিস পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৭৩৩টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, আইটিআই পাশ, বয়স ঃ ১৫-২৪ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১২ এপ্রিল, মেধাভিত্তিক বাছাইকৃতদের ইন্টারভিউর তারিখ ও কেন্দ্র কল লেটারে জানানো হবে। অন্য রেলওয়ে অথবা মন্ত্রকের জন্যও অনলাইনে দরখাস্ত পাঠানোর সুবিধা রয়েছে। ইন্টারভিউ বা সাক্ষাৎকারের সময়সূচি পরে জানানো হবে। বিস্তারিত খবর হলো —

প্রার্থীদের যোগ্যতা অনুযায়ী কেবলমাত্র যে-কোনও একটি ডিসিপ্লিন বা ট্রেডের জন্য অনলাইনে এঁদের ওয়েবসাইটে আবেদন করতে পারেন ১২ এপ্রিল-এর মধ্যে। অর্থাৎ অনলাইনে আবেদন করার শেষ তারিখ ১২ এপ্রিল। যদি কোনও প্রার্থী একাধিক ট্রেড বা ডিসিপ্লিন-এর জন্য আবেদন করেন, তাঁর সমস্ত আবেদন বাতিল করা হবে। একইভাবে একাধিক ডিভিশনেও আবেদন করা যাবে না। অধিকতর পেশগত যোগ্যতা যথা বিই/ বিটেক/ এমবিএ/ এমসিএ যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের বিবেচনা করা হবে না। সময়ে সময়ে প্রযোজ্য ভারত সরকারের নির্দেশাবলী অনুসারে ট্রেড এবং অবস্থানের জন্য প্রযোজ্যমতো প্রতি মাসে নির্ধারিত হারে স্টাইপেন্ড দেওয়া হবে। এ বিষয়ে বিস্তারিত তথ্যাবলী পেয়ে যাবেন ইন্ডিয়ান রেলওয়ে বা কেন্দ্রীয় মন্ত্রকের ওয়েবসাইটে ‘এপ্রেন্টিস’ ট্যাব-এ। রেলওয়ের জোন অনুযায়ী অনলাইনে আবেদন করার পদ্ধতিও পেয়ে যাবেন এঁদের ওয়েবসাইটে। প্রয়োজনে ই-মেইল আইডি চালু করা, অনলাইনে দরখাস্ত পাঠানো, দরখাস্ত পূরণ করার কৌশল, ইন্টারনেটের ব্যাঙ্কিংয়ের মাধ্যমে পরীক্ষার ফি পাঠানো, লিখিত পরীক্ষার বিস্তারিত সিলেবাস এবং বিগত সময়ে এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে আরও বিস্তারিত তথ্য, ঘরে বসে মুহূর্তের মধ্যে হাতের মুঠোয় পেতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে ‘হাই/হ্যালো’ লিখে মেম্বারশীপের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত ‘কর্মবার্তা’ অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম ও হোয়াটস্অ্যাপ নম্বর রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে। প্রার্থিবাছাই পদ্ধতির বিস্তারিত সময়সূচি এবং স্থান পরবর্তী সময়ে জানানো হবে এবং কল লেটার পাঠানো হবে।

ভারতীয় রেলে চাকরির জন্য এধরনের ট্রেড এপ্রেন্টিস ট্রেনিংয়ের যথেষ্ট প্রয়োজন রয়েছে। ভারতীয় রেলে সারা দেশ জুড়ে ট্রেড এপ্রেন্টিস হিসেবে সহস্রাধিক বাছাইয়ের জন্য দরখাস্ত আহ্বান করা হয়েছে। কেন্দ্রীয় রেল মন্ত্রকের অধীনে দক্ষিন পূর্ব মধ্য রেলে ট্রেড এপ্রেন্টিস হিসেবে যোগদান করতে ইচ্ছুক তরুণ-তরুণীরা ১২-০৪-২০২৪-এর হিসেবে ১৫ থেকে ২৪ বছর বয়স হলে আবেদন করতে পারেন। তফশিলি, ওবিসি ও প্রতিবন্ধীদের জন্য সরকারি নিয়মানুসারে আসন সংরক্ষণ যেমন থাকবে, তেমনি বয়সের উর্ধ্বসীমায়ও যথারীতি ছাড় রয়েছে। আসন সংখ্যার বিশদ বিভাজন ট্রেড ভিত্তিক সংখ্যা ইত্যাদি দেখতে পাবেন ‘রেলওয়ে’র ওয়েব সাইটে, ‘এপ্রেন্টিস’ ট্যাব লিঙ্কে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর - পি/ বিএসপি/ রিক্রুটমেন্ট/ অ্যাক্ট এপ্রে./ ২০২৪-২০২৫/ ই-৭২১৫২, তারিখ ২৫ মার্চ, ২০২৪। ডিভিশন ও ট্রেড অনুযায়ী আসন সংখ্যার বিভাজন এই রকম — বিলাশপুর ডিভিশনে ক্রমিক নং (১) ঃ কার্পেন্টার, শূন্যপদ ৩৮টি, এর মধ্যে অসংরক্ষিত ১৫টি। এসসি ৬টি, এসটি ৩টি, ওবিসি ১০টি, ইডব্লিওএস ৪টি পদ সংরক্ষিত। ২টি শারীরিক প্রতিবন্ধী এবং ৪টি এক্স-সার্ভিসম্যান প্রার্থীর জন্য সংরক্ষিত। ক্রমিক নং (২) ঃ কম্পিউটার অপারেটর বা কোপা, শূন্যপদ ১০০টি, এর মধ্যে অসংরক্ষিত ৪০টি। এসসি ১৫টি, এসটি ৮টি, ওবিসি ২৭টি, ইডব্লিওএস ১০টি পদ সংরক্ষিত। ৪টি শারীরিক প্রতিবন্ধী এবং ১০টি এক্স-সার্ভিসম্যান প্রার্থীর জন্য সংরক্ষিত। ক্রমিক নং (৩) ঃ ড্রাফ্টসম্যান, শূন্যপদ ১০টি, এর মধ্যে অসংরক্ষিত ৩টি। এসসি ২টি, এসটি ১টি, ওবিসি ৩টি, ইডব্লিওএস ১টি পদ সংরক্ষিত। ১টি এক্স-সার্ভিসম্যান প্রার্থীর জন্য সংরক্ষিত। ক্রমিক নং (৪) ঃ ইলেকট্রিশিয়ান, শূন্যপদ ১৩৭টি, এর মধ্যে অসংরক্ষিত ৫৫টি। এসসি ২১টি, এসটি ১০টি, ওবিসি ৩৭টি, ইডব্লিওএস ১৪টি পদ সংরক্ষিত। ৫টি শারীরিক প্রতিবন্ধী এবং ১৪টি এক্স-সার্ভিসম্যান প্রার্থীর জন্য সংরক্ষিত। ক্রমিক নং (৫) ঃ ইলেকট্রিশিয়ান, মেকানিক শূন্যপদ ৫টি, এর মধ্যে অসংরক্ষিত ২টি। এসসি ১টি, ওবিসি ১টি, ইডব্লিওএস ১টি পদ সংরক্ষিত। ১টি এক্স-সার্ভিসম্যান প্রার্থীর জন্য সংরক্ষিত। ক্রমিক নং (৬) ঃ ফিটার, শূন্যপদ ১৮৭টি, এর মধ্যে অসংরক্ষিত ৭৬টি। এসসি ২৮টি, এসটি ১৪টি, ওবিসি ৫০টি, ইডব্লিওএস ১৯টি পদ সংরক্ষিত। ৭টি শারীরিক প্রতিবন্ধী এবং ১৯টি এক্স-সার্ভিসম্যান প্রার্থীর জন্য সংরক্ষিত। ক্রমিক নং (৭) ঃ মেশিনিস্ট, শূন্যপদ ৪টি, এর মধ্যে অসংরক্ষিত ২টি। এসসি ১টি, ওবিসি ১টি পদ সংরক্ষিত। ক্রমিক নং (৮) ঃ পেইন্টার, শূন্যপদ ৪২টি, এর মধ্যে অসংরক্ষিত ১৮টি। এসসি ৬টি, এসটি ৩টি, ওবিসি ১১টি, ইডব্লিওএস ৪টি পদ সংরক্ষিত। ২টি শারীরিক প্রতিবন্ধী এবং ৪টি এক্স-সার্ভিসম্যান প্রার্থীর জন্য সংরক্ষিত। ক্রমিক নং (৯) ঃ প্লাম্বার, শূন্যপদ ২৫টি, এর মধ্যে অসংরক্ষিত ৯টি। এসসি ৪টি, এসটি ২টি, ওবিসি ৭টি, ইডব্লিওএস ৩টি পদ সংরক্ষিত। ১টি শারীরিক প্রতিবন্ধী এবং ৩টি এক্স-সার্ভিসম্যান প্রার্থীর জন্য সংরক্ষিত। ক্রমিক নং (১০) ঃ মেকানিক (আরএসি), শূন্যপদ ১৫টি, এর মধ্যে অসংরক্ষিত ৬টি। এসসি ২টি, এসটি ১টি, ওবিসি ৪টি, ইডব্লিওএস ২টি পদ সংরক্ষিত। ১টি শারীরিক প্রতিবন্ধী এবং ২টি এক্স-সার্ভিসম্যান প্রার্থীর জন্য সংরক্ষিত। ক্রমিক নং (১১) ঃ এসএমডব্লিও, শূন্যপদ ৪টি, এর মধ্যে অসংরক্ষিত ২টি। এসসি ১টি, ওবিসি ১টি পদ সংরক্ষিত। ১টি শারীরিক প্রতিবন্ধী এবং ৩টি এক্স-সার্ভিসম্যান প্রার্থীর জন্য সংরক্ষিত। ক্রমিক নং (১২) ঃ স্টেনোগ্রাফার (ইংলিশ)/ সেক্রেটারিয়েল অ্যাসিস্ট্যান্ট, শূন্যপদ ২৭টি, এর মধ্যে অসংরক্ষিত ১১টি। এসসি ৪টি, এসটি ২টি, ওবিসি ৭টি, ইডব্লিওএস ৩টি পদ সংরক্ষিত। ১টি শারীরিক প্রতিবন্ধী এবং ৩টি এক্স-সার্ভিসম্যান প্রার্থীর জন্য সংরক্ষিত। ক্রমিক নং (১৩) ঃ স্টেনোগ্রাফার (হিন্দি), শূন্যপদ ১৯টি, এর মধ্যে অসংরক্ষিত ৮টি। এসসি ৩টি, এসটি ১টি, ওবিসি ৫টি, ইডব্লিওএস ২টি পদ সংরক্ষিত। ১টি শারীরিক প্রতিবন্ধী এবং ২টি এক্স-সার্ভিসম্যান প্রার্থীর জন্য সংরক্ষিত। ক্রমিক নং (১৪) ঃ ডিজেল মেকানিক, শূন্যপদ ১২টি, এর মধ্যে অসংরক্ষিত ৫টি। এসসি ২টি, এসটি ১টি, ওবিসি ৩টি, ইডব্লিওএস ১টি পদ সংরক্ষিত। ১টি এক্স-সার্ভিসম্যান প্রার্থীর জন্য সংরক্ষিত। ক্রমিক নং (১৫) ঃ টার্ণার, শূন্যপদ ৪টি, এর মধ্যে অসংরক্ষিত ২টি। এসসি ১টি, ওবিসি ১টি পদ সংরক্ষিত। ক্রমিক নং (১৬) ঃ ওয়েল্ডার, শূন্যপদ ১৮টি, এর মধ্যে অসংরক্ষিত ৭টি। এসসি ৩টি, এসটি ১টি, ওবিসি ৫টি, ইডব্লিওএস ২টি পদ সংরক্ষিত। ১টি শারীরিক প্রতিবন্ধী এবং ২টি এক্স-সার্ভিসম্যান প্রার্থীর জন্য সংরক্ষিত। ক্রমিক নং (১৭) ঃ ওয়্যারম্যান, শূন্যপদ ৮০টি, এর মধ্যে অসংরক্ষিত ৩২টি। এসসি ১২টি, এসটি ৬টি, ওবিসি ২২টি, ইডব্লিওএস ৮টি পদ সংরক্ষিত। ৩টি শারীরিক প্রতিবন্ধী এবং ৮টি এক্স-সার্ভিসম্যান প্রার্থীর জন্য সংরক্ষিত। একইভাবে কেমিক্যাল ল্যাব অ্যাসিস্ট্যান্ট, ডিজিটাল ফটোগ্রাফার ইত্যাদি পদের বিস্তারিত যেমন, শূন্যপদের বিভাজন, যোগ্যতা জানার জন্য এঁদের ওয়েবসাইট দেখে নিতে হবে।

## অনলাইনে আবেদনের মাধ্যমে এপ্রেন্টিস পরীক্ষা ছাড়াই রেল মন্ত্রকে নিয়োগ

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।।** সারা দেশ জুড়ে ভারতীয় রেলে এপ্রেন্টিস নিয়োগের জন্য অনলাইনে অথবা ডাকযোগে দরখাস্ত পাঠাতে বলা হয়েছে, আসন সংখ্যা এই মুহূর্তে সহস্রাধিক হলেও রেল কোচ ফ্যাক্টরিতে এপ্রেন্টিস পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৫৫০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক পাশ। আইটিআই পাশ হলে অগ্রাধিকার পাবেন। বয়স ঃ ১৫-২৪ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৯ এপ্রিল, মেধাভিত্তিক বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে। ইচ্ছুক উপযুক্ত প্রার্থীরা এঁদের ওয়েবসাইটে লগ অন করে অনলাইনে দরখাস্ত পাঠাতে পারেন। অন্য রেলওয়ে অথবা মন্ত্রকের জন্যও অনলাইনে দরখাস্ত পাঠানোর সুবিধা রয়েছে। ইন্টারভিউ বা সাক্ষাৎকারের সময়সূচি পরে জানানো হবে। বিস্তারিত খবর হলো —

প্রার্থীদের যোগ্যতা অনুযায়ী কেবলমাত্র যে-কোনও একটি ডিসিপ্লিন-এর জন্য অনলাইনে এঁদের ওয়েবসাইটে আবেদন করতে পারেন ৯ এপ্রিলের মধ্যে। অর্থাৎ অনলাইনে আবেদন করার শেষ তারিখ নির্দিষ্ট বিজ্ঞপ্তি অনুযায়ী ৯ এপ্রিল। যদি কোনও প্রার্থী একাধিক ট্রেড বা ডিসিপ্লিন-এর জন্য আবেদন করেন, তাঁর সমস্ত আবেদন বাতিল করা হবে। একইভাবে একাধিক ডিভিশনেও আবেদন করা যাবে না। অধিকতর পেশগত যোগ্যতা যথা বিই/ বিটেক/ এমবিএ/ এমসিএ যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের বিবেচনা করা হবে না। সময়ে সময়ে প্রযোজ্য ভারত সরকারের নির্দেশাবলী অনুসারে ট্রেড এবং অবস্থানের জন্য প্রযোজ্যমতো প্রতি মাসে নির্ধারিত হারে স্টাইপেন্ড দেওয়া হবে। এ বিষয়ে বিস্তারিত তথ্যাবলী পেয়ে যাবেন ইন্ডিয়ান রেলওয়ে বা কেন্দ্রীয় মন্ত্রকের ওয়েবসাইটে ‘এপ্রেন্টিস’ ট্যাব-এ। রেলওয়ের জোন বা ফ্যাক্টরি অনুযায়ী অনলাইনে আবেদন করার পদ্ধতিও পেয়ে যাবেন এঁদের ওয়েবসাইটে। প্রয়োজনে ই-মেইল আইডি চালু করা, অনলাইনে দরখাস্ত পাঠানো, দরখাস্ত পূরণ করার কৌশল, ইন্টারনেটের ব্যাঙ্কিংয়ের মাধ্যমে পরীক্ষার ফি পাঠানো, লিখিত পরীক্ষার বিস্তারিত সিলেবাস এবং বিগত সময়ে এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে আরও বিস্তারিত তথ্য, ঘরে বসে মুহূর্তের মধ্যে হাতের মুঠোয় পেতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে ‘হাই/হ্যালো’ লিখে মেম্বারশীপের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত ‘কর্মবার্তা’ অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম ও হোয়াটস্অ্যাপ নম্বর রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে। প্রার্থিবাছাই পদ্ধতির বিস্তারিত সময়সূচি এবং স্থান পরবর্তী সময়ে জানানো হবে এবং কল লেটার পাঠানো হবে।

ভারতীয় রেলে চাকরির জন্য এধরনের ট্রেড এপ্রেন্টিস ট্রেনিংয়ের যথেষ্ট প্রয়োজন রয়েছে। ভারতীয় রেলে সারা দেশ জুড়ে ট্রেড এপ্রেন্টিস হিসেবে সহস্রাধিক বাছাইয়ের জন্য দরখাস্ত আহ্বান করা হয়েছে। সম্প্রতি রেল কোচ ফ্যাক্টরিতে ট্রেড এপ্রেন্টিস হিসেবে যোগদান করতে ইচ্ছুক তরুণ-তরুণীরা ৩১-০৩-২০২৪-এর হিসেবে ১৫ থেকে ২৪ বছর বয়স হলে আবেদন করতে পারেন। তফশিলি, ওবিসি ও প্রতিবন্ধীদের জন্য সরকারি নিয়মানুসারে আসন সংরক্ষণ যেমন থাকবে, তেমনি বয়সের উর্ধ্বসীমায়ও যথারীতি ছাড় রয়েছে। আসন সংখ্যার বিশদ বিভাজন ট্রেড ভিত্তিক সংখ্যা ইত্যাদি দেখতে পাবেন ‘রেলওয়ে’র ওয়েব সাইটে, ‘এপ্রেন্টিস’ ট্যাব লিঙ্কে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর - এ-১/ ২০২৪/ এপ্রেন্টিস। তারিখ ১১ মার্চ, ২০২৪। ডিভিশন ও ট্রেড অনুযায়ী আসন সংখ্যার বিভাজন এই রকম — ক্রমিকনং (১) ঃ ট্রেড ফিটার, শূন্যপদের সংখ্যা ২০০টি। এর মধ্যে অসংরক্ষিত ১০১টি। এছাড়া, এসসি-দের জন্য ৩০টি, এসটি-দের জন্য ১৫টি, ওবিসি-দের জন্য ৫৪টি পদ সংরক্ষিত। সামগ্রিক হিসেবে শারীরিকপ্রতিবন্ধী প্রার্থীর জন্য ৬টি এবং এক্স-সার্ভিসম্যানদের জন্য ৬টি পদ সংরক্ষিত। ক্রমিক নং (২) ঃ ট্রেড ওয়েল্ডার (গ্যাস এন্ড ইলেকট্রিক), শূন্যপদের সংখ্যা ২৩০টি। এর মধ্যে অসংরক্ষিত ১১৬টি। এছাড়া, এসসি-দের জন্য ৩৫টি, এসটি-দের জন্য ১৭টি, ওবিসি-দের জন্য ৬২টিপদ সংরক্ষিত। সামগ্রিক হিসেবে শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর জন্য ৭টি এবং এক্স-সার্ভিসম্যানদের জন্য ৭টি পদ সংরক্ষিত। ক্রমিক নং (৩) ঃ ট্রেড মেশিনিস্ট, শূন্যপদের সংখ্যা ৫টি। এর মধ্যে অসংরক্ষিত ৩টি। এছাড়া, এসসি-দের জন্য ১টি, ওবিসি-দের জন্য ১টি পদ সংরক্ষিত। ক্রমিক নং (৪) ঃ ট্রেড পেইন্টার (জি), শূন্যপদের সংখ্যা ২০টি। এর মধ্যে অসংরক্ষিত ১০টি। এছাড়া, এসসি-দের জন্য ৩টি, এসটি-দের জন্য ২টি, ওবিসি-দের জন্য ৫টিপদ সংরক্ষিত। সামগ্রিক হিসেবে শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর জন্য ১টি এবং এক্স-সার্ভিসম্যানদের জন্য ১টি পদ সংরক্ষিত। ক্রমিকনং (৫) ঃ ট্রেড কার্পেন্টার, শূন্যপদের সংখ্যা ৫টি। এর মধ্যে অসংরক্ষিত ৩টি। এছাড়া, এসসি-দের জন্য ১টি, ওবিসি-দের জন্য ১টি পদ সংরক্ষিত। ক্রমিক নং (৬) ঃ ট্রেড ইলেকট্রিশিয়ান, শূন্যপদের সংখ্যা ৭৫টি। এর মধ্যে অসংরক্ষিত ৩৮টি। এছাড়া, এসসি-দের জন্য ১১টি, এসটি-দের জন্য ৬টি, ওবিসি-দের জন্য ২০টিপদ সংরক্ষিত। সামগ্রিক হিসেবে শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর জন্য ২টি এবং এক্স-সার্ভিসম্যানদের জন্য ২টি পদ সংরক্ষিত। ক্রমিক নং (৭) ঃ ট্রেড এসি এন্ড রেফ্রিজারেটর মেকানিক, শূন্যপদের সংখ্যা ১৫টি। এর মধ্যে অসংরক্ষিত ৮টি। এছাড়া, এসসি-দের জন্য ২টি, এসটি-দের জন্য ১টি, ওবিসি-দের জন্য ৪টিপদ সংরক্ষিত। সমস্ত পদের বিস্তারিত বিভাজন, যোগ্যতা, বয়সের মাপকাঠি জানতে এঁদের ওয়েবসাইটে দেখে নিতে হবে।

## এক নজরে চাকরির খবর

* পদের নাম ঃ **সাব-ইন্সপেক্টর, কনস্টেবল (বিএসএফ),**
শূন্যপদ ঃ ৮২টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, ডিপ্লোমা, আইটিআই পাশ,
বয়স ঃ ১৮-২৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে যথারীতি ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৮ এপ্রিল,
ইন্টারভিউর তারিখ ও কেন্দ্র এঁদের ওয়েবসাইট থেকে জেনে নিতে হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **টেকনেশিয়ান (রেল মন্ত্রক),**
শূন্যপদ ঃ ৯১৪৪টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, আইটিআই, ডিপ্লোমা, ডিগ্রি ইঞ্জিনিয়ারিং পাশ,
বয়স ঃ ১৮-৩৬ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় পেতে পারেন),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৮ এপ্রিল,
কম্পিউটার ভিত্তিক পরীক্ষা অক্টোবর/ নভেম্বরে, কেন্দ্র আগরতলা সহ সারা দেশে,
বিস্তারিত এঁদের ওয়েবসাইট থেকে জেনে নিতে হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **অ্যাক্ট এপ্রেন্টিস (রেল কোচ ফ্যাক্টরি)**
শূন্যপদ ঃ ৫৫০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, আইটিআইপাশ,
বয়স ঃ ১৮-২৪ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৯ এপ্রিল,
মেধাভিত্তিক বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **এপ্রেন্টিস, টেকনেশিয়ান (ডিআরডিও)**
শূন্যপদ ঃ ১৫০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ আইটিআই, ডিপ্লোমা, ডিগ্রিপাশ,
বয়স ঃ ১৮-২৭ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৯ এপ্রিল,
মেধাভিত্তিক বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **প্রবেশনারি অফিসার (রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক),**
শূন্যপদ ঃ ১৪৩টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি, সিএ, পিজি পাশ,
বয়স ঃ ২১-৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১০ এপ্রিল ,
কম্পিউটার ভিত্তিক পরীক্ষা কেন্দ্র গুয়াহাটি, কলকাতা সহ ৩২টি বড় শহরে, তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি, জুনিয়র ইঞ্জিনিয়ার, একাউন্ট্যান্ট (সেন্ট্রাল বোর্ড),**
শূন্যপদ ঃ ১১৮টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক, ডিগ্রি, বিএড পাশ,
বয়স ঃ ১৮-৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১১ এপ্রিল,
বাছাইকৃতদের পরীক্ষা ও ইন্টারভিউর তারিখ ও কেন্দ্র কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **সায়েন্টিস্ট (কেন্দ্রীয় মন্ত্রক),**
ইউপিএসসি পরীক্ষার মাধ্যমে,
শূন্যপদ ঃ ১৪৭টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি, পিজি পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় পেতে পারেন),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১১ এপ্রিল,
বাছাইকৃতদের পরীক্ষা/ ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **এম.ও, স্পেশালিস্ট (কোলফিল্ড),**
শূন্যপদ ঃ ৮৭টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ এমবিবিএস, পিজি, বিডিএস পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ৪২ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১১ এপ্রিল,
বাছাইকৃতদের ইন্টরভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে বিস্তারিত জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার (রাষ্ট্রীয় বীমা),**
শূন্যপদ ঃ ১০০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি, পিজি পাশ,
বয়স ঃ ২১-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১২ এপ্রিল,
কম্পিউটার ভিত্তিক পরীক্ষা মে/ জুনে, কেন্দ্র আগরতলা সহ সারা দেশে, তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **ট্রেড এপ্রেন্টিস (রেল মন্ত্রক),**
শূন্যপদ ঃ ৭৩৩টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, আইটিআইপাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ২৪ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১২ এপ্রিল,
বাছাইকৃতদের সাক্ষাৎকার বা ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **ফ্যাকাল্টি, গ্রুপ-এ (এইমস),**
শূন্যপদ ঃ ৯৬টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি, পিজি পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ৫০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১২ এপ্রিল,
বাছাইকৃতদের সাক্ষাৎকার বা ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **নার্সিং অফিসার, টেকনেশিয়ান, স্টোরকীপার, স্টেনো (স্বাস্থ্য দপ্তর, বহিঃরাজ্য)**
শূন্যপদ ঃ ১৮০৬টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক থেকে ডিপ্লোমা, ডিগ্রিপাশ,
বয়স ঃ ১৮-৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৩ এপ্রিল,
বাছাইকৃতদের লিখিত পরীক্ষা/ ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **সুপারভাইজর, অফিস অ্যাসিস্ট্যান্ট (কেন্দ্রীয় মুদ্রন মন্ত্রক),**
শূন্যপদ ঃ ৯৬টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক থেকে গ্র্যাজুয়েট, পিজি ডিগ্রি পাশ,
বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৫ এপ্রিল,
বাছাইকৃতদের পরীক্ষা মে/ জুনে, তবে পরীক্ষা কেন্দ্র বহিঃরাজ্যে, তারিখ সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **ইঞ্জিনিয়ার, প্রফেশনাল (বহিঃরাজ্য),**
শূন্যপদ ঃ ১২৬টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, ডিগ্রি ইঞ্জিনিয়ারিং পাশ,
বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৫ এপ্রিল,
বাছাইকৃতদেরপরীক্ষা কেন্দ্র বহিঃরাজ্যে, তারিখ সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **ডিউটি অফিসার, হ্যান্ডিম্যান, কাস্টমার সার্ভিস এক্সিকিউটিভ (এয়ারপোর্ট অথরিটি, বহিঃরাজ্য),**
শূন্যপদ ঃ ২৪৭টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক থেকে ডিগ্রি পাশ,
বয়স ঃ ১৮-৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে যথারীতি ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৫ এপ্রিল,
বাছাইকৃতদের সরাসরি সাক্ষাৎকারের দিনক্ষণ এঁদের ওয়েবসাইট থেকে জেনে নিতে হবে।

## কম্পিউটার ভিত্তিক পরীক্ষার মাধ্যমে কেন্দ্রীয় বীমায় ১০০ অফিসার নিয়োগ

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।।** ত্রিপুরা, পশ্চিমবঙ্গ, আসাম, বিহার, ওড়িশা, ঝাড়খণ্ড সহ সারা দেশে অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার পদে ১০০ জন নিয়োগ হচ্ছে ওরিয়েন্টাল ইনস্যুরেন্স কোম্পানি লিমিটেডে। এককথায়, কেন্দ্রীয় বীমা অর্থাৎ ও.আই.সি.এল-এ এডমিনিস্ট্রেটিভ অফিসার পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে, শূন্যপদ ঃ ১০০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি, পিজি পাশ, বয়স ঃ ২১-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১২ এপ্রিল, কম্পিউটার ভিত্তিক পরীক্ষা মে/ জুনে, কেন্দ্র আগরতলা সহ সারা দেশে, তারিখ কল লেটারে জানানো হবে।

ও আই সি এল বা ওরিয়েন্টাল ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেডে চাকরি করতে ইচ্ছুক তরুণ-তরুণীরা ৩১-১২-২০২৩-এর হিসেবে ২১ থেকে ৩০-এর মধ্যে বয়স হলে আবেদন করতে পারেন। এসসি/এসটিদের জন্য ৩৫ বছর, ওবিসিদের জন্য ৩৩ বছর এবং প্রতিবন্ধী প্রার্থীদের ৪০ বছর, অর্থাৎ যাঁরা বয়সের ক্ষেত্রে বরাবর ছাড় পেয়ে আসছেন, তাঁরা এক্ষেত্রেও যথারীতি বয়সের ছাড় পাবেন। তফশিলি, ওবিসি ও প্রতিবন্ধীদের জন্য সরকারি নিয়মানুসারে পদ সংরক্ষণ থাকবে দৃষ্টিহীন, কম দৃষ্টি-সংক্রান্ত, শ্রবণ-সংক্রান্ত ও চলতে-ফিরতে না পারা সংক্রান্তপ্রতিবন্ধীরাও (পিডব্লুডি) যথারীতি আবেদন করতে পারেন। শূন্যপদগুলির মধ্যে তফশিলি জাতিভুক্ত, তফশিলি উপজাতিভুক্ত এবং ওবিসি’র জন্য যেমন সংরক্ষিত পদ রয়েছে, তেমনি অসংরক্ষিত রয়েছে প্রচুর সংখ্যক পদ। এর মধ্যে আবার শারীরিক প্রতিবন্ধীদের জন্যও সংরক্ষিত কিছু শূন্যপদ। শূন্যপদের বিশদ বিভাজন এই রকম — মোট ১০০টি শূন্যপদের মধ্যে এসসিদের জন্য ১৩টি, এসটিদের জন্য ৭টি, ওবিসিদের জন্য ২৬টি, ইডব্লিওএস প্রার্থীদের জন্য ৯টি এবং অসংরক্ষিত ৪৫টি। এর মধ্যে আবার নির্দিষ্ট সংখ্যক পদ রয়েছে শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য। এ বিষয়ে আরো বিস্তারিত দেখতে পাবেন অনলাইনে আবেদনের সময়, ওয়েব সাইটে এঁদের বিজ্ঞপ্তিতে। যোগ্যতা - নির্দিষ্ট বিষয়ে গ্র্যাজুয়েট বা পোস্ট গ্র্যাজুয়েট পাশ। অধিক নম্বরে অগ্রাধিকার থাকবে। এসসি/ এসটি / শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের নম্বরের ক্ষেত্রে আবার কিছু ছাড় রয়েছে।

দরখাস্ত করবেন কেবল অনলাইনে এঁদের ওয়েবসাইটে লগ অন করে, ১২ এপ্রিলের মধ্যে। অর্থাৎ অনলাইনে দরখাস্ত করার শেষ তারিখ ১২ এপ্রিল। অনলাইনে রেজিস্ট্রেশন করার আগে নিজের একটি বৈধ ও দীর্ঘস্থায়ী ই-মেল আইডি তেরি রাখবেন নিজের সই, লেফ্ট থাম্ব ইমপ্রেশন, ডিক্লারেশন এবং পাসপোর্ট মাপের এখনকার রঙিন ফটোও স্ক্যান করে রাখতে হবে ওয়েবসাইটে বলা মাপজোক ও অন্যান্য শর্ত বুঝে (যেমন, ছবি কীরকম কী ব্যাকগ্রাউন্ডে তুলবেন, ছবির ডাইমেনশন যেন হয় ২০০ বাই ২৩০ পিক্সেল আর মাপ ২০-৫০ কেবির মধ্যে, স্বাক্ষরের ক্ষেত্রে ১৮০ বাই ১৬০ পিক্সেল, মাপ ১০-২০ কেবির মধ্যে, ইত্যাদি মাপে সেভ করতে হবে জেপিজি বা জেপিইজি ফর্ম্যাটে)। অনলাইনে থেকে দরখাস্ত একবারে সম্পূর্ণ করতে না পারলে সেভ করে রাখবেন, তাহলে আপনার ইমেল ঠিকানা/ মোবাইলে এসএমএস করে আপনার রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাঠিয়ে দেওয়া হবে। এই নম্বর ও পাসওয়ার্ড যত্ন করে রেখে দেবেন, পরবর্তী সময়ে কাজে লাগবে। পরে আবার সাইটে গিয়ে সেই রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে আপনার দরখাস্ত খুলে বাকি কাজ শেষ করতে পারবেন। এই সংশোধনের সুযোগ পাবেন ৩ বার পর্যন্ত। আপনার পক্ষ থেকে কাজ চূড়ান্ত হয়ে গেলে ফি পেমেন্ট চালান পাবেন প্রিন্ট-আউট নেবার জন্য। এর পর আর কোনও রদবদল করতে পারবেন না। তখনই চালানের প্রিন্ট-আউট নিয়ে পূরণ করে একদিন পরে অর্থাৎ ব্যাঙ্কের সেদিন বাদে ২য় বা ৩য় বা ৪র্থ কাজের দিন রাস্ট্রায়ত্ত ব্যাঙ্কের যে-কোনও শাখায় গিয়ে অ্যাপ্লিকেশন ফি এবং/ অথবা পোস্টাল চার্জ বাবদ নির্দিষ্ট টাকা জমা দিতে হবে। এছাড়া, অনলাইনে ফর্ম ফিলাপ, প্রিন্ট আউট বের করা, ফটো-সিগনেচার স্ক্যানিং, কল লেটার ডাউনলোড করানোর যাবতীয় খরচ প্রার্থীকেই বহন করতে হয়। টাকা জমার দুদিন পর দরখাস্ত গ্রহণের স্বীকৃতি পত্র আপনি পাবেন আপনার মেলবক্স/ এসএমএসে। তবে চালানের মাধ্যমে ফি জমার পন্থায় না গিয়ে নেট-ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দেওয়া খুবই সহজ এবং সময় সাশ্রয়কারী। এককথায়, ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে টাকা পাঠানোই অধিক শ্রেয়। নেফট ব্যাঙ্কিং/ মাস্টার/ ভিসা ডেবিট/ ক্রেডিট কার্ড পদ্ধতিতেও টাকা জমা দিতে পারেন। এজন্য প্রয়োজনীয় তথ্য পরামর্শ সাইটেই পাবেন। প্রয়োজনে ই-মেইল আইডি চালু করা, অনলাইনে দরখাস্ত পাঠানো, ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে পরীক্ষার ফি জমা দেওয়া, দরখাস্তের প্রিন্ট আউট এবং টাকা জমা দেওয়ার ‘ই-রিসিপ্ট’ ইত্যাদি বের করে রাখার পাশাপাশি লিখিত পরীক্ষার বিস্তারিত সিলেবাস ও বিগত সময়ে এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে আরও বিস্তারিত তথ্য, ঘরে বসে মুহূর্তের মধ্যে হাতের মুঠোয় পেতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে ‘হাই/হ্যালো’ লিখে মেম্বারশীপের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত ‘কর্মবার্তা’ অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম ও হোয়াটস্অ্যাপ নম্বর রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে। দরখাস্ত রেজিস্ট্রেশন সম্পূর্ণ হলে কম্পিউটার জেনারেটেড দরখাস্তের প্রিন্ট-আউট নিয়ে নেবেন, কোথাও পাঠাতে হবে না। ফি পেমেন্ট চালানের কপিও যত্ন করে রাখবেন। লিখিত পরীক্ষার দিন কললেটার ছাড়াও লাগবে মূল পেমেন্ট চালান, ছবিওলা পরিচিতি-প্রমান (ভোটার আই কার্ড,প্যান কার্ড, কলেজের আই কার্ড বা এরকমই ছবিওলা অন্য কিছু) ইত্যাদি। টাকা জমা দেওয়ার চালান-এর একটা বাড়তি ফটো কপিও নিজের কাছে রেখে দেবেন। ইন্টারভিউতে ডাক পেলে সমস্ত মূল প্রমানপত্র (যাঁর ক্ষেত্রে যা-যা দরকার) সঙ্গে নিয়ে যাবেন।

প্রার্থীবাছাই হবে অনলাইনে কম্পিউটার ভিত্তিক পরীক্ষা ও সাক্ষাৎকারের ভিত্তিতে। অনলাইনে পরীক্ষা হবে অবজেক্টিভ ধরনের। প্রথমে প্রিলিমিনারি পরীক্ষা, ১০০ নম্বরের, সময় ১ ঘন্টা। এতে সফল হলে মূল পরীক্ষা, ২০০ নম্বরের, সময় আড়াই ঘন্টা। বিষয়গুলি পেয়ে যাবেন এঁদের ওয়েবসাইটে। ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং থাকবে। প্রতি ৪টে ভুলের জন্য ১ নম্বর করে কাটা যাবে। জেনারেল ইংলিশ অংশটুকু ছাড়া প্রশ্ন হবে ইংরিজি/ হিন্দিতে। প্রত্যেকটি অংশে পাশ করতে হবে (অন্তত ৪০ শতাংশ, তফশিলি, প্রাক্তন সমরকর্মী ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৩৫ শতাংশ নম্বর)। ত্রিপুরার প্রার্থীদের জন্য চাকরি হতে পারে আগরতলায়, পরীক্ষা কেন্দ্রও রয়েছে আগরতলায়। কম্পিউটারভিত্তিক পরীক্ষা ফেইজ-ওয়ান এবং ফেইজ-টু পরীক্ষা মে/ জুনে। পরীক্ষার নির্দিষ্ট স্থানকাল ও তারিখ ইত্যাদি সংক্রান্ত তথ্য জানানো হবে এসএমএস এবং কললেটারে বুকলেটের মাধ্যমে। কল লেটার ডাউনলোড করে নিতে হবে পরীক্ষার ৭ দিন আগে। নিজের দরখাস্তের রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড/ জন্মতারিখ ব্যবহারের পদ্ধতিতে ওয়েবসাইটে নিজের অ্যাকাউন্টে ঢুকে। আলাদা কোনএ চিঠি পাঠানো হবে না।

## সামনে চাকরি ও শিক্ষার কী-কী পরীক্ষা, কবে?

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।।** * বিএসফে-এ **সাব-ইন্সপেক্টর, কনস্টেবল** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৮২টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, ডিপ্লোমা, আইটিআই পাশ, বয়স ঃ ১৮-২৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে যথারীতি ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৮ এপ্রিল, ইন্টারভিউর তারিখ ও কেন্দ্র এঁদের ওয়েবসাইট থেকে জেনে নিতে হবে।

* কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে ‘হাই/হ্যালো’ লিখে মেম্বারশীপের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলারজগন্নাথ বাড়ি রোডস্থিত ‘কর্মবার্তা’ অফিসে সরাসরি যোগাযোগ করেশর্তসাপেক্ষে আজই আপনার হোয়াটস্অ্যাপ নম্বরনথীভুক্ত করে মেম্বারশিপ্ গ্রহণ করে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের **সমস্ত চাকরির আপডেট খবর,** চাকরিপরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর, সিলেবাস এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়েযাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে।

* রেল মন্ত্রকের অধীনে **টেকনেশিয়ান**পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৯১৪৪টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, আইটিআই, ডিপ্লোমা, ডিগ্রি ইঞ্জিনিয়ারিং পাশ, বয়স ঃ ১৮-৩৬ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় পেতে পারেন), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৮ এপ্রিল, কম্পিউটার ভিত্তিকপরীক্ষা অক্টোবর/ নভেম্বরে, কেন্দ্র আগরতলা সহ সারা দেশে, বিস্তারিতএঁদের ওয়েবসাইট থেকে জেনে নিতে হবে।

* রেল কোচ ফ্যাক্টরিতে **অ্যাক্ট এপ্রেন্টিস** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৫৫০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, আইটিআইপাশ, বয়স ঃ ১৮-২৪ বছর(সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৯ এপ্রিল, মেধাভিত্তিক বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* ডিআরডিও-তে**এপ্রেন্টিস, টেকনেশিয়ান** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৫০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ আইটিআই, ডিপ্লোমা, ডিগ্রিপাশ, বয়স ঃ ১৮-২৭ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৯ এপ্রিল, মেধাভিত্তিক বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে **প্রবেশনারি অফিসার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৪৩টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি, সিএ, পিজি পাশ, বয়স ঃ ২১-৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১০ এপ্রিল, কম্পিউটার ভিত্তিকপরীক্ষা কেন্দ্র গুয়াহাটি, কলকাতা সহ ৩২টিবড়শহরে, তারিখ কল লেটারে জানানো হবে।

* সেন্ট্রাল বোর্ডঅফ সেকেন্ডারি এডুকেশনে **অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি, জুনিয়র ইঞ্জিনিয়ার, একাউন্ট্যান্ট**পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১১৮টি, শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক, ডিগ্রি, বিএডপাশ, বয়স ঃ ১৮-৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১১ এপ্রিল, বাছাইকৃতদেরপরীক্ষা ও ইন্টারভিউর তারিখ ও কেন্দ্র কল লেটারে জানানো হবে।

* কেন্দ্রীয় মন্ত্রকের অধীনে **সায়েন্টিস্ট** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। ইউপিএসসি পরীক্ষার মাধ্যমে, শূন্যপদ ঃ ১৪৭টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি, পিজি পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় পেতে পারেন), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১১ এপ্রিল, বাছাইকৃতদের পরীক্ষা/ ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* কোলফিল্ডে **এম.ও, স্পেশালিস্ট** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৮৭টি, শিক্ষাগত যোগ্যতা ঃ এমবিবিএস, পিজি, বিডিএস পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ৪২ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১১ এপ্রিল, বাছাইকৃতদের ইন্টরভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে বিস্তারিত জানানো হবে।

* রাষ্ট্রীয় বীমায় **অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১০০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি, পিজি পাশ, বয়স ঃ ২১-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১২ এপ্রিল, কম্পিউটার ভিত্তিক পরীক্ষা মে/ জুনে, কেন্দ্র আগরতলা সহ সারা দেশে, তারিখ কল লেটারে জানানো হবে।

* রেল মন্ত্রকের অধীনে **ট্রেড এপ্রেন্টিস** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৭৩৩টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, আইটিআই পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ২৪ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১২ এপ্রিল, বাছাইকৃতদের সাক্ষাৎকার বা ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* এইমস-এ **ফ্যাকাল্টি, গ্রুপ-এ** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৯৬টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি, পিজি পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ৫০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১২ এপ্রিল, বাছাইকৃতদের সাক্ষাৎকার বা ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* বহিঃরাজ্যে স্বাস্থ্য দপ্তরে**নার্সিং অফিসার, টেকনেশিয়ান, স্টোরকীপার, স্টেনো**পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৮০৬টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক থেকে ডিপ্লোমা, ডিগ্রি পাশ, বয়স ঃ ১৮-৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৩ এপ্রিল, বাছাইকৃতদের লিখিত পরীক্ষা/ ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* কেন্দ্রীয় মুদ্রন মন্ত্রকের অধীনে **সুপারভাইজর, অফিস অ্যাসিস্ট্যান্ট**পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৯৬টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক থেকে গ্র্যাজুয়েট, পিজি ডিগ্রি পাশ, বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৫ এপ্রিল, বাছাইকৃতদের পরীক্ষা মে/ জুনে, তবে পরীক্ষা কেন্দ্র বহিঃরাজ্যে, তারিখ সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* বহিঃরাজ্যে **ইঞ্জিনিয়ার, প্রফেশনাল** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১২৬টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, ডিগ্রি ইঞ্জিনিয়ারিং পাশ, বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৫ এপ্রিল, বাছাইকৃতদের পরীক্ষা কেন্দ্র বহিঃরাজ্যে, তারিখ সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে। * বহিঃরাজ্যে এয়ারপোর্ট অথরিটিতে **ডিউটি অফিসার, হ্যান্ডিম্যান, কাস্টমার সার্ভিস এক্সিকিউটিভ** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ২৪৭টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক থেকে ডিগ্রি পাশ, বয়স ঃ ১৮-৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে যথারীতি ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৫ এপ্রিল, বাছাইকৃতদের সরাসরি সাক্ষাৎকারের দিনক্ষণ এঁদের ওয়েবসাইট থেকে জেনে নিতে হবে।




আগরতলায় শুরু হওয়া চৈত্র মেলায় জমে উঠেছে বাজার। ছবি- নিজস্ব।

## বিশ্বের সবচেয়ে বড় স্টেডিয়াম নির্মানের কাজ শুরু করেছে মরক্কো

রাবাত, ৫ এপ্রিল (হি.স.) : বিশ্বের সবচেয়ে বড় ফুটবল স্টেডিয়াম তৈরি করতে চলেছে মরক্কো। বেন্সলিমান প্রভিন্সের এল মানসুরিয়া শহরে ১০০ হেক্টর জমির উপর হবে বিশ্বের সবচেয়ে বড় এই স্টেডিয়ামটি। স্প্যানিশ প্রতিষ্ঠান ক্রুজ ও অর্তিজের সঙ্গে এই স্টেডিয়ামটি নির্মাণের দায়িত্ব পেয়েছে ব্রিটিশ আর্কিটেকচারাল ফার্ম পপুলাস।

সেই লক্ষ্যে কাজ শুরু করেছে মরক্কো ফুটবল ফেডারেশন। স্পেনে সান্তিয়াগো বার্নাব্যু-ক্যাম্প ন্যু''র মতো ভেন্যু থাকলেও, এই নতুন নির্মিত স্টেডিয়ামেই ২০৩০ ফিফা বিশ্বকাপের ফাইনাল করার স্বপ্ন দেখছে মরক্কো। ঠিক হয়েছে এই নতুন নির্মিত স্টেডিয়ামে একসঙ্গে বসে খেলা দেখতে পারবেন ১ লক্ষ ১৫ হাজার দর্শক। স্টেডিয়ামটি নির্মাণের খরচ ধরা হয়েছে প্রায় ৫০ কোটি ডলার।

## জরুরী বৈঠকে কলকাতায় কমিশন অফিসে বিশেষ পর্যবেক্ষক আলোক সিনহা

কলকাতা, ৫ এপ্রিল (হি.স.) : রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরে এলেন পশ্চিমবঙ্গের জেনারেল স্পেশাল অবজার্ভার অলোক সিনহা। বুধবার তিনি রাজ্য এসে বৈঠক করেছিলেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক সহ একাধিক শীর্ষ কর্তাদের সঙ্গে। সেখানে তিনি বাহিনী মোতায়েন, স্পর্শ কাতর বুথ ও ওয়েব কাস্টিং নিয়ে কড়া মনোভাব দেখিয়েছিলেন।

আর শুক্রবার পশ্চিমবঙ্গের জেনারেল স্পেশাল অবজার্ভার সরাসরি হাজির হলেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরে এলেন অলোক সিনহা। রাজ্যের প্রথম দফার নির্বাচন এর আগে আইন শৃঙ্খলা সহ একাধিক বিষয় খতিয়ে দেখতে এলেন তেমনটাই নির্বাচন সূত্রে খবর। রাজ্যের মুখ্য নির্বাচনে আধিকারিক সহ নির্বাচনের একাধিক আধিকারিকর এই বৈঠকে উপস্থিত ছিলেন।

## ইনজুরির কারণে খেলেননি লিও, মেসিহীন মায়ামি আবার হারল

আরিজোনা, ৫ এপ্রিল (হি.স.) : কনকাকাফ চ্যাম্পিয়ন্স কাপের কোয়ার্টার ফাইনালের প্রথম লেগে মন্টেরির মুখোমুখি হয়েছিল ইন্টার মায়ামি। বৃহস্পতিবারের এই ম্যাচেও আবার হারল মায়ামি। ইনজুরির কারণে লিওনেল মেসি এই ম্যাচে খেলেননি। আমেরিকার চেজ স্টেডিয়ামে কোয়ার্টার ফাইনালের প্রথম লেগে মন্টেরির কাছে ২-১ গোলে হেরেছে মায়ামি।ম্যাচের ১৯ মিনিটে টমাস অ্যাভিলেসের গোলে এগিয়ে যায় মায়ামি।প্রথমার্ধে এক গোলে লিড নিয়ে মায়ামি শেষ করে।

দ্বিতীয় হাফে পাল্টে যায় ম্যাচের চিত্র। ৬৫ মিনিটে লাল কার্ড দেখে মায়ামির ডেভিড রুইজ মাঠ ছাড়ার ১০ জনের মায়ামিকে চেপে ধরে মন্টেরি। একের পর এক আক্রমণ করে ম্যাচের ৬৯ মিনিটে মেজার গোলে সমতায় ফেরে মন্টেরি। এরপর নির্ধারিত সময়ের এক মিনিট আগে জর্জ রদ্রিগেজ মন্টেরিকে এগিয়ে দেন। আর সমতায় ফিরতে পারেনি মায়ামি। ফলে প্রথম লেগে ২-১ গোলে হেরে মাঠ ছাড়ে মায়ামি। আগামী ১১ এপ্রিল দ্বিতীয় লেগে মুখোমুখি হবে এই দুই দল।

## জেল থেকে ফের বার্তা পাঠালেন কেজরি, মানুষের সমস্যা নিরসনে বিধায়কদের নির্দেশ

নয়াদিল্লি, ৫ মার্চ (হি.স.): দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল এই মুহূর্তে বিচারবিভাগীয় হেফাজতে রয়েছেন, আগামী ১৫ এপ্রিল পর্যন্ত তিহার জেলেই থাকতে হবে তাঁকে। তিহার জেল থেকে এবার বিশেষ বার্তা পাঠালেন মুখ্যমন্ত্রী কেজরিওয়াল। দিল্লিবাসীর সমস্যা নিরসনে সমস্ত এএপি বিধায়কদের নির্দেশ দিয়েছেন তিনি। মানুষের যাতে কোনও কষ্ট না হয়, তা দেখতে বলেছেন কেজরিওয়াল। অরবিন্দ কেজরিওয়ালের স্ত্রী সুনিতা কেজরিওয়াল বৃহস্পতিবার এক ভিডিও বার্তায় বলেছেন, 'অরবিন্দ কেজরিওয়াল সমস্ত বিধায়ককে বার্তা পাঠিয়েছেন। তিনি জানান, আমি জেলে আছি বলে দিল্লির জনগণ যেন কোনও ভাবেই কষ্ট না পায়। প্রত্যেক বিধায়কের উচিত প্রতিদিন নিজ নিজ এলাকায় গিয়ে মানুষের সমস্যা নিয়ে আলোচনা করে সমাধান করা।'

## জেল থেকে আমজনতাকে চিঠি লিখলেন এএপি নেতা মণীশ সিসোদিয়া

নয়াদিল্লি, ৫ এপ্রিল (হি. স.): জেলবন্দি দিল্লির প্রাক্তন উপমুখ্যমন্ত্রী তথা আম আদমি পার্টি (এএপি)-র সেকেন্ড ইন কমান্ড মণীশ সিসোদিয়া কারাগার থেকে দিল্লিবাসী ও তাঁর নির্বাচনী কেন্দ্রের ভোটারদের উদ্দেশে খোলা চিঠি লিখলেন। শুক্রবার সেটি প্রকাশ্যে এসেছে।

চিঠিতে কেজরিওয়াল মন্ত্রিসভার প্রাক্তন শিক্ষা ও আবগারি মন্ত্রী মণীশ শিক্ষা ক্ষেত্রে তাঁর অবদান স্মরণ করিয়ে দিয়েছেন। সেই সঙ্গে বলেছেন, 'খুব শিগগির আমি জেল থেকে বেরিয়ে আসব। এক বছরের বেশি হয়ে গেল আমাকে অন্যায়ভাবে জেলে আটকে রাখা হয়েছে।'

উল্লেখ্য, আম আদমি পার্টিতে কেজরিওয়ালের পরই গুরুত্বপূর্ণ মুখ হিসাবে বিবেচিত হয়ে থাকেন মণীশ সিসোদিয়া এবং সঞ্জয় সিং। আবগারি মামলায় প্রথমে গ্রেফতার হন মণীশ। তিনি দফায় দফায় জামিনের আবেদন করলেও তা মঞ্জুর হয়নি।

## দিল্লির হনুমান মন্দিরে পুজো দিলেন সঞ্জয় সিং, বললেন অন্যায়ের বিরুদ্ধে লড়াই চলবে

নয়াদিল্লি, ৫ এপ্রিল (হি.স.): দিল্লি আবগারি দুর্নীতি মামলায় দীর্ঘ ৬ মাস তিহার জেলে কাটানোর পর, বুধবারই কারাগারের বাইরে বেড়িয়েছেন আম আদমি পার্টির সাংসদ সঞ্জয় সিং। মুক্তি পাওয়ার পরবর্তী দিন, বৃহস্পতিবার সকালে দিল্লির হনুমান মন্দিরে পুজো দিলেন সঞ্জয় সিং। পাশাপাশি রাজঘাটে গিয়ে জাতির জনক মহাত্মা গান্ধীকেও শ্রদ্ধার্ঘ্য অর্পণ করেছেন সঞ্জয় সিং। উল্লেখ্য, সঞ্জয় সিংকে জামিন প্রদান করেছে সুপ্রিম কোর্ট।

এদিন হনুমান মন্দিরে পুজো দেওয়ার পর এএপি সাংসদ সঞ্জয় সিং বলেছেন, 'ঈশ্বরের আশীর্বাদে আমি স্বস্তি পেয়েছি। দলের অন্যান্য নেতাদের জেল থেকে দ্রুত মুক্তির জন্য আমি, আমার পরিবার ও দলের কর্মীদের সঙ্গে প্রার্থনা করেছি।' সঞ্জয় সিং আরও জানান, অন্যায়ের বিরুদ্ধে তাঁদের লড়াই চলবে। এরপরই রাজঘাটে গিয়ে জাতির জনক মহাত্মা গান্ধীকেও শ্রদ্ধার্ঘ্য অর্পণ করেছেন সঞ্জয় সিং।

## তমলুকের সিপিএম প্রার্থীর অভিনব ভোট প্রচার, আড্ডায় মাতলেন সায়ন

তমলুক, ৫ এপ্রিল (হি.স.): ভোটের প্রচারে নানা চমক দিচ্ছেন প্রার্থীরা। জনসংযোগে কোনও ত্রুটি রাখছে না শাসক কিংবা বিরোধী শিবির। সেই কারণেই অভিনব পদক্ষেপও নিচ্ছে সব দলের প্রার্থীরাই। যেমন বৃহস্পতিবার চা খেতে খেতে জনসংযোগ সারলেন তমলুকের সিপিএম প্রার্থী সায়ন বন্দ্যোপাধ্যায়।

সাতসকালে হলদিয়ার টাউনশিপে হলদি নদীর মোহনায় কৃষ্ণার্জুন ঘাটে শরীর চর্চা করেন তিনি। তারপর মর্নিংওয়াকে আসা শহরের বাসিন্দাদের সঙ্গে আলাপচারিতা এবং চা খেতে খেতে আড্ডা দিলেন প্রার্থী। সকাল ৬টা থেকে ৮টা পর্যন্ত চলে সেই আড্ডা। এরপর সকাল সাড়ে ১০টা অবধি চলে হলদিয়া-নন্দীগ্রাম জেটিঘাটে ভোট প্রচার।

## তিরুবনন্তপুরমে এবার জোরদার টক্কর, মনোনয়ন জমা দিলেন রাজীব চন্দ্রশেখর

তিরুবনন্তপুরম, ৫ এপ্রিল (হি.স.): কেরলের তিরুবনন্তপুরম সংসদীয় আসনে এবার জোরদার লড়াই হতে চলেছে বিজেপি ও কংগ্রেসের মধ্যে। এই আসনে বিজেপি প্রার্থী হলেন কেন্দ্রীয় মন্ত্রী রাজীব চন্দ্রশেখর এবং কংগ্রেস প্রার্থী হলেন শশী থারুর। শশী বুধবারই নিজের মনোনয়ন পত্র পেশ করেছেন, আর বৃহস্পতিবার মনোনয়ন পত্র পেশ করেছেন এই আসনের বিজেপি প্রার্থী রাজীব চন্দ্রশেখর।

বৃহস্পতিবার সকালে তিরুবনন্তপুরমে বিরাট রোড-শো করে মনোনয়ন পত্র জমা দিতে যান রাজীব, তাঁর সঙ্গে ছিলেন বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর। রোড-শো করে কালেক্টর অফিসে পৌঁছন তাঁরা। এরপর তিরুবনন্তপুরম লোকসভা আসন থেকে মনোনয়ন পত্র জমা দেন রাজীব। চন্দ্রশেখরের মনোনয়ন পত্র জমা দেওয়ার সময়ও উপস্থিত ছিলেন বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর।

## তুফানগঞ্জের সভায় নিশীথ প্রামাণিককে আক্রমণ মুখ্যমন্ত্রীর

তুফানগঞ্জ, ৫ এপ্রিল (হি. স.) : 'ওঁরা এক গুন্ডাকে স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী করেছে'। শুক্রবার কোচবিহারের তুফানগঞ্জের সভায় কেন্দ্রীয় মন্ত্রী তথা বিজেপি প্রার্থী নিশীথ প্রামাণিককে এইভাবেই আক্রমণ করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

পাশাপাশি এদিন শীতলকুচির প্রসঙ্গ টেনে তৃণমূল সুপ্রিমো বলেন, 'শীতলকুচিতে পাঁচ জনকে গুলি করে মেরেছে। যাঁর নির্দেশে গুলি চলেছে, তাঁকেই (দেবাশিস ধর) বীরভূমে প্রার্থী করেছে বিজেপি।' এদিন কলকাতা হাইকোর্টের প্রাক্তন বিচারপতি তথা তমলুক কেন্দ্রের বিজেপি প্রার্থী অভিজিৎ গঙ্গোপাধ্যায়কে নিশানা করেন মুখ্যমন্ত্রী। বলেন, 'অনেকের চাকরি খেয়েছেন। এবার জনগণের আদালতে আপনার বিচার হবে।' এদিন সিএএ, এনআরসি নিয়ে ফের একবার সরব হন মমতা। বলেন, 'সিএএ-তে আবেদন করলেই আপনি বিদেশি হয়ে যাবেন'।

## স্বাধীনতা সংগ্রামী ঝলকারি বাইয়ের মৃত্যুবার্ষিকীতে শ্রদ্ধা নিবেদন মুখ্যমন্ত্রী যাদবের

ভোপাল, ৫ এপ্রিল (হি.স.) : মহান স্বাধীনতা সংগ্রামী ঝলকারি বাইয়ের মৃত্যুবার্ষিকীতে তাঁকে স্মরণ করেছেন মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী মোহন যাদব। তিনি বৃহস্পতিবার সামাজিক মাধ্যম এক্স-এ পোস্ট করে শ্রদ্ধা জানিয়েছেন। মোহন যাদব সামাজিক মাধ্যম এক্স-এ পোস্ট করে লিখেছেন, 'ঝলকারি বাইয়ের ঝলক দেখে বুন্দেলাও কেঁপে উঠতো। যখন তিনি যুদ্ধক্ষেত্রে নামতেন তখন শ্বেতাঙ্গরাও কাঁপতে শুরু করতো। আমি সেই মহান সাহসী ঝালকারি বাইকে ওঁনার মৃত্যুবার্ষিকীতে অশেষ শ্রদ্ধা জানাচ্ছি। উনি মাতৃভূমির জন্য সর্বস্ব উৎসর্গ করেছিলেন। আপনার সাহসিকতা ও সর্বোচ্চ আত্মত্যাগ নারীশক্তিকে চিরকাল দেশ সেবায় অনুপ্রাণিত করবে।'

## আসানসোলে স্কুলছাত্রীকে তুলে নিয়ে গিয়ে গণধর্ষণের অভিযোগে গ্রেফতার ৫

বারাবনি ও আসানসোল, ৫ এপ্রিল (হি. স.) : আসানসোলের বারাবনি থানা এলাকায় বাড়ির সামনে থেকে স্কুলছাত্রীকে তুলে নিয়ে গিয়ে গণধর্ষণের অভিযোগ উঠল ৭ যুবকের বিরুদ্ধে। ঘটনাটি ঘটেছে বৃহস্পতিবার রাতে। এই ঘটনায় ৫ অভিযুক্তকে গ্রেফতার করেছে পুলিশ। এই ঘটনার প্রতিবাদে শুক্রবার বারাবনি থানায় বিক্ষোভ দেখান স্থানীয় লোকজন। বাকি অভিযুক্তদেরও অবিলম্বে গ্রেফতারের দাবি জানানো হয়েছে। জানা গেছে, ১৫ বছর বয়সি ওই কিশোরী নবম শ্রেণির ছাত্রী। সে বৃহস্পতিবার রাতে বাড়ির সামনে শৌচাগারে গিয়েছিল। সেই সময় সেখান থেকে তাকে তুলে নিয়ে যায় অভিযুক্তরা। এরপর তাকে ধর্ষণ করা হয় বলে অভিযোগ। কিশোরী বাড়ি না ফেরায় তার খোঁজ শুরু করেন পরিবারের লোকজন। পরে বিধ্বস্ত অবস্থায় কিশোরীকে দেখতে পান তাঁরা। আসানসোল দুর্গাপুর পুলিশ কমিশনারেটের এসিপি (হিরাপুর) ইপ্সিতা দত্ত জানান, ওই স্কুল পড়ুয়ার ওপর শারীরিক নির্যাতনের ঘটনা ঘটেছে। এই ঘটনায় ৫ জনকে গ্রেফতার করা হয়েছে। ঘটনার তদন্ত শুরু হয়েছে।

## দুই মেয়াদেও যে কাজ করা সম্ভব হয়নি, তা এবার শেষ করব : হেমা মালিনী

মথুরা, ৫ এপ্রিল (হি.স.): উত্তর প্রদেশের মথুরা সংসদীয় আসন থেকে মনোনয়ন পত্র পেশ করলেন এই আসনের বর্তমান সাংসদ এবং বিজেপি প্রার্থী হেমা মালিনী। আসন্ন লোকসভা নির্বাচনের জন্য বৃহস্পতিবার এই আসন থেকে মনোনয়ন পত্র পেশ করেছেন হেমা। উপস্থিত ছিলেন উত্তর প্রদেশের জলশক্তি মন্ত্রী স্বতন্ত্র দেব সিং-সহ অন্যান্য বিজেপি নেতৃবৃন্দ।

এদিন মনোনয়ন পত্র পেশ করার আগে হেমা মালিনী বলেছেন, 'তৃতীয়বারের জন্য মথুরার জনগণের সেবা করার সুযোগ পেয়ে আমি খুবই আনন্দিত। আমার দুই মেয়াদে যে কাজ করা সম্ভব হয়নি তা এবার শেষ করব। এবার মথুরার মানুষের জন্য বিশাল উন্নয়ন প্রকল্প চালু করা হবে। উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ মথুরার জন্য সম্ভাব্য সব ধরনের সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছেন।'

## কেজরিওয়ালের গ্রেফতারি ষড়যন্ত্রের অংশ: সঞ্জয় সিং

নয়াদিল্লি, ৫ এপ্রিল (হি. স.): কেজরিওয়ালের গ্রেফতারি ষড়যন্ত্রের অংশ বলে শুক্রবার দাবি করলেন আম আদমি পার্টির নেতা সঞ্জয় সিং। এদিন সংবাদমাধ্যমের মুখোমুখি হয়ে এমনই দাবি করলেন এএপি নেতা।

তিনি বলেন, দিল্লির মদ কেলেঙ্কারিতে অভিযুক্ত হিসেবে যাঁরা ধরা পড়েছেন, তাঁরা কেজরিওয়ালের নাম না নেওয়া পর্যন্ত ইডি তাঁর বক্তব্যকে নির্ভরযোগ্য বলে মনে করেনি, কিন্তু তিনি অরবিন্দ কেজরিওয়ালের নাম নেওয়া মাত্রই সেই বক্তব্য মেনে নেওয়া হয়েছে। তাদের বয়ানের ভিত্তিতেই

## বন্ধ স্কুল বাসের ভিতর থেকে পড়ুয়াকে উদ্ধার পুলিশের

কলকাতা, ৫ এপ্রিল (হি. স.) : অন্যান্য দিনের মতই শুক্রবারও লিটল টেরেসা নার্সারি স্কুলের সামনে যানবাহন নিয়ন্ত্রণের দায়িত্বে ছিলেন ট্রাফিক সার্জেন্ট অরিত্র মুখার্জি এবং পলাশ হালদার। হঠাৎই একটি বেসরকারি স্কুলের বাসের ভিতরে দেখতে পান আটকে রয়েছে এক খুদে পড়ুয়া। কান্নাকাটি করছিল নার্সারির ওই পড়ুয়া। হাওড়া শিবপুরের বাসিন্দা সে।

জানা গেছে, প্রথমে বাস চালককে দেখতে না পাওয়ায় সময় নষ্ট না করে কর্মরত দুই সার্জেন্ট বন্ধ বাসের দরজা ভেঙে উদ্ধার করেন ছোট্ট মেয়েটিকে। ঘটনার কিছুক্ষণের মধ্যেই বাস চালককে খুঁজে বের করে জিজ্ঞাসাবাদ করা হয়। জানা গেছে, বাস চালক নিজের ভুল স্বীকার করেন। বাস চালকের দাবি, বাচ্চাটি ঘুমিয়ে পড়েছিল সেটা তিনি খেয়াল করেননি।

## দিল্লিতে যুবক খুনের কিনারা পুলিশের

নয়াদিল্লি, ৫ এপ্রিল (হি. স.): দিল্লিতে যুবক হত্যাকাণ্ডের কিনারা করল পুলিশ। নিহত যুবক শচীন কুমারের প্রাক্তন সহকর্মী হাসিব খান ও তার স্ত্রী সাবিনা বেগমকে খুনের অভিযোগে গ্রেফতার করেছে পুলিশ। জেরায় খুনের কথা স্বীকার করেছে অভিযুক্তরা।

শুক্রবার পুলিশ সূত্রে জানা গেছে, নিহত যুবক শচীন কুমারকে দু'''' লক্ষ টাকা ধার দিয়েছিলেন অভিযুক্ত হাসিব। কিন্তু সেই টাকা সে ফেরত দেয়নি। যদিও শচীনের এক ভাই জানিয়েছেন, এক লক্ষ টাকা ফেরত দেওয়া হয়েছিল। বাকি টাকার জন্য ক্রমাগত ফোনে হুমকি দিচ্ছিল হাসিব। তদন্তে আরও একটি বিষয় উঠে এসেছে, হাসিবের স্ত্রীর সঙ্গে শচীনের বিবাহবহির্ভূত সম্পর্ক ছিল। তার জেরেই এই খুন বলে পুলিশের অনুমান।

প্রসঙ্গত, দিল্লির কনট প্লেসের একটি রেস্তরাঁয় ওয়েটারের কাজ করতেন ২২ বছরের যুবক শচীন। অন্যদিকে ৩১ বছরের হাসিব খানের দক্ষিণ দিল্লির সঙ্গম বিহারে একটি জামা—কাপড়ের দোকান রয়েছে। গত রবিবার থেকে কোনও খোঁজ পাওয়া যাচ্ছিল না শচীনের। তাঁর পরিবারের অভিযোগের ভিত্তিতে তদন্ত শুরু করে পুলিশ। অভিযুক্তরা জানিয়েছে, শচীনকে ফোন করে বাড়িতে ডাকা হয়েছিল। এরপর তাঁকে ছুরি দিয়ে কুপিয়ে খুন করা হয়। দেহ গাড়িতে করে দাসনার একটি জঙ্গলে ফেলে আসে অভিযুক্তরা।

## প্রিমিয়ার লিগ: ফের শীর্ষস্থান দখল করল লিভারপুল

লিভারপুল, ৫ এপ্রিল (হি.স.): বৃহস্পতিবার রাতে ইংলিশ প্রিমিয়ার লিগে শেফিল্ড ইউনাইটেডকে হারিয়ে ফের শীর্ষস্থান দখলে নিল লিভারপুল। একদিন আগে তারা শীর্ষস্থান হারিয়েছিল আর্সেনালের কাছে।বৃহস্পতিবার রাতে প্রিমিয়ার লীগের এই ম্যাচে তারা শেফিল্ডকে ৩-১ ব্যবধানে হারাল। আগের দিন লুটনকে হারিয়ে টেবিলের শীর্ষস্থান দখলে নিয়েছিল আর্সেনাল।

## শুক্রবার শুষ্ক আবহাওয়া, তাপপ্রবাহ বাড়বে দক্ষিণবঙ্গে

কলকাতা, ৫ এপ্রিল (হি. স.): কলকাতায় শুক্রবার আংশিক মেঘলা আকাশ। এদিন গরম ও অস্বস্তি বাড়বে বলে জানিয়েছে আবহাওয়া দফতর। দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই আবহাওয়া শুকনো থাকবে বলে আবহাওয়া দফতরের পূর্বাভাস।

পূর্বাভাস অনুযায়ী, শুক্রবার সর্বনিম্ন তাপমাত্রা ২৮ ডিগ্রি সেলসিয়াসের আশপাশে থাকতে পারে, সর্বোচ্চ তাপমাত্রা পৌঁছে যেতে পারে ৩৮ ডিগ্রি সেলসিয়াসে।

শুক্রবার ও শনিবার 'হিটওয়েভ অ্যালার্ট' রাজ্যের পশ্চিমের জেলাগুলিতে রয়েছে বলে জানিয়েছে আবহাওয়া দফতর। গাঙ্গেয় পশ্চিমবঙ্গে গরম ও অস্বস্তিকর আবহাওয়া। শুষ্ক ও গরম আবহাওয়া শনিবার পর্যন্ত থাকবে বলে জানা গেছে। তবে রবি ও সোমবার রাজ্যজুড়েই বৃষ্টির পূর্বাভাস।

## শুক্রবার উত্তরবঙ্গে জোড়া সভা মমতার

জলপাইগুড়ি, ৫ এপ্রিল (হি. স.): নির্বাচনের প্রচারে উত্তরবঙ্গে একের পর এক জনসভা করছেন মমতা বন্দ্যোপাধ্যায়। বৃহস্পতিবার কোচবিহার এবং জলপাইগুড়িতে সভা করেছিলেন তিনি। শুক্রবার আলিপুরদুয়ার এবং জলপাইগুড়িতে সভা করবেন মমতা।

আলিপুরদুয়ার লোকসভার অধীন তুফানগঞ্জে তৃণমূল প্রার্থী করেছে প্রকাশ চিক বরাইককে। তাঁর সমর্থনেই নাগুরুর হাট উচ্চ বিদ্যালয়ের মাঠে জনসভা করবেন মমতা। এর পাশাপাশি জলপাইগুড়িতে এবিপিসি গ্রাউন্ডে সভা হবে নির্মল চন্দ্র রায়ের সমর্থনে।

উল্লেখ্য, ২০১৯ সালের লোকসভা ভোটে এই দু''''টি আসনই জিতে নিয়েছিল বিজেপি। এ বার ওই আসন পুনরুদ্ধার করতে চায় তৃণমূল। শুক্রবার আলিপুরদুয়ার এবং জলপাইগুড়ির মানুষকে মমতা কী বার্তা দেন, সেই দিকে নজর থাকবে রাজ্যবাসীর এবং রাজনৈতিক মহলের।

## বৃহস্পতিবার রাতে হিমাচলে ভূকম্পন, ক্ষয়ক্ষতি-হতাহতের খবর নেই

চাম্বা, ৫ এপ্রিল (হি. স.): বৃহস্পতিবার রাতের দিকে হিমাচলের চাম্বা জেলায় ভূমিকম্প হয়েছে। ন্যাশানাল সেন্টার ফর সিসমোলজি জানিয়েছে, চাম্বা জেলার পাশাপাশি জম্মু-কাশ্মীরেও কম্পন অনুভূত হয়। এক কথায়, উত্তর ভারতের বিভিন্ন জায়গা আচমকা কেঁপে ওঠে। ৭ সেকেন্ডের এই ভূমিকম্পের উৎসস্থল ভূপৃষ্ঠ থেকে ১০ কিলোমিটার গভীরে। পরপর ভূমিকম্পের ঘটনায় আতঙ্কিত হয়ে পড়েছেন সাধারণ মানুষ। তবে ক্ষয়ক্ষতি-হতাহতের কোনও খবর নেই। রিখটার স্কেলে ওই কম্পনের মাত্রা ৫.৩ ছিল বলে জানা গেছে।

উল্লেখ্য, মার্চ মাসের তৃতীয় সপ্তাহে দফায় দফায় ভূমিকম্প হয়েছিল দেশের নানা জায়গায়। দেশের একাধিক স্থানে কম্পন অনুভূত হয়েছিল। কয়েক সপ্তাহ পর আবারও ভূমিকম্প হলো দেশে।

## প্রিমিয়ার লিগ: রোমাঞ্চকর ম্যাচে ম্যাঞ্চেস্টার ইউনাইটেডকে হারাল চেলসি

ম্যাঞ্চেস্টার, ৫ এপ্রিল (হি.স.): বৃহস্পতিবার রাতে স্টামফোর্ড ব্রিজে রোমাঞ্চকর এক ম্যাচের সাক্ষী ছিল ফুটবল বিশ্ব। ৭ গোলের সেই রোমাঞ্চকর ম্যাচে ম্যাঞ্চেস্টার ইউনাইটেডকে হারাল চেলসি। ৪-৩ গোলে হারাল চেলসি।

ম্যাচে দুই গোলে পিছিয়ে পড়ার পরও লিড নিয়েছিল ম্যাঞ্চেস্টার ইউনাইটেড। জয় প্রায় নিশ্চিত করে ফেলেছিল এরিক টেন হ্যাগের ছেলেরা। কিন্তু সবকিছু এলোমেলো হয়ে গেল যোগ করা সময়ে। কোল পালমারের দুর্দান্ত হ্যাটট্রিকে জয় নিয়ে মাঠ ছেড়েছে চেলসি।

এই জয়ের পর ২৯ ম্যাচে ৪৩ পয়েন্ট নিয়ে টেবিলের দশম স্থানে উঠে এল তারা। এক ম্যাচ বেশি খেলা ইউনাইটেড ৪৮ পয়েন্ট নিয়ে আছে ষষ্ঠ স্থানে।

## ভারতে ঢোকার চেষ্টা, শুক্রবার উরিতে জঙ্গি অনুপ্রবেশ রুখে দিলো সেনা

উরি, ৫ এপ্রিল (হি. স.): লোকসভা ভোটের প্রাক্কালে জঙ্গি অনুপ্রবেশের চেষ্টা রুখে বড়সড় সাফল্য ভারতীয় সেনার। শুক্রবার ভোরে জঙ্গি দমন অভিযানে বড় সাফল্য পায় ভারতীয় সেনা। এদিন সাবুরা নালা উরি সেক্টরে ভারতীয় সেনা এবং জম্মু ও কাশ্মীর পুলিশের তৎপরতায় জঙ্গি অনুপ্রবেশের চেষ্টা বানচাল হয়ে যায়।

সেনা সূত্রে খবর, শুক্রবার ভোরে সেনা ও সন্ত্রাসীদের মধ্যে গুলির লড়াই শুরু হয়। এদিন সকালে উরির নিয়ন্ত্রণরেখার রুস্তম পোস্ট এলাকায় জঙ্গিদের অনুপ্রবেশের চেষ্টা বানচাল করে দেয় ভারতীয় সেনা। সূত্রের খবর, এক জঙ্গিকে খতম করতে সক্ষম হয়েছে যৌথবাহিনী।

## শ্রীলঙ্কার নৌবাহিনীর হাত থেকে মুক্তি পেলেন ১৯ জন ভারতীয় মৎস্যজীবী

চেন্নাই, ৫ এপ্রিল (হি. স.) : শ্রীলঙ্কার নৌবাহিনীর হাত থেকে মুক্তি পেলেন ১৯ জন ভারতীয় মৎস্যজীবী। গত ২৩ জানুয়ারি শ্রীলঙ্কার নৌবাহিনীর ২৯ জন ভারতীয় জেলেকে আটক করেছিল। বৃহস্পতিবার তাদের ছেড়ে দেওয়া হয়। বৃহস্পতিবার শ্রীলঙ্কার ভারতীয় দূতাবাস সামাজিক মাধ্যম এক্স- এ পোস্ট করে এই তথ্য জানিয়েছে। পোস্ট মারফৎ জানা গিয়েছে যে, 'দেশে ফিরছেন ১৯ জন ভারতীয় মৎস্যজীবী! ১৯ জন ভারতীয় জেলেকে শ্রীলঙ্কা থেকে ছেড়ে দেওয়া হয়েছে।'

## দীর্ঘক্ষণ স্তব্ধ থাকার পর পরিষেবা চালু হোয়াটসঅ্যাপের, স্বাভাবিক হল ইনস্টাগ্রামও

নয়াদিল্লি, ৫ এপ্রিল (হি.স.): বিশ্বজুড়ে আচমকাই ফের কাজ করা বন্ধ করে দেয় হোয়াটসঅ্যাপ। একই সঙ্গে গত মার্চ মাসের পর এপ্রিলেও স্তব্ধ হল ইনস্টাগ্রাম। যার ফলে বিশ্বজুড়ে বিপাকে পড়েন বহু ব্যবহারকারী। ইনস্টাগ্রাম সোশ্যাল মিডিয়া প্লাটফর্ম হলেও বর্তমানে অনেকেই বাণিজ্যিক কাজে ব্যবহার করে হোয়াটসঅ্যাপকে। বুধবার রাত ১০ টার পর থেকেই মেটার এই দুই সোশ্যাল প্ল্যাটফর্ম কাজ করা বন্ধ করে দিলে বিপাকে পড়েন বহু মানুষ।

হোয়াটসঅ্যাপ ব্যবহারকারীরা মোবাইল বা ওয়েব ভার্সানে লগ ইন করতে পারছিলেন না। অডিয়ো বা ভিডিয়ো কল হচ্ছিল না, পাঠানো যাচ্ছিল না কোনও মেসেজও। অপরদিকে, ইনস্টাগ্রামে পেজ রিলোড হচ্ছিল না বলে অভিযোগ করেন বহু নেট নাগরিকরা। মোট ১৭ হাজার অভিযোগ জমা পড়ে। তবে গতকালই রাত ১২ টার পর পরিস্থিতি স্বাভাবিক হয়। ভারতেই কমপক্ষে ৩০ হাজার ব্যবহারকারী এই সমস্যার মুখে পড়েছিলেন। ব্রিটেনে ৬৭ হাজার ও ব্রাজিলে ৯৫ হাজারেরও বেশি মানুষের হোয়াটসঅ্যাপ কাজ করছিল না।

## রাজ্যসভার সাংসদ হিসেবে শপথ সোনিয়ার, শুভেচ্ছা জানালেন খাড়গে

নয়াদিল্লি, ৫ এপ্রিল (হি.স.): রাজনৈতিক জীবনে প্রথম বার রাজ্যসভার ভোটে দাঁড়িয়ে বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয় পেয়েছেন প্রাক্তন কংগ্রেস সভানেত্রী সোনিয়া গান্ধী। মরুরাজ্য রাজস্থান থেকে সংসদের উচ্চকক্ষে নির্বাচিত হয়েছেন তিনি। আর বৃহস্পতিবার রাজ্যসভার সদস্য হিসেবে শপথ নিয়েছেন সোনিয়া গান্ধী। রাজ্যসভার চেয়ারম্যান জগদীপ ধনখড় এদিন সোনিয়া গান্ধীকে রাজ্যসভার সাংসদ হিসেবে শপথবাক্য পাঠ করান।

রাজ্যসভার সাংসদ হিসেবে শপথ নেওয়ার প্রাক্কালে দিন সকালে সোনিয়া গান্ধীকে শুভকামনা জানান কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে। এক্স-এ খাড়গে লেখেন, 'কংগ্রেস সংসদীয় দলের চেয়ারপার্সন সোনিয়া গান্ধীকে আমার শুভেচ্ছা। রাজ্যসভায় শপথ গ্রহণের মাধ্যমে সোনিয়া গান্ধী তাঁর নতুন ইনিংস শুরু করছেন। তাঁর সাহসী স্থিতিস্থাপকতা এবং মর্যাদাপূর্ণ করুণা, প্রতিকূলতা এবং অস্থিরতার পরিপ্রেক্ষিতে, আমাদের সংসদীয় কৌশলকে পরিচালনা করতে থাকবে। তিনি লোকসভায় ২৫ বছর পূর্ণ করেছেন, এবং এখন আমার সহকর্মী সদস্যরা এবং আমি উচ্চকক্ষে তাঁর উপস্থিতির জন্য অপেক্ষা করছি। আমি তাঁর একটি ফলপ্রসূ মেয়াদ কামনা করি।'

## আহত ৩

● প্রথম পাতার পর
করে বাড়ি ফেরার পথে কৈলাসহর আরজিএম হাসপাতালের সামনে আসতেই ঘটে বিপত্তি। উল্টো দিক থেকে একটি দ্রুতগতিতে স্কুটি এসে সজোড়া ধাক্কা দেয় টোটন মালাকারের বাইকটিতে।
ফলে বাইক থেকে ছিটকে রাস্তার মধ্যে পড়ে যায় টোটন মালাকার, টোটন মালাকারের স্ত্রী এবং উনার দেড় বছরের ছেলে। যার গুরুতরভাবে আহত হয় টুটন মালাকারের স্ত্রী এবং উনার দেড় বছরের ছেলে। উনার স্ত্রীর এবং সন্তানের মাথার পেছনে গুরুতরভাবে আঘাত লাগে। স্থানীয়রা ঘটনাটি প্রত্যক্ষ করতে পেরে ঘটনাস্থলে এসে ভিড় জমায়। ওদেরকে প্রথমে নিয়ে যাওয়া হয় কৈলাসহর আরজিএম হাসপাতালে। প্রাথমিক চিকিৎসা করার পর কর্তব্যরত চিকিৎসকরা ওদের উন্নত চিকিৎসার জন্য কৈলাসহর ঊনকোটি জেলা হাসপাতালে রেফার করে দেয়।

## পুলিশ

● প্রথম পাতার পর
পরিমাণে বাড়ানো সম্ভব। মাদকসহ ধৃত একজনকে শিলচর সদর থানায় আটক রেখে পুলিশ জিজ্ঞাসাবাদ চালাচ্ছে।
এই ঘটনায় পুলিশ এনডিপিএস আইনে মামলা নিয়ে তদন্ত শুরু করেছে। সঠিকভাবে তদন্ত হলে এই মাদক পাচারে মিজোরাম এবং ত্রিপুরার বেশ কয়েকজন মাদক কারবারীর নাম সামনে উঠে আসতে পারে। উল্লেখ্য গন্ধহগন্ধহীন এসব নেশা সামগ্রির কবলে পড়ে রাজ্যের যুবসমাজ ধ্বংস হয়ে যাচ্ছে। এসব নেশা সামগ্রী আমদানি রুখতে প্রশাসনকে আরো কঠোর মনোভাব গ্রহণ করার দাবি উঠেছে। প্রশাসন সক্রিয় ভূমিকা গ্রহণ করলে যুবসমাজকে ধ্বংসের হাত থেকে রক্ষা করা সম্ভব হবে বলেও তারা মনে করেন।

## গুরুত্বারোপ

● প্রথম পাতার পর
জন্য বিভিন্ন উদ্যোগ গ্রহনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। যার মধ্যে থাকবে নির্বাচন সম্পর্কিত বিভিন্ন মেসেজ সাধারন মানুষের মধ্যে পৌঁছে দেওয়া। ভোটারদের সচেতন করতে বিভিন্ন পোস্টারিং, এই পোস্টার গুলি বিভিন্ন পার্ক, মল, বাজারে মানুষকে সচেতন করা। বিভিন্ন অনুষ্ঠান যেমন ম্যারাথন, ওয়াকথন, সাইক্লোথন এর মত অনুষ্ঠান করে মানুষকে সচেতন করা, এসভিইইপি এর মাধ্যমে ভোটারদের ভোট দানের সচেতন করে তোলা।

## একঝাঁক নেতা

● প্রথম পাতার পর
(ডাঃ) মানিক সাহা , প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য্য, কেন্দ্রীয় মন্ত্রী প্রতিমা ভৌমিক সহ আরও নেতৃত্বরা।

## প্রার্থীর পদযাত্রা

● প্রথম পাতার পর
সর্বনাশ করে চলছে। ভোট প্রচারে গিয়ে তাই জনগণের কাছে তুলে ধরা হচ্ছে। পাশাপাশি মানুষের মৌলিক অধিকারগুলিও নির্বাচক মণ্ডলীর কাছে তুলে ধরা হচ্ছে।
তাঁর কথায়, দেশে দুর্নীতিগ্রস্থ সরকার হচ্ছে নরেন্দ্র মোদীর নেতৃত্বাধীন সরকার। তাই গণতন্ত্র পুনরুদ্ধারে সংগ্রাম চলবে। সাথে তিনি পূর্ব ত্রিপুরা লোকসভা নির্বাচনে ইন্ডি জোটের প্রার্থী রাজেন্দ্র রিয়াংকে বিপুল ভোটে জয়যুক্ত করার জন্য জনগণের কাছে আবেদন জানিয়েছেন।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**
জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।
**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ **রিলিভার্স :** ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ (টোলফ্রি : ২৪ ঘন্টা)। **ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ (পি বি এক্স), **আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

## নির্দল প্রার্থী হিসেবে মনোনয়ন জমা দিলেন পাপ্পু যাদব

পূর্ণিয়া, ৫ এপ্রিল (হি. স.) : শুক্রবার পূর্ণিয়া থেকে নির্দল প্রার্থী হিসেবে মনোনয়ন জমা দিলেন পাপ্পু যাদব। পূর্ণিয়া থেকে ভোটে লড়বেন বিহারের সাংসদ রাজেশ রঞ্জন ওরফে পাপ্পু যাদব।
কংগ্রেস তাঁকে টিকিট দেয়নি। পাপ্পু যাদব এবার নির্দল প্রার্থী হয়ে ভোটে লড়বেন। এদিন তিনি নিজের মনোনয়ন জমা দেন। আরজেডি-র সঙ্গে আসনরফা সেরে ফেলেছে কংগ্রেস। সেখানে পূর্ণিয়া আসনটি কংগ্রেস আরজেডিকে ছেড়েছে। বিহারে ৪০ টি আসনের লড়াইতে ২৬ টি আসনে লড়বে আরজেডি। কংগ্রেস লড়ছে ৯ টি আসনে। এদিন মনোয়ন জমার সময় চোখে জল দেখা গেল পাপ্পু যাদবের। তিনি বলেন, শেষ পর্যন্ত তিনি কংগ্রেসের সঙ্গে থাকার চেষ্টা করেছিলেন। তবে তাঁকে সেই সুযোগ না দেওয়ার জন্য নির্দল হয়েই ভোটে লড়বেন তিনি।

## অভিযুক্ত সঞ্জয় সিং রেহাই পাননি, শুধুমাত্র জামিন দেওয়া হয়েছে: গৌরব ভাটিয়া

নয়াদিল্লি, ৫ এপ্রিল (হি. স.) : অভিযুক্ত সঞ্জয় সিং রেহাই পাননি, শুধুমাত্র জামিন দেওয়া হয়েছে। এএপি নেতা সঞ্জয় সিংয়ের জামিন প্রসঙ্গে একথা বললেন বিজেপি নেতা গৌরব ভাটিয়া।
সাংবাদিকরা গৌরব ভাটিয়াকে এদিন দিল্লিতে সঞ্জয় সিং-য়ের জামিন প্রসঙ্গে প্রশ্ন করলে তিনি বলেন, এএপি নেতা সঞ্জয় সিং এখনই আদালত থেকে রেহাই পাননি, আদালত তাঁকে অব্যাহতিও দেয়নি। তাঁকে শুধুমাত্র জামিন দেওয়া হয়েছে। আর তাতেই তিনি এখনও অরবিন্দ কেজরিওয়াল এবং মনীশ সিসোদিয়ার মতোই সমান অভিযুক্ত।উল্লেখ্য, সম্প্রতি আদালত এএপি নেতা সঞ্জয় সিংকে ৬ মাস জেলে থাকার পর জামিন দিয়েছে। তাঁকে এনফোর্সমেন্ট ডিরেক্টরেট আবগারি দুর্নীতি মামলায় গ্রেফতার করেছিল।

## ময়নায় বিজেপি নেতা খুনের ঘটনায় এনআইএ তদন্তের নির্দেশ কলকাতা হাইকোর্টের

কলকাতা, ৫ এপ্রিল (হি. স.) : পূর্ব মেদিনীপুরের ময়নায় নিহত বিজেপি নেতা বিজয়কৃষ্ণ ভুঁইঞার খুনে এনআইএ তদন্তের নির্দেশ দিল কলকাতা হাইকোর্ট। হাইকোর্টের নির্দেশ কার্যকর করতে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকে একের পর আইনজীবীরা চিঠি পাঠালেও সেটা কার্যকরে কেন্দ্র কোনো পদক্ষেপ না করায় শুক্রবার শুনানির সময়ে কিছুটা বিরক্ত হন হাইকোর্টের বিচারপতি জয় সেনগুপ্ত। বিচারপতি জয় সেনগুপ্তর নির্দেশ, ১৫ দিনের মধ্যে তদন্তের দায়িত্ব নিতে হবে এনআইএ-কে। নির্দেশ কার্যকরের কথা জানিয়ে রিপোর্ট দিতে হবে ২৪ এপ্রিল।বিচারপতির বক্তব্য, "এটা দুর্ভাগ্যের যে হাইকোর্টের নির্দেশ কার্যকর করতে কোনওরকম পদক্ষেপ করতে আগ্রহ দেখায়নি স্বরাষ্ট্র মন্ত্রক। শুধু কেন্দ্রের আইনজীবীরা নন, এএসজি গত ফেব্রুয়ারি নিজে চিঠি লিখে নির্দেশ কার্যকরের জন্য সুপারিশ করেছেন। তারপরেও কোন উদ্যোগ দেখা যায়নি স্বরাষ্ট্র মন্ত্রকের?" প্রশ্ন করেন বিচারপতি।
প্রসঙ্গত, গত বছর মে মাসে পূর্ব মেদিনীপুরের ময়নায় খুন হন বিজেপির বুথ সভাপতি বিজয়কৃষ্ণ ভুঁইঞা। প্রথমে বিজেপি নেতা খুনের মামলায় এসডিপিও-কে তদন্তের নির্দেশ দিয়েছিলেন উচ্চ আদালতের বিচারপতি রাজাশেখর মান্থা। ঘটনাস্থল থেকে বোমা পাওয়ার কথা স্বীকার করেছিল রাজ্য। কিন্তু চার্জশিটে সে কথা উল্লেখ ছিল না। একই সঙ্গে একাধিক অভিযুক্তদের নামও বাদ দেওয়ার অভিযোগ ওঠে পুলিশের বিরুদ্ধে। তারপরই সেই মামলায় এনআইএ-কে যুক্ত করে হাইকোর্ট। বিচারপতি জয় সেনগুপ্ত গত ফেব্রুয়ারি মাসে এই নির্দেশ দেন। কিন্তু হাইকোর্টের নির্দেশের পরও হাইকোর্টে এএসজি উপস্থিত হওয়ায় কেন্দ্রের ভূমিকায় বিরক্ত হন বিচারপতি।

## এটা কি বিদেশের জন্য তৈরি, কংগ্রেসের ইস্তেহার নিয়ে বিজেপির কটাক্ষ

কলকাতা, ৫ এপ্রিল (হি. স.) : ২০২৪ সালের লোকসভা নির্বাচনের ইস্তেহার প্রকাশ করেছে কংগ্রেস। এই নিয়ে কটাক্ষ করেছেন পশ্চিমবাংলায় বিজেপির সহ ইনচার্জ এবং আইটি সেলের প্রধান অমিত মালব্য। সামাজিক মাধ্যম এক্স-এ মালব্য কংগ্রেসের ইস্তেহারের ছবি শেয়ার করেছেন। এক্স-এ তিনি লিখেছেন, ' মনে হচ্ছে কংগ্রেস ভুলে গেছে যে তাঁরা ভারতের জন্য একটি ইস্তেহার তৈরি করছে। তারা রাহুল গান্ধীর জন্য কোনও ছুটির পরিকল্পনা করছেন না। ইস্তেহারে থাইল্যান্ডের একটি চিত্র ব্যবহার করে কংগ্রেস কি প্রমাণ করতে চাইছে? নির্বাচনের পরপরই রাহুল গান্ধী আবার ছুটি কাটাতে থাইল্যান্ডে গেলে অবাক হওয়ার কিছু নেই লিখেও কংগ্রেসের ওপর ক্ষোভ উগরে দেন মালব্য ।কংগ্রেস তাদের ইস্তেহারের নাম দিয়েছে ন্যায়পত্র, যেখানে জনগণের কাছে লম্বা প্রতিশ্রুতি দেওয়া হয়েছে।

## ছিনতাইয়ে বাধা পেয়ে গড়িয়াতে গুলি চালাল দুষ্কৃতী

কলকাতা, ৫ এপ্রিল (হি. স.) : শুক্রবার ভরদুপুরে গড়িয়ার জনবহুল রাস্তায় চলল গুলি। তীব্র আতঙ্ক ছড়াল পথচারী ও আশপাশের বাসিন্দাদের মধ্যে ।জানা গেছে, মহামায়াতলায় এক মহিলার ব্যাগ ছিনতাইকে কেন্দ্র করে গুলিচালনার ঘটনা ঘটে। প্রত্যক্ষদর্শীরা জানাচ্ছেন, মোট তিন রাউন্ড গুলি চলে। উদ্ধার হয়েছে কার্তুজের খোল। তদন্তে নেমেছে পুলিশ।

## বিপ্লব

● প্রথম পাতার পর
রাখার জন্য শেষ পর্যন্ত কংগ্রেসের সাথে হাত মেলাতে বাধ্য হয়েছে। তারা কেউই মানুষের কল্যাণ চায় না। ত্রিপুরায় কংগ্রেস সিপিএম জোট করেছে, অন্যদিকে কেরালায় রাহুল গান্ধীর বিপক্ষে প্রার্থী দিয়েছে তারাই। কেরলে কংগ্রেসের নীতি আদর্শের বিরুদ্ধে সুর চড়াচ্ছেন কমিউনিস্টরা, আর এখানে নির্লজ্জের মত মিত্রতা। এভাবেই তারা মিলি ঝুলি ভাবে বিগত বছর গুলোতে ত্রিপুরাবাসীদের ঠকিয়ে এসেছে বলে অভিযোগ করেন তিনি।
তিনি আরও বলেন, মানুষের জন্য নয়, রাজনৈতিক স্বার্থ আদায়ই তাদের একমাত্র লক্ষ্য। দেশের সাথে ধোঁকা করে এসেছে কমিউনিস্ট ও কংগ্রেস। তিনি বিভিন্ন তথ্য তুলে ধরে বলেন, চারবারের মুখ্যমন্ত্রী মানিক সরকারের সময়ে প্রধানমন্ত্রী আবাস যোজনায় মিলেছিল মাত্র ৪৮০০০ ঘর, আর ২০১৮ এর পরে প্রায় ৪ লক্ষ ১০ হাজার ঘর বন্টন হয়ে গেছে ন কেন্দ্রীয় প্রকল্প বাস্তবায়নেও ছিল এদের আপত্তি ন রাজনৈতিক সন্ত্রাসে দক্ষিণ জেলায় ৬৯ খুন হয়েছেন ন জোট সঙ্গীদের উচিৎ তাদের কাছে ক্ষমা চাওয়া ন সন্তান হারানো মায়ের মনের অভিশাপ তাদের ছাড়বে না। এনএলএফটি, এ টিটিএফ-ও এরাই তৈরী করেছে।
২০১৮ এর পর মহিলাদের ৩৩ু সংরক্ষণ, টি এস আর এ মহিলা নিয়োগ, স্ব-সহায়ক দলের সংখ্যা ৬০০০ থেকে বেড়ে বর্তমানে ৬০, ০০০ পর্যন্ত বৃদ্ধি পেয়েছে। চন্দ্রপুরের নির্বাচনী সভায় উপস্থিত ছিলেন, বিজেপি সহ-সভানেত্রী পাপিয়া দত্ত, সদর জেলা সভাপতি অসীম ভট্টাচার্য প্রমুখ।

## তিহাড় জেলে গিয়ে কবিতাকে জেরা করতে পারবে সিবিআই

নয়াদিল্লি, ৫ এপ্রিল (হি. স.) : তিহাড় জেলে গিয়ে কে কবিতাকে জেরা করতে পারে সিবিআই। দিল্লি হাইকোর্টের তরফে শুক্রবার এই নির্দেশ দেওয়া হয়েছে।জানা গেছে, আবগারি দুর্নীতি মামলায় এবার বিআরএস নেত্রী কে কবিতাকে তিহাড় জেলে গিয়েও সিবিআই জেরা করতে পারবে।উল্লেখ্য, দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালের গ্রেফতারের আগেই আবগারি দুর্নীতি মামলায় গ্রেফতার হন কবিতা। তিনি জামিনের আবেদন করলেও জামিন মেলেনি তাঁর।

## মিষ্টিভাসি মুখে মজেছে হুগলি, প্রচারে রচনার বিপুল জন সমর্থন

হুগলি, ৫ এপ্রিল (হি.স): শুরুর দিন থেকেই সোজাসাপ্টা রচনা। এবারের হুগলি লোকসভা কেন্দ্রের প্রার্থী রচনা বন্দ্যোপাধ্যায়। আর তাতেই মন জয় করেছেন দলীয় কর্মী সমর্থক থেকে সাধারণ মানুষের। কখনো কালো ধোয়া বিতর্ক, আবার কখনো গরুর দুধে আবার কখনো ঘুগনি খেয়ে সকলের মন জয় করেছেন। শুক্রবার সকালে সেই মিষ্টি মুখেই জনতার দরবারে পৌঁছে গেলেন রচনা।বাশবেরিয়া অঞ্চলে জনসংযোগ করলেন হুগলী লোকসভা কেন্দ্রের তৃনমূল প্রাথী রচনা ব্যানার্জী। হুটখোলা জিপে উঠে মাতা হংসশেশরীর মনদিরে পূজো দিয়ে জনসংযোগ যাত্রা শুরু করলেন রচনা। সঙ্গে উপস্থিত ছিলেন সপ্তগ্রামের বিধায়ক তপন মজুমদার ছিলেন শিল্পী চ্যাটার্জী ছিলেন বাশবেরিয়া পৌরসভার পৌরপ্রধান আদিত্য নিয়োগী। উপস্থিত ছিলেন ধনিয়াখালির বিধায়ক অসীমা পাত্র প্রমুখ।
তবে রাজনৈতিক বিশ্লেষকদের একাংশের মতে, নির্বাচনের সময় যত এগিয়ে আসছে ততই রচনার পাল্লা ভারী হচ্ছে। বিপুল জন সমর্থন আদায় করে নিচ্ছেন রচনা। যদিও প্রথমদিকে তিনি বলে ছিলেন রাজনীতিতে তিনি এখনো কাঁচা। কিন্তু বুঝিয়ে দিয়েছেন কাজের মধ্যে দিয়ে মানুষের মন জয় করতে তিনি কতটা পটু।

## জলপাইগুড়ির ঝড়ে আক্রান্তদের প্রশ্ন মমতার

জলপাইগুড়ি, ৫ এপ্রিল (হি.স) : মমতা বন্দ্যোপাধ্যায়, যিনি বিধ্বংসী ঝড়ের পরেই আক্রান্তদের সঙ্গে সাক্ষাৎ করেন, তাঁদের পরিবারের সদস্যদের আশ্বস্ত করেন এবং তাঁদের যা প্রয়োজন, তা যাতে দ্রুত মেটানো হয়, সেটা নিশ্চিত করেন। অন্যদিকে রয়েছেন প্রধানমন্ত্রী মোদী, যিনি আবারও প্রমাণ করে দিলেন যে, বাংলার মানুষের প্রতি তাঁর কোনও সমবেদনা নেই। তার উদাহরণস্বরূপ, এক বিরাট প্রাকৃতিক দুর্যোগ ঘটে যাওয়ার পরেও, শত-শত মানুষ প্রভাবিত হওয়ার পরেও, প্রধানমন্ত্রী তাঁর জনসভার মঞ্চ থেকে সেই আক্রান্তদের কথা অথবা জলপাইগুড়ি, আলিপুরদুয়ারের কথা একবারের জন্যও উচ্চারণ করেননি। আজ সেই বিষয় সরব হয়েছেন মমতা বন্দ্যোপাধ্যায়, যিনি সময়ের বা প্রতিকূল আবহাওয়ার তোয়াক্কা না করে স্বয়ং ছুটে গিয়েছিলেন মানুষের সেবায়।
শুক্রবার সেই জলপাইগুড়িতে বক্তব্য রাখবার সময়, তৃণমূলের সভানেত্রী বলেন, 'এখানে প্রধানমন্ত্রী এলেন গতকাল। তিনি অনেক বিরোধিতা করেছেন কিন্তু জলপাইগুড়ির কথা তো একবারও বলেননি। আলিপুরদুয়ারের মানুষগুলো এতো বিপদে আছে, একবারও বলেননি। কোথায় গেলো তখন মোদী কি গ্যারান্টি? তিনি ভুলেই গেছিলেন কথাগুলো বলতে, জায়গা ছিল না বলার।' মমতা বন্দ্যোপাধ্যায় তীব্র কটাক্ষ করে বলেন, কীভাবে এই বিজেপি নেতারা শুধু সোশ্যাল মিডিয়াতে সমবেদনা জানাতে আগ্রহী। তিনি বলেন, 'টুইট তো পার্টি থেকে করে দিয়েছিলো তাদের। আর আমি, নিজে স্বয়ং সেখানে উপস্থিত হয়েছি।' মাননীয়া সভানেত্রী প্রশ্ন তুলেছেন কেন বিজেপি রাজনৈতিক স্বার্থসিদ্ধির কথা ভাবেন যেখানে দুর্যোগের পর কোচবিহার, জলপাইগুড়ি ও আলিপুরদুয়ারে আমাদের তিন প্রার্থী ভোটের প্রচার স্থগিত রেখে আগে আক্রান্তদের কাছে ছুটে যান। তাঁদের পাশে দাঁড়ান। মমতা বন্দ্যোপাধ্যায় প্রশ্ন ছুড়ে দিয়েছেন বিজেপির দিকে, বলেন, 'মানুষের দুর্যোগের ও দুর্ভোগের সময় তারা কোথায়?'

## বহরমপুরের শুক্রবারে জুম্মার নামাজ পড়লেন তৃণমূলের প্রার্থী ইউসুফ পাঠান

মুর্শিদাবাদ, ০৫ এপ্রিল (হি.স): এবারের লোকসভায় তৃণমূলের তারকা প্রার্থীদের মধ্যে অন্যতম ক্রিকেটার ইউসুফ পাঠান। তিনি ইতিমধ্যেই বহরমপুরে দেঁড়া গেড়েছেন। শুরু করছেন ভোট প্রচার। হলিতেও মানুষের সঙ্গে রঙের উৎসবে মেতেছেন।শুক্রবার নির্ধারিত সময়ে জুম্মার নামাজ পড়লেন তিনি। বহরমপুর গোরা বাজারে রাজামিয়া মসজিদে ইউসুফ পাঠান তিনি নিজেও উপস্থিত ছিলেন। সাধারণ মানুষের সঙ্গে জনসংযোগের পাশাপাশি ভোট প্রচার করতে দেখা যায়, ইউসুফ পাঠান ছাড়াও উপস্থিত ছিলেন মুর্শিদাবাদ জেলা তৃণমূলের সভাপতি অপূর্ব সরকার সহ স্থানীয় তৃণমূল নেতৃত্ববৃন্দরা। এই কেন্দ্রের অন্যতম হেভিওয়েট প্রার্থী কংগ্রেসের অধীর চৌধুরী। তাঁকে হারানো ইউসুফের জন্য মোটেই সহজ সাধ্য নয়। তবে মাটি কামড়ে পড়ে আছেন তিনি।

## অসুস্থ হয়ে কয়েকদিন ধরে এলাকায় ঘুরছে হাতি, হুস নেই বনদপ্তরের

ঝাড়গ্রাম, ৫ এপ্রিল (হি.স.) : ঝাড়গ্রাম জেলা জুড়ে হাতির তাণ্ডবে নাজেহাল সাধারণ মানুষ। ঠিক অন্যদিকে একটি হাতির তাণ্ডবে নাজেহাল হয়ে পড়েছেন সাঁকরাইল ব্লকের মানুষ। ঝাড়গ্রামের সাঁকরাইল ব্লকের বেশ কয়েক দিন ধরে একটি দলছুট দাঁতাল হাতি অবস্থান করেছে।
স্থানীয় সূত্রে জানা গেছে, ওই হাতি টি অসুস্থ। গত কাল রাতে দুর্গাহুড়ি জঙ্গল থেকে হাতি টি বেরিয়ে ঝাড়গ্রাম জেলার সাঁকরাইল থানার সামনে হয়ে এসে সাঁকরাইল বিট অফিসে প্রবেশ করে। তারপর সজা পিচ রাস্তা ধরে সাঁকরাইলের কুলটিকরী বাজারে এসে প্রবেশ করে, শুক্রবার ভোর রাতে রাস্তা পুরো নিজের দখলে নেয়। ওই হাতিটি ভোর সকালে কুলটিকরী এলাকার শেষ সীমান্তে প্রবেশ করে। জানা গেছে, ভোর রাতে কুলটিকরী তে একটি চার চাকার গাড়ি ও মোটরবাইক শুড় দিয়ে ফেলে পা দিয়ে পিষে ভেঙ্গে দেয়। শুক্রবার সকাল থেকে কুলটিকরীর শেষ সীমান্তে হাতি টি অবস্থান করেছে বাঁশ বাগানে। হাতি দেখতে ভিড় করছেন এলাকার মানুষজন। শুক্রবার বেলা বাড়তে অসুস্থ হাতি টিকে দেখতে আসেন খোদ সাঁকরাইল পঞ্চায়েত সমিতির কৃষি কর্মাধ্যক্ষ মথুর মাহাত। তাই নিজে দেখতে এলাকায় আসেন এবং হাতিটিকে সুস্থ করে তোলার সমস্ত রকমের ব্যবস্থা গ্রহণ করেন তিনি। বনদপ্তর ও প্রশাসন কে ফোন করে হাতিটিকে চিকিৎসা দেওয়ার জন্য আবেদন করেন।

## দলীয় কোন্দল মান-অভিমান দূরে সরিয়ে ভোটে লড়ার বার্তা অভিজিৎ গাঙ্গুলীর

পূর্ব মেদিনীপুরে, ৫ এপ্রিল (হি.স) : উত্তরবঙ্গে তৃণমূল কংগ্রেসের সেকেন্ড ইন কমান্ড অভিষেক বন্দ্যোপাধ্যায় দলীয় নেতাকর্মীদের ৪৮ ঘন্টা সময় বেঁধে দিয়েছিলেন, দ্বন্দ্ব মিটিয়ে নির্বাচনে এক হয়ে লড়াই করার জন্য। এবার সেই সুর এই সুর মেলালেন তমলুক লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী প্রাক্তন বিচারপতি অভিজিৎ গাঙ্গুলী। আজ সারাদিন কোলাঘাটে প্রচার সারবেন তিনি। কোলাঘাটের দেরিয়াচক বাজারে প্রচারের মাঝে কর্মীদের প্রতি বার্তা দেন নিজেদের মধ্যে দূরত্ব না রেখে কাজ শুরু করে দিন। যারা অভিমান করে দূরে সরে আছেন তারাও দূরে না থেকে এবার নির্বাচনের জন্য একসাথে কাজ শুরু করুন।

## মালদায় ভোটের রণনীতি ঠিক করতে তৃণমূলের যুবরাজ

মালদা, ০৫ এপ্রিল (হি.স):দীর্ঘ প্রতীক্ষার পর দুপুর ২টা নাগাদ মালদায় এসে পৌঁছালেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক তথা সাংসদ অভিষেক ব্যানার্জি। জেলা ক্রীড়া সংস্থার সংলগ্ন মাঠে হেলিকপ্টার থেকে নেমে সরাসরি কনভয় নিয়ে সাংসদ অভিষেক ব্যানার্জি পৌঁছে যান পুরাতন মালদা ব্লকের সাহাপুর এলাকার একটি বেসরকারি হোটেলে। শুক্রবার দুপুরে তৃণমূলের জেলার মোট ১২১ জন প্রতিনিধির সঙ্গে অভ্যন্তরীণ বৈঠকের সামিল হয়েছেন সাংসদ অভিষেক ব্যানার্জি।এই বৈঠকে উপস্থিত হয়েছেন মালদার দুই বিধায়ক তথা রাজ্যের দুই মন্ত্রী সাবিনা ইয়াসমিন, তাজমুল হোসেন, দলের জেলা সভাপতি তথা বিধায়ক আব্দুর রহিম বক্সী, তৃণমূল পরিচালিত মালদা জেলা পরিষদের সভাধিপতি লিপিকা বর্মন ঘোষ। এছাড়াও মালদার দুটি লোকসভা কেন্দ্রে নির্বাচন কমিটির ৪২ জন প্রতিনিধি পাশাপাশি এই আভ্যন্তরীণ বৈঠকে জেলার বিভিন্ন বুথ কমিটির সভাপতি থেকে শুরু করে গ্রামীণ স্তরের জনপ্রতিনিধিদেরও সামিল করা হয়েছে। এই বৈঠকের মাধ্যমে সাংসদ আগামী দিনে মালদার দুটি লোকসভা কেন্দ্রের নির্বাচনী রণকৌশল ঠিক করবেন বলে দলীয় সূত্রের খবর। যদিও সাংসদ অভিষেক ব্যানার্জি বৈঠকে বসার আগেই সাংবাদিকদের সামনে কোনরকম মন্তব্য করেন নি। বৈঠক চলবে প্রায় দুই ঘন্টা ধরে বলে দলীয় সূত্রে জানা গিয়েছে।

## ১৪৪ ধারা জারি হয়নি,মন্দিরে পুজো দিয়ে মেলার নিরাপত্তা ব্যবস্থা খতিয়ে দেখে পুলিশ সুপার

উত্তর ২৪ পরগনা, ৫ এপ্রিল (হি.স) : প্রতিবছর চৈত্র মাসে মতুয়া সম্প্রদায়ের ধর্মগুরু হরিচাঁদ এবং গুরুচাঁদ ঠাকুরের আদর্শে মতুয়া ধামে মহা মেলার আয়োজন করা হয়। এবারও সেই মেলা বসবে উত্তর ২৪ পরগনার গাইঘাটার ঠাকুরনগরে। শনিবার থেকে ১২ এপ্রিল পর্যন্ত ঠাকুরনগরের শ্রীধামে এই মেলা চলবে। এই মেলা কিরে লক্ষ লক্ষ ভক্তের সমাগম হয়। শুক্রবার থেকেই ঠাকুরনগর ঠাকুরবাড়িতে ভক্তদের জমায়েত বাড়ছে। আগামীকাল বারুণী স্নান। তারই আগে আজ মেলার নিরাপত্তা ব্যবস্থা খতিয়ে দেখলেন বনগাঁর পুলিশ সুপার দীনেশ কুমার। সঙ্গে ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার সুমন্ত কবিরাজ, মহকুমা পুলিশ আধিকারিক অর্ক পাজা, গাইঘাটা থানার ভারপরাপ্ত আধিকারিক রাখোহরি ঘোষ সহ অন্যান্য পুলিশ আধিকারিকরা। হরিচাঁদ গুরুচাঁদ ঠাকুরের মন্দিরে পুজোও দেন পুলিশ সুপার। পুলিশ সুপার জানিয়েছেন, মেলায় যাতে কোন রকম অপ্রীতিকার ঘটনা না ঘটে সেদিকে নজরদারি করা হচ্ছে। পাশাপাশি ঠাকুরবাড়িতে পুলিশ কন্টোল রুম তৈরি করা হয়েছে। ৫০০ পুলিশ কর্মী মোতায়েন করা হয়েছে। এবং সিসিটিভি ও ড্রোনের মাধ্যমে নজরদারি করা হবে।
তৃণমূলে রাজ্যসভার সাংসদ মমতা বালা ঠাকুর ঠাকুরবাড়িতে ১৪৪ ধারা জন্য আবেদন করেছিলেন। এই প্রসঙ্গে পুলিশ সুপার দীনেশ কুমার বলেন, কোন ১৪৪ ধারা লাগু হয়নি। উনি আবেদনের করেছিলেন সেটা পেন্ডিং অবস্থায় রয়েছে। আমরা সমস্ত বক্তাদের মেলায় আসার জন্য আবেদন করছি।

## ব্যারাকপুরের বাড়ি খালি করতে প্রাণ নাশের হুমকি!

উত্তর ২৪ পরগনা, ৫ এপ্রিল (হি.স) : ব্যারাকপুর গারুলিয়া পৌরসভা এলাকার গঙ্গার পাড় লাগোয়া কাঙ্গালি ঘাট সংলগ্ন একটি বাড়ি দখলের চেষ্টার অভিযোগ উঠল গারুলিয়া পৌরসভার বিরুদ্ধে। যদিও সেই অভিযোগ অস্বীকার করেছেন পৌর প্রধান। গারুলিয়া পৌরসভার ৮ নম্বর ওয়ার্ডের অন্তর্গত কাঙালী ঘাট এলাকায় বিমল লাল ধরের বাড়িতে ৭০ বছরেরও বেশি সময় ধরে বসবাস করছে যাদব পরিবার। তিনি কেয়ারটেকার হিসাবে থাকেন। কিন্তু কাঙ্গালী ঘাটে এলাকায় গঙ্গা ভাঙনের ফলে ক্ষতিগ্রস্ত পরিবারের সদস্যদের রাখার জন্য সেই বাড়ি ফাঁকা করার জন্য হুমকি দেওয়া হচ্ছে বলে অভিযোগ জয়ন্ত যাদব এবং তার স্ত্রী সুমিত্রা যাদবের। তাদের অভিযোগ গারুলিয়া পৌরসভার পৌর প্রধান রমেন দাস এবং স্থানীয় পৌর প্রতিনিধি তাদের হুমকি দিচ্ছেন প্রাণের মারার। এই ঘটনায় এলাকায় চাঞ্চল্য ছড়িয়েছে। তদন্তে নেমেছে পুলিশ।

## করিমগঞ্জে নির্বাচন প্রক্রিয়ার প্রস্তুতি খতিয়ে দেখতে জেনারেল অবজারভারের বৈঠক

করিমগঞ্জ (অসম), ৫ এপ্রিল (হি.স.) : ৭ নম্বর করিমগঞ্জ লোকসভা আসনে নির্বাচন প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য ও নির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখতে জেলা আয়ুক্ত কার্যালয়ে শুক্রবার একটি বৈঠক অনুষ্ঠিত হয়। করিমগঞ্জ লোকসভা আসনের জেনারেল অবজার্ভার আইএএস আদিত্য কুমার আনন্দ এদিনের বৈঠক পরিচালনা করেন। বৈঠকে উপস্থিত ছিলেন করিমগঞ্জের রিটার্নিং অফিসার আইএএস মৃদুল যাদব, হাইলাকান্দির জেলাশাসক তথা অ্যাসিট্যান্ট রিটার্নিং অফিসার আইএএস গৌতম নিসার্গ হিভারে এবং করিমগঞ্জ ও হাইলাকান্দি জেলার সমস্ত সেল ইনচার্জ।এদিন করিমগঞ্জ ও হাইলাকান্দি দুই জেলার নির্বাচন আধিকারিকরা পোলিং স্টেশন, লজিস্টিক প্ল্যান, জোনাল ও সেক্টর প্ল্যান, এসভিইইপি, ভোটকর্মী প্রশিক্ষণ, স্ট্রং রুম, ভোটসামগ্রী বিতরণ, সুরক্ষা বাহিনী নিয়োগ প্রক্রিয়া, এক্সপেনডিচার মনিটরিং, কাউন্টিং ও পরিবহণ প্ল্যান ইত্যাদি বিষয় নিয়ে জেনারেল অবজার্ভারের সামনে তাঁদের বক্তব্য পেশ করেন।প্রয়োজনানুসারে বৈঠকে জেনারেল অবজার্ভারও তাঁর গুরুত্বপূর্ণ মতামত ব্যক্ত করে বক্তব্য পেশ করেছেন। বৈঠকের আগে জেনারেল অবজার্ভার করিমগঞ্জ জেলার ম্যাসকট 'কপি'-র প্রতিকৃতি উন্মোচন করেন। দুর্লভ প্রজাতির এই ল্যাঙ্গুরটি দোহালিয়া সংরক্ষিত বনাঞ্চলে পাওয়া যায়।

## গহিনা সিনহা

● আটের পাতার পর
পরিবেশন করা হয়। কৈলাসহরের নৃত্য শিল্পী তথা নৃত্যাঞ্জলি ডান্স একাডেমির শিক্ষিকা গহীনা সিনহা ভগবান শ্রীকৃষ্ণের দশবতার এবং বসন্ত বর্ণনা নৃত্য পরিবেশন করেন এবং জনগণের ভূয়সি প্রশংসা অর্জন করেন। গহীনা সিনহা কলকাতার বিশ্বভারতী থেকে মণিপুরী নৃত্যে স্নাতকোত্তর হওয়ার পর মণিপুর থেকে আচার্য্যে উপাধির জন্য পরীক্ষা দিয়েছেন। বর্তমানে কৈলাসহরের মতো জায়গা থেকে শিল্পীরা আন্তর্জাতিক স্তরে গিয়ে নিজেদের প্রতিভা পর্দশন করছে যেনে কৈলাসহরের আম জনতার মনে আনন্দের জোয়ার বইছে।গহনা সিনহার বাড়ি কৈলাসহরে বিদ্যানগরে। সে বিশ্ব ভারতী থেকে নৃত্যে স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেছে।

# াঙ্গন

## টি-২০ লীগ ক্রিকেটে হার্ভেকে হারিয়ে স্ফুলিঙ্গের জয় অব্যাহত

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। টানা দ্বিতীয় জয় পেয়েছে স্ফুলিঙ্গ। তবে তৃতীয় ম্যাচের মাথায় দ্বিতীয় জয়। প্রথম ম্যাচে জেসিসি-র কাছে ৪৫ রানে হারের পর, দ্বিতীয় ম্যাচে ব্লাডমাউথকে বারো রানে হারিয়ে প্রথম জয়ের স্বাদ পেয়েছিল। শুক্রবারে দ্বিতীয় জয় পেয়েছে হার্ভেকে ৮৩ রানে হারিয়ে। খেলা ছিল টিআইটি গ্রাউন্ডে বেলা একটায়। টিসিএ আয়োজিত সমীরন চক্রবর্তীর স্মৃতি টি-টোয়েন্টি ক্রিকেট টুর্নামেন্টের। টস জিতে হার্ভে প্রথমে বোলিং এর সিদ্ধান্ত নেয়। ব্যাটিং এর আমন্ত্রণ পেয়ে স্ফুলিঙ্গ নির্ধারিত ২০ ওভারে ৫ উইকেট হারিয়ে ১৬৯ রান সংগ্রহ করে। দলের পক্ষে সাগর শর্মার ৫৭ রান এবং শচীন শর্মার ৫৩ রান উল্লেখযোগ্য। সাগর ৩০ বল খেলে, ছটি বাউন্ডারি ও তিনটি ওভার বাউন্ডারি হাঁকিয়ে ৫৭ রান সংগ্রহ করে, দলের রান সুউচ্চ করার পাশাপাশি প্লেয়ার অফ দ্যা ম্যাচের খেতাবও পায়। জবাবে হার্ভে ব্যাট করতে নামলে ১৮.৪ ওভার খেলে ৮৬ রানে ইনিংস গুটিয়ে নিতে বাধ্য হয়। দলের পক্ষে বিশাল দেববর্মা সর্বাধিক ১৮ রান পায়। স্ফুলিঙ্গের শরীফ উদ্দিন ১৯ রানে তিনটি এবং বৈভব পাল ৬ রানে ও বিজয় রায় ৯ রানে দুটি করে উইকেট পেয়েছে।

## সমীরণ চক্রবর্তী স্মৃতি টি-টোয়েন্টি তে জয়ের হ্যাট্রিক ইউনাইটেড ফ্রেন্ডস-এর

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। লাগাতার তিন ম্যাচে জয়। অর্থাৎ জয়ের হ্যাটট্রিক ইউনাইটেড ফ্রেন্ডস-এর। সুপার ডিভিশন লিগে রানার্স-আপ খেতাব জয়ী ইউনাইটেড ফ্রেন্ডস পরপর দুই ম্যাচে যথাক্রমে সংহতিকে ২৭ রানে এবং ওল্ড প্লে সেন্টারকে ৬১ রানে হারানোর পর শুক্রবারে ১২৯ রানের বড় ব্যবধানে হারিয়েছে মৌচাক ক্লাবকে। খেলা ছিল পুলিশ ট্রেনিং একাডেমী গ্রাউন্ডে, বেলা একটায়। টি সি এ আয়োজিত টি-টোয়েন্টি ঘরোয়া ক্লাব লীগের। ম্যাচ শুরুতে টস জিতে ইউনাইটেড ফ্রেন্ডস প্রথমে ব্যাটিং এর সিদ্ধান্ত নিয়ে সীমিত ২০ ওভারে চার উইকেট হারিয়ে ১৫৬ রান সংগ্রহ করে। দলের পক্ষে অঙ্কিত প্রতাপ সিং এর ৭৬ রান, অভিজিৎ সরকারের ৩০ রান এবং রজত দে-র ২৯ রান উল্লেখযোগ্য। অঙ্কিত ৪৮ বল খেলে বারোটি বাউন্ডারি ও একটি ওভার বাউন্ডারি মেরে ৭৬ রান সংগ্রহ করে দলের স্কোর চ্যালেঞ্জিং করার পাশাপাশি প্লেয়ার অফ দ্যা ম্যাচের স্বীকৃতিও পায়। পাল্টা ব্যাট করতে নেমে মৌচাকের ইনিংস গুটিয়ে যায় ৬৭ রানে। ১৫.৪ ওভার খেলে। দলের পক্ষে গোবিন্দ শর্মা অপরাজিত ভূমিকায় সর্বাধিক ২৮ রান সংগ্রহ করলেও অন্যরা তেমন সঙ্গ দিতে পারেনি বলে লড়াকু চেহারা মাঝ পথে দুমড়ে যায়। ইউনাইটেড ফ্রেন্ডস-এর বিশাল ঘোষ ১৯ রানে ৪টি উইকেট তুলে নেয়। এছাড়া, প্রিন্স রানা ৮ রানে ও ঋত্বিক শ্রীবাস্তব ১৯ রানে দুটি করে উইকেট পেয়েছে।

## টি-২০ ক্লাব লিগে সংহতির কাছে কসমোপলিটনের বিজয় রথ থামলো

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। সংহতির সামনে জয় ধ্বজা নামাতে হলো কসমোপলিটনকে। টানা দুই ম্যাচে জয়ের পর তৃতীয় ম্যাচের মাথায় সংহতির কাছে পরাজয় স্বীকার। কসমোপলিটনের জন্য বিষয়টা তেমন সুখকর নয়। এই পরাজয়ের জন্য পরবর্তী সময়ে পয়েন্ট তালিকায় কসমোপলিটনকে কিছুটা হলেও ব্যাকফুটে থাকতে হবে। খেলা সমীরণ চক্রবর্তী স্মৃতি টি-টোয়েন্টি গ্রুপ লীগের। এমবিবি স্টেডিয়ামে সকাল সাড়ে আটটা-র ম্যাচ। টস জিতে কসমোপলিটন প্রথমে বোলিংয়ের সিদ্ধান্ত নিয়েই মনে হচ্ছে ভুল করেছে। কেননা প্রথমে ব্যাটিংয়ের সুযোগ কাজে লাগিয়ে সংহতি সীমিত ২০ ওভারে ১ উইকেট হারিয়ে ২০৬ রান সংগ্রহ করে নেয়। ওপেনার করন শাহ-র অনবদ্য শতরান দলের স্কোর সমৃদ্ধ করে তুলে। ৬২ বল খেলে ১১ টি বাউন্ডারি ও সাতটি ওভার বাউন্ডারি হাঁকিয়ে অপরাজিত ভূমিকায় ১১৫ রান সংগ্রহ করে প্লেয়ার অফ দ্যা ম্যাচের খেতাবও পেয়ে যায়। এছাড়াও অধিনায়ক শ্রীদাম পালের ৪৬ রান ও সম্রাট সূত্র ধরের ৩১ রান উল্লেখ করার মতো। জবাবে কসমোপলিটনের লড়াকু মেজাজ মোক্ষম জবাবে ব্যস্ত হলেও ৭ উইকেট হারিয়ে ১৯৭ রান সংগ্রহ করতেই নির্ধারিত২০ ওভার শেষ হয়ে যায়। দলের পক্ষে বিক্রম দেবনাথ দুর্দান্ত ৬৮ রান, ওপেনার সুজন আঠা ওয়ালে ৩৬ রান এবং শেষ দিকে তন্ময় ঘোষ অপরাজিত ২১ রান সংগ্রহ করে মোট ১৯৭ রানে ইনিংস শেষ করলে ৯ রানে হার স্বীকার করতে হয়। সংহতির চিরঞ্জিত পাল ২৭ শানে তিনটি উইকেট পেয়েছে।

## সমীরন চক্রবর্তীর স্মৃতি টি-২০ ক্রিকেটে শতদল-কে হারিয়ে জয়ে ফিরেছে চলমান

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। জয়ে ফিরেছে চলমান সংঘ। প্রথম ম্যাচে ছয় উইকেটে সংহতি ক্লাবের কাছে পরাজয়টা ভুলেই শুক্রবারে দ্বিতীয় ম্যাচে শতদল সংঘকে ৭ উইকেটের বড় ব্যবধানে পরাজিত করে জয়ে ফিরেছে। খেলা ছিল টিসিএ আয়োজিত সমীরণ চক্রবর্তী স্মৃতি টি-টোয়েন্টি ক্রিকেট টুর্নামেন্টের। টি আই টি গ্রাউন্ডে সকাল সাড়ে আটটায় ম্যাচ শুরুতে টস জিতে শত দল সংঘ প্রথমে ব্যাটিংয়ের সিদ্ধান্ত নেয়। নির্ধারিত ২০ ওভারে ৮ উইকেট হারিয়ে ১১৫ রান সংগ্রহ করে। দলের পক্ষে আনন্দ ভৌমিক সর্বাধিক ৩১ রান পায়। চলমান সংঘের দেবোত্তম ঘোষ ১৩ রানে এবং রকি ১৬ রানে দুটি করে উইকেট তুলে নিতেই শতদলের রানের গতি থমকে দাঁড়ায়। পাল্টা ব্যাট করতে নেমে চলমান সংঘ অনেকটা শ্বাসরুদ্ধকর ভাবেই একটিমাত্র ওভার বাকি থাকতে তিন উইকেট হারিয়ে জয়ের প্রয়োজনীয় রান সংগ্রহ করতে সক্ষম হয়। রঞ্জিত দেববর্মার ৩৮ রান এবং কৃষ্ণ কমল আচার্যের ৩৩ রান মূলতঃ জয় এনে দেয়। শতদলের দেবপ্রসাদ সিংহ দুটি উইকেট পেয়েছিল। কৃষ্ণ কমল একটি উইকেটও পেয়েছিল। স্বাভাবিক কারণে অলরাউন্ড পারফরম্যান্সের নিরিখে কৃষ্ণ কমলকে প্লেয়ার অফ দ্যা ম্যাচের খেতাব দেওয়া হয়েছে।

## ঐতিহাসিক ঘটনা : স্পোর্টস স্কুলের ডাইনিংয়ে ঢুকে খাবার পরীক্ষা করলেন রাজ্যপাল রেড্ডি

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। রাজ্য ক্রীড়া আঙ্গিনায় ঐতিহাসিক ঘটনা। রাজ্যপাল খোদ চলে গেলেন ত্রিপুরা স্পোর্টস স্কুলের ডাইনিং রুমে। শিক্ষার্থীদের খাবার পরিবেশকদের কাছ থেকে চেয়ে নিয়ে নিজে খেয়ে স্বাদ পরীক্ষা করলেন। সমস্ত প্রটোকলকে উর্ধে তুলে সার্বিক খোঁজখবর নিলেন স্পোর্টস স্কুলের। এমনকি সন্নিহিত অঞ্চলে বৈকালিক হাঁটতে আসা আবাল-বৃদ্ধ-বণিতার সঙ্গেও কথোপকথনে অংশ নিয়ে মতবিনিময় করেন। স্কুলের প্রতিটি ইভেন্টের শিক্ষার্থীরা কোথায়, কি পরিস্থিতিতে, কেমন ধরনের প্রশিক্ষণ নিচ্ছেন তাও সরেজমিনে দেখেন শুক্রবার।

আরক্ষা বিভাগীয় নিয়ম-নীতি অনুযায়ী লট বহর নিয়ে রাজ্যপাল এন ইন্দ্রসেনা রেড্ডি বাধারঘাটস্থিত ত্রিপুরা স্পোর্টস স্কুলে এবং বাধারঘাট স্টেডিয়ামের বিভিন্ন খেলাধুলার পরিবেশ ঘুরে ফিরে দেখেন। আগের থেকে কিছুটা জানাজানি ছিল বলে যুব কল্যাণ ও ক্রীড়া দপ্তরের উচ্চপদস্থ আধিকারিকরাও সঙ্গে ছিলেন। তবে সমস্ত প্রটোকলের উর্ধে উঠে এভাবে ত্রিপুরা স্পোর্টস স্কুল সামগ্রিক পর্যবেক্ষণ, এই প্রথম কোনও রাজ্যপাল সরেজমিনে পরিদর্শন করে একপ্রকার ইতিহাস গড়েছেন বলে ক্রীড়া মহল বিশেষভাবে আপ্লুত মনে করছেন। সামগ্রিক পর্যবেক্ষণের প্রেক্ষাপটে রাজ্যপালের নিজস্ব মন্তব্য কি? তা জানা যায়নি। তবে আধিকারিকদের পাশাপাশি সাধারণ লোকজনের সঙ্গে কথোপকথন দেখে তিনি অনেকটা খুশি এবং আনন্দিত বলেই মনে হয়েছে।

## সিনিয়র মহিলাদের ক্রিকেট আসরে আজ মৌচাক-লালবাহাদুর, এডি নগর-এগিয়ে চলো

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। আগামীকাল দুই মাঠে দুটি ম্যাচ। চার দলের খেলা। চারটি দলেরই নিজেদের তৃতীয় ম্যাচ। ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন আয়োজিত সিনিয়র মহিলাদের আমন্ত্রণ মূলক ৫০ ওভারের ক্রিকেট টুর্নামেন্ট। শুরু হয়েছে ২৭ মার্চ থেকে। ইতোমধ্যে টুর্নামেন্টের গ্রুপ লিগের খেলা মাঝামাঝি পর্যায়ে পৌঁছেছে। আগামীকাল টুর্নামেন্টের ৭ম দিনে বামুটিয়ার তালতলা স্কুল মাঠে মৌচাক কোচিং সেন্টার খেলবে লাল বাহাদুর ব্যায়ামাগারের বিরুদ্ধে।

মৌচাক তাদের প্রথম ম্যাচে চাম্পামুড়া কোচিং সেন্টারের কাছে ২ উইকেটে পরাজিত হয়েছিল। দ্বিতীয় ম্যাচে হেরেছে ব্লাড মাউথ এর কাছে ২৭৫ রানের ব্যবধানে। লাল বাহাদুর প্রথম ম্যাচে তরুণ সংঘের কাছে ৩০ রানে হারলেও দ্বিতীয় ম্যাচটি পরিত্যক্ত ঘোষণা হওয়ায় জুটমিলের সঙ্গে পয়েন্টের ভাগ পেয়েছে। মেলাঘরে শহীদ কাজল স্মৃতি ময়দানে আগামীকাল এ ডি নগর প্লে সেন্টার খেলবে এগিয়ে চলো সংঘের বিরুদ্ধে। এডি নগর প্লে সেন্টার নিজেদের প্রথম ম্যাচে ভগিনী নিবেদিতা মহিলা সমিতি দল কে পাঁচ উইকেটে এবং দ্বিতীয় ম্যাচে ক্রিকেট অনুরাগীকে ১০ উইকেটে পরাজিত করেছে। একই রকম এগিয়ে চলো সংঘ পরপর দুই ম্যাচে যথাক্রমে ক্রিকেট অনুরাগীকে এবং ভগিনী নিবেদিতা মহিলা সমিতির দলকে ১০ উইকেটের ব্যবধানে পরাজিত করে তালিকার শীর্ষে রয়েছে। দুই দলই আগামীকাল তৃতীয় জয় ছিনিয়ে জয়ের হ্যাট্রিক করতে চাইছে।

## অনূর্ধ ১৫ রাজ্য ক্রিকেট টুর্নামেন্ট শুরু আজ, সাত জেলায় সাত ম্যাচ

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। প্রস্তুতি পর্ব চূড়ান্ত। এবার অনূর্ধ ১৫ ক্রিকেটের পালা। আগামীকাল থেকে ত্রিপুরা ক্রিকেট অ্যাসোসিয়েশনের উদ্যোগে রাজ্যভিত্তিক অনূর্ধ ১৫ ক্রিকেট শুরু হচ্ছে। ঘোষিত ক্রীড়া সূচি অনুযায়ী অংশগ্রহণকারী দলগুলিকে চারটি গ্রুপে ভাগ করা হয়েছে। এ-গ্রুপের দলগুলি হলো সদর-বি, তেলিয়ামুড়া, আমবাসা, খোয়াই। বি-গ্রুপের দলগুলি হলো সদর-এ, বিশালগড় মোহনপুর, সোনামুড়া, জিরানিয়া। সি-গ্রুপের দলগুলি হল ধর্মনগর, কৈলাশহর, কমলপুর, লংতরাইভ্যালি, গন্ডাছড়া।

ডি-গ্রুপের দলগুলি হলো উদয়পুর, বিলোনিয়া, শান্তিরবাজার, অমরপুর, সাব্রুম। আগামীকাল সাত জেলার সাত মাঠে সাতটি ম্যাচ। ১৪টি দল মাঠে নামছে প্রথম দিনেই। তেলিয়ামুড়ায় সদর-বি দল খেলবে আমবাসার বিরুদ্ধে। রানিরবাজার ক্রিকেট মাঠে জিরানিয়া ও সদর-এ পরস্পরের মুখোমুখি হবে। বিশালগড়ে মোহনপুর খেলবে সোনামুড়ার বিরুদ্ধে। ধর্মনগরে লংতরাইভ্যালি ও ধর্মনগর পরস্পরের বিরুদ্ধে খেলবে। কৈলাশহরে কমলপুর ও কৈলাশহরের খেলা। উদয়পুরে সাব্রুম খেলবে উদয়পুরের বিরুদ্ধে। বিলোনিয়ায় শান্তিরবাজার ও বিলোনিয়া পরস্পরের মুখোমুখি হবে। ১৭ এপ্রিল পর্যন্ত গ্রুপ লীগের খেলা চলবে। চার গ্রুপের সেরা চার দল সেমিফাইনালে পৌছুবে। ২১ ও ২২ এপ্রিল হবে দুটি সেমিফাইনাল ম্যাচ। ফাইনাল ম্যাচ ২৪ ও ২৫ এপ্রিল, হবে দুই দিনের ম্যাচ।

## সমীরন স্মৃতি টি-টোয়েন্টি লিগে জয়নগর ক্লাবেরও জয়ের হ্যাটট্রিক

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। টানা তিন ম্যাচে জয় ছিনিয়ে জেসিসিও জয়ের হ্যাট্রিক করে নিয়েছে। পরপর দুই ম্যাচে যথাক্রমে স্ফুলিঙ্গকে ৪৫ রানে এবং হার্ভেকে ৭৭ রানে হারানোর পর শুক্রবারে ৮ উইকেটের বড় ব্যবধানে হারিয়েছে বনমালীপুর ক্রিকেট ক্লাবকে। খেলা ছিল পুলিশ ট্রেনিং একাডেমী গ্রাউন্ডে, সকাল সাড়ে আটটায়। টি সি এ আয়োজিত সমীরণ চক্রবর্তী মেমোরিয়াল টি-টোয়েন্টি ঘরোয়া ক্লাব লীগের। ম্যাচ শুরুতে টস জিতে বনমালীপুর ক্রিকেট ক্লাব তথা বিসিসি প্রথমে ব্যাটিং এর সিদ্ধান্ত নিয়ে ১৬.৫ ওভার খেলে ৫১ রানে ইনিংস গুটিয়ে নিতে বাধ্য হয়। দলের পক্ষে দীপঙ্কর ভাটনগর সর্বাধিক ১০ রান পায়।

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি

উন্নত মুদ্রণ

সাদা, কালো, রঙিন
নতুন ধারায়

রেণ্‌বো প্রিন্টিং ওয়ার্কস

জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন
প্রভুবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১
মোবাইল ঃ- ৯৪৩৬১২৩৭২০
ই-মেল ঃ rainbowprintingworks@gmail.com

# আইটি সেল ও সোশ্যাল মিডিয়ার কর্মীদের নিয়ে বৈঠক বিজেপির



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৫ এপ্রিল।।** হাতে মাত্র আর কয়েকটা দিন। সামনেই লোকসভা নির্বাচন। রাজ্যেও এ প্রস্তুতি চলছে জোর কদমে। প্রতিদিনই সাংগঠনিক স্তরে দফায় দফায় বৈঠক সারছে শাসক দল বিজেপি। শুক্রবার নির্বাচনকে সামনে রেখে বিজেপির আইটি সেল, সোশ্যাল মিডিয়া এবং ইনফ্লুয়েঞ্জারদের নিয়ে এক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। এদিনের এই সেমিনারে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী প্রফেসর ডক্টর মানিক সাহা, প্রদেশ সভাপতি রাজীব ভট্টাচার্য ও পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের বিজেপি প্রার্থী বিপ্লব কুমার দেব।এদিনের এই শঙ্খনাদ শীর্ষক অনুষ্ঠানে মূলত আসন্ন লোকসভা নির্বাচনে বিজেপির আইটি সেল এবং সোশ্যাল মিডিয়ার মাধ্যমে কিভাবে সাধারণ মানুষের কাছে আরো পৌঁছানো যায় সে বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে বলে জানিয়েছেন নেতৃত্বরা। বিজেপির জনকল্যাণমুখী কাজগুলি মানুষের মুঠোফোনে প্রতি জনগণের হাতের মুঠোয় পৌঁছে দেওয়াই মূল লক্ষ্য বলে জানান নেতৃত্বরা।

# পাঁচদিনের এন এস এস ক্যাম্প অনুষ্ঠিত রাজনগরে

**নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ৫ এপ্রিল।।** সমাজ সেবার অঙ্গ হিসেবে পাঁচদিন ব্যাপী এনএসএস- এর স্পেশাল ক্যাম্প জীবন ত্রিপুরা দ্বাদশমান বিদ্যালয়ে অনুষ্ঠিত হয়। উদ্বোধনী অনুষ্ঠানের সূচনা করেন রাজনগর গ্রাম পঞ্চায়েতের গ্রাম প্রধান অঞ্জনা নাথ। এছাড়া প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা পরিষদের সদস্যা সুনিতি নাথ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সুপ্তা পুরকাস্ত,(রিটায়ার্ড এ.এইচ.এম. জীবন ত্রিপুরা এইচএস স্কুল),সম্মানিত অতিথি এস এম সি চেয়ারপার্সন দেবাশীষ নাথ,সমাজসেবক কান্তি গোপাল নাথ, বাদল দে প্রমুখ।উক্ত অনুষ্ঠানের সভাপতিত্ব করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক বিজন কুমার দাস।সমাপ্তি দিনে এন এস এস এর উদ্যাগে এক রক্তদান শিবিরের আয়োজন করা করা হয়। প্রথমে রক্তদান করেন এন এস এস প্রোগ্রাম অফিসার উষা রানী নমঃ শির্কক সিদ্ধাথ ভট্টাচার্য ও শিক্ষিকা তাপসী ত্রিপুরা।এছাড়া এন এস এস ছাত্র তুষার নাথ বিপ্লব চন্দ্র নাথ সৌরভ নাথ প্রিয়াস কুমার নাথ ও প্রিয়া নাথ সহ ২৩ জন রক্ত দান করেন। রক্ত দান শিবিরে ৩জন মহিলা সহ মোট ২৩ জন রক্তদাতা রক্তদান করেন, যা ধর্মনগর সকল বিদ্যালয় স্থরে সর্বোচ্চ রক্তদান ছিল।

এই মহৎ রক্তদানে এগিয়ে এসেছিলেন এনএসএস ভলেন্টিয়ার সহ বিদ্যালয়ের একাংশ শিক্ষক - শিক্ষিকা, এক্স স্টুডেন্ট এবং সমাজ সেবীরা। তাছাড়া এই অনুষ্ঠানের সার্বিক পরিচালনায় বিশেষভাবে সহযোগিতা করেন বিদ্যালয়ের শিক্ষক মান্না কুমার রায়, সিদ্ধার্থ ভট্টাচার্যী ও প্রজলাল নাথ।তাছাড়া এনএসএস এর প্রোগ্রাম অফিসার তথা এই গোটা অনুষ্ঠানের আয়োজক ঊষা রানী নমঃ বিশেষ আলোচনার মধ্য দিয়ে জানান যে ২০২২ সালে প্রথম এন এস এস ক্যাম্প শুরু হয়েছে জীবন ত্রিপুরা দ্বাদশ মান বিদ্যালয়ে। এবছর অথাৎ ২০২৪ সালে বিদ্যালয় কতৃপক্ষ প্রথমবার এন এস এস ছাত্রদের নিয়ে বিশেষ ক্যাম্প শুরু করেছে। তারমধ্যে উল্লেখযোগ্য দিক হলো রক্ত দান শিবির। এই রক্তদান শিবিরে বিদ্যালয়ের শিক্ষক ও ছাত্ররা অংশগ্রহন করেন। বিদ্যালয়ের কতৃপক্ষের উদ্যাগে এবছর জীবন ত্রিপুরা দ্বাদশ মান বিদ্যালয়ে সাড়া জাগানো এনএসএস ক্যাম্প অনুষ্ঠিত হয়।

# দশরথ দেব স্পোর্টস কমপ্লেক্স পরিদর্শনে রাজ্যপাল



**আগরতলা, ৫ এপ্রিল।।** রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ সন্ধ্যায় বাধারঘাটস্থিত দশরথ দেব স্পোর্টস কমপ্লেক্সটি পরিদর্শন করেন। সেখানে রাজ্যপালকে স্বাগত জানান যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের অধিকর্তা এস বি নাথ।

রাজ্যপাল কমপ্লেক্সের ট্র্যাক অ্যাণ্ড ফিল্ড গ্রাউণ্ড, হকি মাঠ, টেনিস কোর্ট, টেনিস সেন্টার, হ্যাণ্ডবল কোর্ট, ইণ্ডোর জিমন্যাসিয়াম, রাইমা সুইমিং পুল পরিদর্শন করেন। সেখানে পরিদর্শনকালে রাজ্যপাল শিক্ষক, কোচ, স্পোর্টস স্কুলের আধিকারিক এবং ছাত্রছাত্রীদের সঙ্গে কথাবার্তা বলেন। সেখানে সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে রাজ্যপাল এই সেন্টারে যে সমস্ত সুযোগ সুবিধা রয়েছে তার সঠিকভাবে কাজে লাগানোর জন্য খেলাধুলার সঙ্গে যারা যুক্ত তাদের প্রতি আহ্বান জানিয়েছেন। রাজ্যপালের পরিদর্শনের সময় স্পোর্টস কমপ্লেক্সে উপস্থিত ছিলেন রাজ্যপালের উপসচিব রতন ভৌমিক এবং যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের আধিকারিকগণ।

# লোকসভায় বিজেপি মনোনীত প্রার্থীর জয় নিশ্চিত শুধু সময়ের অপেক্ষা: মন্ত্রী সুধাংশু

**নিজস্ব প্রতিনিধি, কুমারঘাট, ৫ এপ্রিল।।** লোকসভা বিজেপি মনোনীত প্রার্থীর জয় নিশ্চিত শুধু সময়ের অপেক্ষা। আজ পূর্ব ত্রিপুরা লোকসভা আসনে ভারতীয় জনতা পার্টির মনোনীত প্রার্থী মহারাণী কৃতি দেবী দেববর্মণ সমর্থনে আজ ফটিকরায় মন্ডলের অন্তর্গত বিলাসপুর ১ নং বুথে বাড়ি বাড়ি জন সম্পর্ক অভিযানে অংশগ্রহণ করেছেন মন্ত্রী সুধাংশু দাস।এদিন দলীয় কার্যকর্তাদের সঙ্গে নিয়ে বাড়ি বাড়ি জন সম্পর্ক অভিযানে অংশগ্রহণ করেছেন তিনি।এদিন তিনি বলেন, জনগণের স্বতঃস্ফূর্ত উচ্চাস উদ্দীপনা জানান দিচ্ছে লোকসভা বিজেপি মনোনীত প্রার্থীর জয় নিশ্চিত শুধু সময়ের অপেক্ষা। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নীতি, আদর্শে অনুপ্রাণিত হয়ে দলে দলে জনগণ বিজেপিকে বিপুল ভোটের ব্যবধানে জয়ী করার জন্য এগিয়ে এসেছেন।

# ফাঁসিতে আত্মহত্যা গৃহবধূর

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৫ এপ্রিল।।** নিজ বাড়িতেই ফাঁসিতে আত্মহত্যা করল এক গৃহবধূ। মৃত গৃহবধূর নাম রিনা রানী দাস(৩৫)। তার এক ছেলে ও এক মেয়ে রয়েছে। ঘটনাটি ঘটেছে এনসিসি থানার অন্তর্গত দুর্জয়নগর এলাকায়। জানা যায় রিনা রানী দাসের স্বামীএইদিন সকালে মেয়েকে নিয়ে গৃহ শিক্ষকের বাড়িতে যান। ছেলেও বাড়িতে ছিল না।

কিছুক্ষণ পর মহিলার ছেলে বাড়িতে ছুটে গিয়ে দেখতে পায় ঘরের ভেতরে ফাঁসিতে ঝুলছে তার মা। তড়িঘড়ি তাকে উদ্ধার করে জিবিপি হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা রিনা রাণী দাসকে মৃত বলে ঘোষণা করে। ঘটনায় কান্নায় ভেঙে পড়েন তার পরিজনেরা।

## স্কুলছাত্রীকে তুলে নিয়ে গিয়ে গণধর্ষণের অভিযোগে গ্রেফতার ৫

বারাবনি ও আসানসোল, ৫ এপ্রিল (হি. স.) : আসানসোলের বারাবনি থানা এলাকায় বাড়ির সামনে থেকে স্কুলছাত্রীকে তুলে নিয়ে গিয়ে গণধর্ষণের অভিযোগ উঠল ৭ যুবকের বিরুদ্ধে। ঘটনাটি ঘটেছে বৃহস্পতিবার রাতে। এই ঘটনায় ৫ অভিযুক্তকে গ্রেফতার করেছে পুলিশ। এই ঘটনার প্রতিবাদে শুক্রবার বারাবনি থানায় বিক্ষোভ দেখান স্থানীয় লোকজন। বাকি অভিযুক্তদেরও অবিলম্বে গ্রেফতারের দাবি জানানো হয়েছে।জানা গেছে, ১৫ বছর বয়সি ওই কিশোরী নবম শ্রেণির ছাত্রী। সে বৃহস্পতিবার রাতে বাড়ির সামনে শৌচাগারে গিয়েছিল। সেই সময় সেখান থেকে তাকে তুলে নিয়ে যায় অভিযুক্তরা। এরপর তাকে ধর্ষণ করা হয় বলে অভিযোগ। কিশোরী বাড়ি না ফেরায় তার খোঁজ শুরু করেন পরিবারের লোকজন।

# সুস্থ হয়ে রাজ্যে ফিরলেন কল্যাণপুরের বিজেপি বিধায়ক

**নিজস্ব প্রতিনিধি, কল্যাণপুর, ৫ এপ্রিল।।** দুর্ঘটনায় আহত হয়ে রাজ্য এরপর বহিরাজ্যে চিকিৎসাধীন থাকার পর অবশেষে শুক্রবার রাজ্যে ফিরে এসেছেন কল্যাণপুর প্রমোদনগর কেন্দ্রের বিধায়ক পিনাকী দাস চৌধুরী। ৫ই এপ্রিল বিধায়ক পিনাকী দাস চৌধুরী ফিরবেন এই খবরে বিগত বেশ কয়েকদিন ধরেই কল্যাণপুর প্রমোদনগর বিধানসভা কেন্দ্রের প্রায় প্রতিটা প্রান্তর আলোরিত হয়ে ওঠে। বিভিন্ন স্তরের দলীয় কর্মী সমর্থক থেকে শুরু করে অনুগামী এবং একটা বিরাট সংখ্যক সাধারণ মানুষরা প্রিয় বিধায়ককে স্বাগত জানাতে আজ সকাল থেকেই আগরতলা বিমানবন্দর মুখী হতে থাকেন।

দুপুর একটার কিছু পরে মহারাজা বীর বিক্রম আন্তর্জাতিক বিমানবন্দরের নির্দিষ্ট জায়গা দিয়ে যখন হুইল চেয়ারে বসে বিধায়ক পিনাকী দাস চৌধুরী আসছিলেন তখন কল্যাণপুরের বিপুল সংখ্যক জনতা তুমুল উচ্ছ্বাসে ফেটে পড়েন, মুহুর্মুহু স্লোগান আর আনন্দ ধ্বনির বহিঃপ্রকাশে একসময় তিল ধরনের জায়গা থাকেনি বিমানবন্দর চত্বরে। বিভিন্ন স্তরের কর্মী সমর্থকেরা প্রিয় বিধায়ককে কাছে পেয়ে উত্তরীয় পুষ্প স্তবক সহ নিজেদের আবেগ দিয়ে স্বাগত জানান।

অন্যান্যদের মাঝে বামুটিয়া বিধানসভা কেন্দ্রের প্রাক্তন বিধায়ক কৃষ্ণধন দাস, কল্যাণপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সোমেন গোপ, বিজেপি দলের খোয়াই জেলা কমিটির অন্যতম নেতৃত্ব জয়ন্ত সাহা, কল্যাণপুর মন্ডল এর অন্যতম নেতৃত্ব চয়ন রায়, সরস্বতী দেবনাথ প্রমুখ উপস্থিত ছিলেন।

সংক্ষিপ্ত পরিসরে নিজের অভিমত প্রকাশ করতে গিয়ে রাজ্যের প্রাক্তন বিধায়ক কৃষ্ণ ধনদাস দাবি করেছেন যেভাবে নিজেদের প্রিয় বিধায়ককে স্বাগত জানাতে গোটা কল্যাণপুর আগরতলা আন্তর্জাতিক বিমানবন্দরে গিয়ে পৌঁছেছেন তার নিরিখে তিনি নিশ্চিত কল্যাণপুরের ক্ষেত্রে বিধায়ক শ্রী দাস চৌধুরী বিকাশ পুরুষ হিসেবে পরিগণিত হয়ে চলেছেন। তিনি আশাবাদী আগামী কিছুদিনের মধ্যে বিধায়ক শ্রী দাস চৌধুরী পূর্ণ সুস্থ হয়ে সাধারণ মানুষের সেবায় নিজেকে নিয়োজিত করবেন। এখানে উল্লেখ করা প্রয়োজন সাম্প্রতিক অতীতে দলীয় কাজে কল্যাণপুর থেকে আগরতলা যাওয়ার পথে চম্পকনগর এলাকাতে ভয়াবহ যান দুর্ঘটনার শিকার হয়ে বিধায়ক পিনাকী দাস চৌধুরী সহ উনার গাড়ির চালক এবং দেহরক্ষী আহত হয়েছিলেন। পরবর্তী সময়ে গাড়ির চালক এবং দেহরক্ষী সুস্থ হয়ে বাড়িতে চলে গেলেও বিধায়ককে কলকাতায় চিকিৎসিত হতে হয়েছে এবং শরীরে একাধিক অস্ত্রোপচারের পর আজ রাজ্যে পদার্পণ করেছেন। শেষে বিধায়কের কনভয় কল্যাণপুরে আসে বিকেলে। প্রিয় মানুষকে দেখতে সাধারন জনগনের উচ্ছ্বাস কল্যাণপুরে।

# বিশেষ সম্মান পেলেন নৃত্যশিল্পী গহিনা সিনহা

**নিজস্ব প্রতিনিধি, কৈলাসহর, ৫ এপ্রিল।।** শ্রী শ্রী রাধামাধব জিউ সেবা সমিতির ১৪৪ তম বার্ষিক অধিবেশন অনুষ্ঠিত হয় বাংলাদেশের কমলগঞ্জ উপজেলার তিলকপুর গ্রামে। বার্ষিক অধিবেশনে ত্রিপুরার কৈলাসহরের বিদ্যানগরের বাসিন্দা বিশ্ব ভারতী থেকে নৃত্যে স্নাতকোত্তর ডিগ্রি অর্জনকারী গহীনা সিনহা বিশেষ সম্মানের অধিকারী হয়েছেন।ভারতবর্ষ তথা পৃথিবীর বুকে জনসংখ্যার দিক দিয়ে অতি ক্ষুদ্র জাতিগোষ্ঠী বিষ্ণুপ্রিয়া মণিপুরী। সংখ্যাতত্ত্বের দিক দিয়ে কম হলেও এ জাতিগোষ্ঠীর মধ্যে ধর্মীয় ভাবাবেগ প্রবল। এই জাতিগোষ্ঠীর লোকেরা যোগল মূর্তি অর্থাৎ রাধাকৃষ্ণের উপাসক।তারই অঙ্গ হিসেবে শ্রী শ্রী রাধামাধব জিউ সেবা সমিতির ১৪৪ তম বার্ষিক অধিবেশন অনুষ্ঠিত হয় বাংলাদেশের কমলগঞ্জ উপজেলার তিলকপুর গ্রামে। এই অধিবেশনে ভারতের বিভিন্ন প্রান্ত থেকে প্রায় তিন শতাধিক ভক্ত উক্ত অধিবেশনে অংশগ্রহণ করতে গিয়েছেন বলে জানা যায়। তিনদিন ব্যাপী আয়োজিত অনুষ্ঠানে বিভিন্ন কর্মসূচির পাশাপাশি সঙ্গীতানুষ্ঠান এবং নৃত্য ☞ ৬ এর পাতায় দেখুন

# প্রকাশকদের মধ্যে বই বিতরণ করল এসসিইআরটি

**নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ৫ এপ্রিল।।** যাবতীয় জল্পনা-কল্পনার অবসান ঘটিয়ে মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপে অবশেষে ত্রিপুরা বুক সেলারি এন্ড পাবলিশার্স এর হাতে নবম ও দশম শ্রেণীর যাবতীয় বই তুলে দিল রাজ্য সরকার। এসসিইআরটি নবম ও দশম শ্রেণীর বই বিভিন্ন পাবলিকেশনের মালিকদের মধ্যে বিতরণ করে দেওয়া হল।

ধর্মনগরের ইন্সপেক্টর অফ স্কুল অফিসে এক সংক্ষিপ্ত অনুষ্ঠানের মধ্য দিয়ে ধর্মনগর পুর পরিষদ এবং কালাছড়া আর ডি ব্লকের বইগুলি বিতরণ করে দেওয়া হল ইন্সপেক্টর অফ স্কুলের স্টোর রুম থেকে। জানা গেছে, মোট ৪ লক্ষ ৬৩ হাজার ৩১৬ টাকার বই বিতরন করে দেওয়া হয়েছে। শুধুমাত্র বাংলা মিডিয়াম ছাত্রছাত্রীদের জন্য এই বই বিতরণ করা হলো। মোট ৬২টি বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মধ্যে এই বইয়ের প্রয়োজনীয়তা রয়েছে। বৃহস্পতিবার সন্ধ্যার পর থেকে ধর্মনগর এবং তার আশপাশের বিভিন্ন লাইব্রেরীতে নবম ও দশম শ্রেণীর সমস্ত ধরনের বই পাওয়া যাচ্ছে বলে পাবলিশার্সদের পক্ষ থেকে বলা হয়েছে। ধর্মনগর ইন্সপেক্টর অফ স্কুলের পক্ষ থেকে প্রথম থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত বিভিন্ন ধরনের পাঠ্যপুস্তক বিনামূল্যে তিন এপ্রিল থেকে বিলি করার কাজ চলছে।

ইতিমধ্যে ২৫ টি বিদ্যালয়ে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিলির কাজ সম্পন্ন হয়েছে বলে দপ্তরের পক্ষ থেকে জানানো হয়েছে। উল্লেখ্য ইংরেজি মাধ্যমের বইগুলি অর্থাৎ নবম ও দশম শ্রেণীর জন্য নির্ধারিত পাঠ্যপুস্তক ইংরেজি মাধ্যম স্কুলগুলিতে ইতিমধ্যেই রয়ে গেছে তাই এখন শুধুমাত্র বাংলা মাধ্যমের বই বিতরণ করা হলো। ২০২৪ শিক্ষাবর্ষ চালু হয়ে গেলেও বইয়ের জন্য অনেক মেধাবী ছাত্র-ছাত্রী তাদের পড়াশুনা শুরু করতে পারেনি এই বইবিলির ফলে যে প্রতিবন্ধকতা ছিল তার অবসান হলো বলে জানিয়েছে উত্তর বিক্রেতা সংস্থার সভাপতি এবং সম্পাদক।

# ফের বিপুল পরিমাণ নেশা সামগ্রী উদ্ধার করল পুলিশ

**নিজস্ব প্রতিনিধি, কুমারঘাট, ৫ এপ্রিল।।** অবৈধভাবে বিলেতি মদ নিয়ে যাওয়ার সময় পুলিশ ও টিএসআর বাহিনীর হাতে আটক হল অর্ধ লক্ষাধিক টাকার বিলেতি মদ। এব্যাপারে একটি মামলা গৃহীত হয়েছে।ঘটনার বিবরণে জানা যায়, কুমারঘাট থানার নাকা পয়েন্টের সামনে তল্লাশি চালিয়ে উদ্ধার হয় ৫৫ হাজার টাকার বিলেতি মত। প্রত্যেক দিনের ন্যায় কুমারঘাট থানার পুলিশ ও টিএস আর বাহিনীর যৌথ প্রয়াসে থানার নাকা পয়েন্টের সামনে আসা-যাওয়া গাড়িতে তল্লাশি চালানো হয়। বৈধ কাগজ পত্র না থাকলে জরিমানা করা হয়। এছাড়াও তল্লাশি চালিয়ে অবৈধ জিনিস বহনকারী গাড়িকে আটক করে অবৈধ জিনিসগুলিকে বাজেয়াপ্ত করা হয়।

বৃহস্পতিবার কুমারঘাট থানার ওসি নন্দন সাহার নেতৃত্বে গাড়ি তল্লাশিতে বসে কুমারঘাট থানার পুলিশ। সেখান থেকে তল্লাশীর মধ্য দিয়ে একটি অলটো গাড়ি থেকে উদ্ধার হয় ২৮৮ বোতল বিলেতি মদ। আটক করা হয় গাড়ি চালককে। ওসি জানান উদ্ধারকৃত বিলিতি মদের বাজার মূল্য আনুমানিক ৫৫লক্ষ টাকা হবে। মাদকদ্রব্য পাচারকারী গাড়ি ছাড়াও ধলাই জেলার মনু থানাধিন করমছড়ার বাসিন্দা হরির দেববর্মার ছেলে(৩৫) এর সুকুমার দেববর্মাকে আটক করতে সক্ষম হয় পুলিশ। পাচারকার্যে ব্যবহৃত অলটো গাড়িটিও বাজেয়াপ্ত করেছে পুলিশ। এ মর্মে মাদক বিরোধী আইনে একটি মামলা হাতে নিয়েছে কুমারঘাট থানা।

# ঈদ উপলক্ষে বাংলাদেশ-ভারত মৈত্রী সমিতির খাদ্যসামগ্রী বিতরণ

মনির হোসেন,ঢাকা,এপ্রিল ৫।। ভারত ও বাংলাদেশের জনগণের ভ্রাতৃত্বের সম্পর্ককে আরও জোরদার করতে ঈদুল ফিতর উপলক্ষে নিম্ন আয়ের পরিবারের মাঝে খাদ্যসামগ্রী বিতরণ করেছে বাংলাদেশ-ভারত মৈত্রী সমিতি। শুক্রবার (৫ এপ্রিল) বাংলাদেশের নীলফামারী জেলার কিশোরগঞ্জ উপজেলার ডাকবাংলো মাঠে খাদ্যসামগ্রী বিতরণ অনুষ্ঠান আয়োজিত হয়। এ সময় ছিলেন বাংলাদেশ ভারত মৈত্রী সমিতির সাধারণ সম্পাদক শ্রী নারায়ণ সাহা মনি, কোষাধ্যক্ষ শেখ আব্দুল মান্নান, প্রচার ও প্রকাশনা সম্পাদক সাইফুল্লাহ আল মামুন। খাদ্য সামগ্রী বিতরণের অনুষ্ঠানের সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন মৈত্রী সমিতির নির্বাহী সদস্য ও নীলফামারী জেলা পরিষদের সদস্য ইসরাত জাহান পল্লবী। সার্বিক সহযোগিতায় ছিলেন গণমান্য ব্যক্তিবর্গ ও স্থানীয় নেতারা।

# ভোট প্রচারে রামনগরে মুখ্যমন্ত্রীর পদযাত্রা



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৫ এপ্রিল:** লোকসভা নির্বাচনের পাশাপাশি রামনগর উপনির্বাচনকে সামনে রেখে ভোট প্রচারে ঝড় তুলছে শাসক দল বিজেপি।এরই অঙ্গ হিসেবে বিজেপি মনোনীত প্রার্থী সমর্থনে মুখ্যমন্ত্রী অধ্যাপক (ডাঃ) মানিক সাহা আজ রামনগরে পদযাত্রায় অংশগ্রহণ করেছে। এদিনের পদযাত্রাটি রামনগর বিধানসভা কেন্দ্রের জয়পুর এলাকা থেকে শুরু হয়ে বিভিন্ন পথ পরিক্রমা করে। এই পদযাত্রাকে কেন্দ্র করে স্থানীয় লোকজনদের উপস্থিতি এবং উৎসাহ ছিল লক্ষণীয়।ভোট প্রচারে বের হয়ে সাংবাদিকদের মুখোমুখি হয়ে বলেন, ভারতীয় জনতা পার্টি নেতৃত্বাধীন সরকারের উন্নয়নমূলক কর্মসূচিতে রামনগরবাসীর সন্তোষ। প্রয়াত বিধায়ক সুরজিৎ দত্তের স্থান কখনো পূরণ করা যাবে না। তবে আগামিদিকে কাজের নিরিখে রামনগরবাসীর মন জয় করবে বিজেপি মনোনীত প্রার্থী দীপক মজুমদার বলে আশা ব্যক্ত করলেন তিনি।

# বিজেপি, তিপ্রা মথা এবং আইপিএফটির যৌথ নির্বাচনী কার্যালয়ের উদ্বোধন

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৫ এপ্রিল।।** আজ মোহনপুর বিধানসভার লেফুঙ্গা বাজারে বিজেপি, তিপ্রা মথা এবং আইপিএফটির যৌথ নির্বাচনী কার্যালয়ের উদ্বোধন করেছেন বিদ্যুৎ মন্ত্রী রতন লাল নাথ। তাছাড়া, এদিন এক যৌথভাবে সুবিশাল বাইক মিছিলের আয়োজন করা হয়েছে। মিছিলের মাধ্যমে মোহনপুর মন্ডলের অধীন জনজাতি অধ্যুষিত এলাকা লেফুঙ্গার মানুষদের মধ্যে নির্বাচনী জাগরণ সৃষ্টি করে এক গেরুয়া আবহাওয়া তৈরি হয়েছে। বাইক মিছিলে মন্ত্রীর সঙ্গে এডিসির কার্যনির্বাহী সদস্য রুনীয়েল দেববর্মা সহ বিজেপি, মথা এবং আইপিএফটির কার্যকর্তা এবং সমর্থকেরা অংশ নিয়েছেন। এদিনের মিছিলটি গামছাকোবরাতে গিয়ে শেষ হয়েছে। আজ সকালে লেফুঙ্গা বাজারে নির্বাচনী কার্যালয়ের উদ্বোধন শেষে এখানকার জনগণের সঙ্গেও নির্বাচন সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা করেছেন মন্ত্রী এবং সরকারের উন্নয়নমূলক কর্মসূচি তুলে ধরেছেন।

# বাংলাদেশের বান্দরবানে অপহৃত সোনালী ব্যাংক ম্যানেজার ফিরলেন পরিবারের কাছে

মনির হোসেন,ঢাকা,এপ্রিল ৫।। বাংলাদেশের বান্দরবানের রুমায় অপহৃত সোনালী ব্যাংকের ম্যানেজার নেজাম উদ্দিনকে তার পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে। শুক্রবার (৫ এপ্রিল) সকাল ১১টার দিকে পার্বত্য জেলা পরিষদ সম্মেলন কক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে এ তথ্য জানান র‍্যাবের আইন ও গণমাধ্যম শাখার পরিচালক কমান্ডার খন্দকার আল মঈন। খন্দকার আল মঈন বলেন, সোনালী ব্যাংকের বান্দরবানের রুমা শাখার ম্যানেজার নেজাম উদ্দিনকে অপহরণের পর থেকেই উদ্ধার অভিযান শুরু করে র‍্যাব। এরই ধারাবাহিকতায় দুর্গম পাহাড়ি এলাকা থেকে নেজাম উদ্দিনকে উদ্ধার করা হয়েছে। পরে তাকে পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে। তিনি আরও বলেন, রুমা-থানচিতে ব্যাংক ডাকাতি, অস্ত্র লুট ও হামলার ঘটনা মূলত সক্ষমতা জানান দিতে করেছে কেএনএফ। বান্দরবানে বেশ কয়েকটি আঞ্চলিক সংগঠন রয়েছে। তাদের মধ্যে শ্রেষ্ঠতা, উত্তরসূরিদের অনুপ্রেরণা ও বহির্বিশ্বে তাদের সহযোগীদেরকে সংগঠনটির সক্ষমতা জানান দিতেই রুমা-থানচিতে এমন ঘটনা ঘটানো হয়েছে। এর সঙ্গে জড়িতদের বিরুদ্ধে অভিযান ও পুলিশের পক্ষ থেকে মামলার কার্যক্রম চলছে। সংবাদ সম্মেলন শেষে র‍্যাবের হেফাজতে থাকা রুমা সোনালী ব্যাংকের ম্যানেজার নেজাম উদ্দিনকে গনমাধ্যমকর্মীদের সামনে হাজির করা হয়। এ সময় সংশ্লিষ্ট সবার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন নেজাম উদ্দিন ও তার পরিবারের সদস্যরা।উল্লেখ্য, গত মঙ্গলবার রাতে সোনালী ব্যাংকের রুমা শাখার ম্যানেজার নেজাম উদ্দিনকে অপহরণ করে পাহাড়ি সন্ত্রাসীদের সশস্ত্র সংগঠন কুকি চিন ন্যাশনাল ফন্টের (কেএনএফ) একটি দল। এ সময় সোনালী ব্যাংকের রুমা শাখায় ভল্টে থাকা ১ কোটি ৫৯ লাখ টাকা লুট করার চেষ্টা করে ব্যর্থ হয় তারা। তবে তারা পুলিশ ও আনসার সদস্যদের ১৪টি অস্ত্র ও ৪১৫টি গুলি লুট করে নিয়ে যায়। অপহরণের প্রায় দুই দিন পর বৃহস্পতিবার র‍্যাবের মধ্যস্থতায় ব্যাংক ম্যানেজার নেজাম উদ্দিনকে উদ্ধার করা হয়। বৃহস্পতিবার সন্ধ্যায় রুমা উপজেলার বেথেল পাড়া দিয়ে তাকে উদ্ধার করে নিয়ে আসা হয়। আজ তাকে পরিবারের কাছে ফিরিয়ে দিল র‍্যাব।

# লোকসভা নির্বাচনের মুখে কংগ্রেস দলে ধ্বস, বর্মন পরিবারের বিরুদ্ধে কামন দাগিয়ে দল ছাড়লেন দুইশত পরিবার

**নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ৫ এপ্রিল।।** লোকসভা নির্বাচনের মুখে কংগ্রেস দল ছাড়লেন ২০০ পরিবার। কংগ্রেস দলে এবার রক্তক্ষরনের দুঃসংবাদটি এসেছে পূর্ব ত্রিপুরা সংসদীয় আসনের বাগবাসা বিধানসভা কেন্দ্র থেকে। প্রায় দুইশত পরিবার সাংবাদিক সম্মেলন করে দল ছাড়ার ঘোষণা দিয়েছে।

আজ সন্ধ্যায় প্রাক্তন প্রদেশ কংগ্রেস কমিটির সম্পাদক কান্তি লাল ধরের বাস ভবনে প্রথমে এলাকার কংগ্রেস নেতা কর্মীদের নিয়ে এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে রাজ্য রাজনীতির খুটি নাটি বিষয়গুলি নিয়ে আলোচনা করা হয়। উপস্থিত প্রায় প্রত্যেক নেতা কর্মী বর্তমান প্রদেশ কংগ্রেস কমিটির ভূমিকা নিয়ে বিস্তারিত আলোচনা করে হতাশা ব্যক্ত করে।

সাংবাদিক সম্মেলনে কান্তিলাল ধর, বিধাশ শর্মা, অনিমা নাথরা কংগ্রেস দল ছাড়ার প্রকাশ্য ঘোষনা করে। দলত্যাগীদের নেতা শেখর ধর বলেন যারা বিভিন্ন দল ঘুরে কংগ্রেস দলে এসেছেন। তারাই এখন মস্ত বড় নেতা। যারা দুর্দিনের কর্মী ছিল তারা আজ পেছনে চলে গিয়ে গুরুত্বহীন হয়ে পড়েছে। যারা ১৯৭৭সাল থেকে কংগ্রেসকে পেছন থেকে ছুরি মেরেছে তারাই এখন দলের মূল কান্ডারী। তারাই এখন কংগ্রেস দলকে একটি বাণিজিক প্রতিষ্ঠানে পরিনত করছে।

এই নেতৃত্ব দিয়ে কোনভাবেই রাজ্যে সরকার পরিবর্তন করা সম্ভব নয়। সিপিএম দলের দীর্ঘ দিনের অপশাসনের ফলেই বিজেপি নামক দলটি ক্ষমতায় এসেছে। আর কংগ্রেস সিপিএম দলের সাথে হাত করে পূর্ব ত্রিপুরা আসনে কংগ্রেসের হাত প্রতীককেই বিলীন করে দিয়েছে। বর্তমান প্রদেশ কংগ্রেস কমিটির বিরুদ্ধে তীব্র ভাবে কামান দাগানো হয় এদিন। যাদের নেতৃত্বে আজ দুইশত কংগ্রেস পরিবার দলছাড়ার ঘোষণা করেছে সাংবাদিক সম্মেলনে তাঁদের নাম প্রকাশ করা হয়। নেতৃত্বদের মধ্যে রয়েছেন জিতেন্দ্র কুমার ধর, শিল্পী ভট্টাচার্য, কৌশিক শর্মা,চিত্ত ঘোষ, লক্ষ্মী কর্মকার, সুলতান আহমেদ, অনিতা গোস্বামী, অ র্পনা গোস্বামী, মনসদ আহমেদ, বিধান শর্মা সহ প্রমুখরা। তবে আজ দল ত্যাগ করলে ও নতুন কোন দলে যোগদান করবে কিনা সে বিষয়ে কিছুই ঘোষণা করা হয়নি।

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।